এক অঙ্গে এত রূপ

এক অঙ্গে এত রূপ

অচিন্ত্যকুমার সেনগুপ্ত

নাভানা

৪৭ গণেশচন্দ্র অ্যাভিনিউ, কলকাতা ১৩

প্রকাশক : শ্রীসোরেক্সনাথ বস্থ নাভানা ৪৭ গণেশচন্দ্র অ্যাভিনিউ, কলকাতা ১৩

প্রচ্ছদশিল্পী: শ্রীবিনয় সাহা

প্রথম প্রকাশ : চৈত্র ১৩৬৫, মার্চ ১৯৫৯

মৃদ্ৰক: শ্ৰীগোপালচক্ৰ রায় নাভানা প্রিণ্টিং ওআর্কস প্রাইভেট লিমিটেড ৪৭ গণেশচক্র অ্যাভিনিউ, কলকাতা ১৩

স্চী

দর	•	•	•	٩
শোধ	٠	•	•	ಅಂ
শ্বেয়সী	•	•	•	42
শি ড়ি	•		•	93
মূণা	•		•	৮২
আদ্ৰাণ			•	>•8
জন্মান্ধ				252

দ র

'কত নেবে ?'

আমূল চমকে উঠেছিল রমলা।

কিন্তু, একমূহূর্ত ভেবে দেখল, প্রসন্থটা অন্তর্যকম। প্রসন্থটা অন্তর্যকম ব'লে ভয়ের কারণ কি অল্প? কই থাক-যাক চেঁচিয়ে উঠল নাতো!

'কত নেবে তা আমি কি ক'রে বলি।' রমলা মুখে একটি মুমুধু´ রেখা টানল হাসির। বললে, 'ওঁকেই জিগ্গেস করো না।'

'তুমিই বলো না একটু আমার হ'য়ে। যদি মামলাটা বিনে ফি-তে ক'রে দেয়।' ব'লে নিজের দিকে নিজেই চোথ ফেলল ম্রারি : 'দেখছো তো আমাকে।'

নিজেরও অজ্বাস্তে জোরে একটা নিশ্বাদ এল বেরিয়ে। এক নন্ধরে অনেক যেন দেখে ফেলল রমলা। তুর্দিন আর তুর্গতির জলজ্যাস্ত চেহারা নিয়ে দাঁড়িয়েছে।

'মামলাটা কিসের ?' রমলার স্বরে সল্জ্জ অনিচ্ছা। 'উচ্ছেদের।'

'ভাড়া বাকি পড়েছে ?'

'না। না খেয়েদেয়ে বেমন ক'বে পারি ভাড়া যুগিয়ে এসেছি ঠিক। উচ্ছেদ চাইছে যেহেতু বাড়িওলা বলছে তার নিজের দরকার।' নিজের থেকেই বদবে কি না বিধা করতে লাগল ম্রারি: 'কার বেশি কার কম তাই নিয়েই জগৎজোড়া ঝগড়া।' দ্বিধা বাতে না প্রশ্রের পায় তেমনি ক্রুত ভঙ্গি করল রমলা। 'আচ্ছা আমি ব'লে দেখব।'

'ন্থিটা একবার দেখবে ?' হাতে ফিতেবাঁধা ছুটো কাগজের তাড়া। একটা তাড়ার ফিতে খুলল মুরারি।

'আমি নথির কি বুঝি ?' একটু কি পিছিয়ে গেল রমলা ?

'না, ব্রবে।' এক পা এগিয়ে এল ম্রারি: 'যে-যে দলিল মামলায় একজিবিট হবে তা দব বাংলায় লেখা। আর দবই তোমার হাতের।'

'আমার হাতের ?' ঘরের দেয়ালঘড়িটা হঠাৎ বন্ধ হ'য়ে গেল নাকি ?

'এই দেখ না।' নথিটা অবিশ্রি ছেড়ে দিল না মুরারি। দূর থেকেই মেলে ধরল। দূর থেকেই চিনতে পারল রমলা। ক'টা চিঠি আর ফটো-গ্রাফ। মুখের প্রদীপ নিবে গেল এক ফুঁয়ে। সন্দেহ কি, তারই চিঠি তারই ফটোগ্রাফ। ফটোগ্রাফের মধ্যে ক'টা একক ক'টা বা সংযুক্ত। সংযুক্তের মধ্যে ক'টা বা অসতর্ক।

'তোমার মামলায় এ সব দলিল লাগবে কি করতে?' কাদ্রার মতোই শোনাল বৃঝি কথাটা।

মুরারি হাসল। বললে, 'আমার উচ্ছেদের মামলা কি একটা ? তাই দয়া ক'রে ব'লে দেখ না তোমার স্বামীকে।'

'বলব।' চোথের কোণে একটু তাকাল রমলা। 'তোমাদের বাড়িতে টেলিফোন নেই বৃঝি ?' 'এথনো হয় নি।'

'আমি আবার আসব কাল।'

চোথ না তুলে ঝাপসা গলায় বললে রমলা, 'যদি আস তে। ছুপুরে এম।'

বমলা ভেবেছিল স্থহাস নিজের থেকেই বৃঝি কিছু বলবে।
বৈঠকথানা থেকে উপরে উঠে এ সময়টায়— কোর্টে বেরুবার আগে
পর্যস্ত— কেমন অক্তমনস্ক উদাসীনের মতো থাকে স্থহাস। মামলা ভাবে
ানা মক্কেল ভাবে না মনে-মনে সওয়াল-জ্বাবের মহড়া দেয় কে বলবে।
দশ মিনিটের মধ্যেই দাড়ি কামানো ও স্থান সারে, সাত মিনিটে খেয়ে
ও পাঁচ মিনিটে পোশাক প'রেই ট্রাম ধরতে ছুট দেয়। এ সময়টায়
একটু ভালো ক'রে গুছিয়ে-গাছিয়ে কোনো কথাই বলা যায় না। যেন
তরোয়ালের ডগায় চ'ড়ে থাকে।

তবু ভাবছিল এমন একটা কথা, বোধ হয় বলবে। সাড়ম্বরে না হ'লেও, এমনি, কথায়-কথায়। তার কোর্টের নথি বা নজিরের স্থূপ তা পারবে না চাপা দিতে।

কিছু বলছে না দেখে নিজেই উচ্ছোণী হ'ল রমলা। ঢোঁক গিলে গলা ভিজিয়ে নিল। বললে, 'তোমার এক মঙ্কেল এসেছিল আমার সঙ্গে দেখা করতে।'

'ও, হাা, কে বলো তো?' যেন কত মকেল আসে এমনি লেপাপোঁছা মুখ করলে স্থহাস।

'আমার এক দূর সম্পর্কের আত্মীয়। আমার জেঠতুতো বোনের মাসতুতো দেওরের—'

'কি একটা। প্রায় দূর-দূর সম্পর্কের।'

'প্রায় তাই।' হেদেই আবার গম্ভীর হ'ল রমলা:'তোমার মক্কেলকে আমার কাছে পাঠাতে গেলে কেন ?'

'বা, তোমার সঙ্গে যে দেখা করতে চাইল।' একমনে গালের এক জায়গায়ই বারে-বারে ত্রাশ ঘষতে লাগল স্থাস: 'বললে কি রকম আত্মীয় হয় তোমার—' 'তাই তুমি পাঠিয়ে দেবে ভিতরে ?' ম্থেচোথে রাগের ঝাঁজ আনল রমলা।

'আমি না পাঠালেও তো ইচ্ছে করলে একটা লোক আসতে পারে বেটাইমে, ধরো ঠিক ভরতুপুরে। কড়া নেড়ে অনায়াসেই খুলিয়ে নিতে ' পারে দরজা।'

'ইস!' আবার ঝলস দিল রমলা : 'যাকে-তাকে দরজা খুলে দিলেই হ'ল!'

'এ ক্ষেত্রে তো একেবারে যাকে-তাকে নয়। আত্মীয়। মুরুবির। হয়তো ভাবলে তোমাকে দিয়ে মামলার ফি-এর যদি কিছু স্থরাহা করা যায়।'

জেরেখা বন্ধিম করল রমলা : 'মামলা ! কিদের মামলা !' 'উচ্ছেদের মামলা। যা আজকাল চলছে আকছার—'

'কেন, করেছে কি ?'

'করে নি কিছু। হয়েছে।'

'কি হয়েছে?' গলার কাছটায় কাঠ-কাঠ লাগতে লাগল রমলার। বললে, 'নথি পড়েছ তুমি ?'

'হাঁা, দেখলাম প'ড়ে।' কামানে! বন্ধ ক'রে আয়নার সামনে থানিক পায়চারি করল স্থহান : 'ছ্-খানা ঘর আর ভিতরে এক চিলতে বারান্দায় একটা ভাড়াটে বাদা, কল বাথক্বম আলাদা। ভাড়া সন্তা বলতেই হবে, সাতচল্লিশ টাকা সাড়ে তের আনা। তাই বাড়িওলার বুকশূল। সমস্ত উৎপাতের অবসান এখন উৎখাতে।'

'বাদিন্দে ক'জন ?' সাহদ কুড়িয়ে পেল রমলা।

'আটজন। যে এসেছিল, ঐ ত্রিশ-বত্তিশ বছরের ভদ্রলোক, তার বাপ মা, ছোট ছুই ভাই এক বোন—' 'আর বাকি ছু-জন বৃঝি ভদ্রলোকের স্ত্রী আর ছেলে !'

'না, না, বিয়ে করে নি ভদ্রলোক। ভাগ্যিস করে নি।' খুর ডো নয় যেন জল চ'লে যাচ্ছে স্থহাসের গালের উপর দিয়ে। তার জীবন এমনি নিটোল-নিষ্কণ্টক। বললে, 'বাকি ত্-জন বিধবা এক দিদি আর তার এক মেয়ে—'

'ঘর হুটো বড়ো কতটা ? লম্বাই-চওড়াই—'

'দে সব মাপজোথ হ'য়ে আছে। যৎসামান্ত। চারজন ক'রে পুরুষমেয়ে আছে ত্ব ঘরে ভাগাভাগি ক'রে। মাছপাতুরি হ'য়ে। বাড়িওলা
এমন কানকাটা ঐ বাদা থেকে তাদের উচ্ছেদ করতে চায়। হেতৃ ?
বাড়িওলা মফস্বলে থাকে, কি নামহীন কঠিন অস্থ্য করেছে, গত্যস্তর
নেই, চিকিৎসা করাবে কলকাতায় এদে, তাই ঘরের প্রয়োজন।
দাঁড়িপাল্লা বাড়িওলার দিকে ভারি। তাই এবার উঠে যাও, স'রে
পড়, পথ দেখ।'

'তা দেখবে। যাবে উঠে।' যেন গায়ে লাগে না এমনি ভাব কর্ল রমলা।

'বলো কি ? উঠে যাবে ?' গাল কেটে গেল নাকি স্থহাদের ?

'তা নয়তো কি । একটা মরণাপন্ন ক্নগীর চিকিৎসা হবে না ? বিশেষত সেই ক্লগীরই যখন এটা নিজের বাডি।'

'আইন অত সহজ নয়।' আবার চলতে লাগল থুর।

'কমনসেন্সের বিরুদ্ধেও নয়।' বললে রমলা, 'আমার বাড়ি, আমার দরকার, ব্যুস আর কথা নেই।'

'না, কথা আছে। আমি যাই কোথায়?'

'তার আমি কি জানি!'

'এইখানেই আইন আসছে তৌল করতে। গোড়ায় তবে ভাড়।

দিয়েছিলে কেন ? কেন জমি দিয়েছিলে চাষ করতে? আমার টাকার দরকার, বৃঝি, তুমি মহাজন, কেন খুলতে গিয়েছিলে থলের মুথ ? স্থতরাং তু পক্ষ, আর যে পক্ষ তুর্বল আইন এখন তার দিকে। চাষাড়ে বাসাড়ে খাতকের দিকে। হ্যাভ-নটদের দিকে।

'কিন্তু কে হ্যাভ আর কে হ্যাভ-নট সেইটেই প্রশ্ন।' 'হ্যা, সেইটেই প্রশ্ন।'

'যার বিছান। নেই অথচ ঘুম আছে সে হ্যাভ-নট, না, যার বিছান। আছে ঘুম নেই— সে ? কিন্তু আসল প্রশ্নটা হচ্ছে,' হাসল রমলা : 'এ মামলা তোমার কাছে এল কি ক'রে ?'

'আমার কাছে আদে নি সরাসরি।' তোয়ালে দিয়ে মৃথ মৃছতে লাগল স্থহাস : 'যে ফাইলিং প্লিডার ছিল তার সঙ্গে, কি না জানি নাম ভদ্রলোকের—'

'মুরারি ঘোষ—' নিঃসংকোচে বললে রমলা।

'হাঁ, মুরারি ঘোষের ফি নিয়ে না কি নিয়ে ঝগড়া হয়েছে। মামলা থেকে রিটায়ার করেছে উকিল। তথন গিয়েছে ভবেনবাবুর সেরেস্তায়। ভবেনবাবু—'

'ভবেন দত্ত ? যিনি তোমার সিনিয়র ?' কৌতৃহলে চোখ নাচাল রমলা।

'হাঁ।, উচ্ছেদের মামলার পাকা থেলোয়াড়। তাঁর কাছে ষেতেই বলেছেন. জুনিয়র ছাড়া কাজ করি না, তাই স্থহাস চাটুজ্জেকে শামিল করো। গর্বের স্থর আনল স্থহাস: 'তাই আমার কাছে আসা। কিন্তু ঐ দস্ক্য-সই সার, তালব্য-শ নেই অদৃষ্টে—'

'তার মানে আশা নেই ?' চট ক'রে ধ'রে ফেলল রমলা। 'মামলার নয়, ফি-এর। ভবেনবাবুর বত্তিশ টাকা না দিয়ে পারবে না, কিন্তু আমার বেলায় অষ্টরন্তা—'বাঁ হাতের চেটোয় থানিকটা তেল নিয়ে এক্ষতালুতে ঘষতে লাগল স্থহাস।

'তার মানে ? কি বলছে তোমাকে ?' 'বলছে— বলছে অমনি ক'রে দিতে।' 'অমনি ? মাগনা ?' আপাদমন্তক জ'লে উঠল রমলা।

'মামার বাড়ির আবদার দেথ না। আমি বললুম, অসম্ভব। বিনা ফি-এ পারব না কাজ করতে।'

হাত না বেখেও গায়ের গরম টের পাওয়া যায় এমনি ঝলস দিয়ে রমলা বললে, 'কখনো না।'

'তথন বললে কি জানো ?' চুপি-চুপি কাছে আসার ভঙ্গি ক'রে ঝাপসা গলায় স্থহাস বললে, 'তথন বললে আমি আপনার স্ত্রীর আত্মীয় হই। ওর সঙ্গে যদি একটু দেখা করতে দেন। যদি ও একটু স্থপারিশ করে। তথন আর 'না' বলি কি ক'রে? বললাম, যান ভিতরে—'

'আত্মীয় না হাতি!' বাগের আবার একটা তরঙ্গ তুলল রমলা: 'আর আত্মীয় হ'লেই বা কি। উদরায়, মামলার ফি ছাড়বে কেন? ফি নিয়ে রোজগার, ওকালতি তো আর থয়রাতি নয়। সবাইকে দেবে, সরকারকে রশুম আমলাকে ঘুষ তদবিরকারককে মেহনতানা। কিন্তু যে মাথার ঘাম পায়ে ফেলে কাজ করবে, সেই উকিলকেই শুধু কাঁচকলা! কথনো না, কথনো ফি ছাড়বে না তুমি। এমন কিছু আত্মীয়তা নয় যে মৃফত করতে হবে। কথায় বলে, উকিল আর গাড়ির চাকা, তেল চবি দিয়ে রাথা—'

'না না, আমি ব'লে দিয়েছি, আমার ফি না দিলে ভবেনবাবুকেও পাবেন না।' বাধক্ষমের দিকে এগোল স্থহাস। 'ভবেনবাব তো বত্তিশ নেবেন,' মুহুর্তের একটি ভগ্নাংশ দ্বিধা করতে চেয়েও দাঁড়াতে পারল না রমলা : 'তুমি কত নেবে ?'

চকিত তডিতের দীপ্তিতে ত্ব-জনের চোথোচোখি হ'ল। আবার সেই প্রশ্ন।

'কত নেবে ?'

আবছা হ'য়ে আসা দিনের আলোর সঙ্গে থাপ থাইয়ে তেমনি ধুসরস্বরে জিগ্গেস করল স্থাস।

মেয়েটি দরজার পাশটিতে স'রে দাঁড়াল। 'যাব ?'

এক মৃহূত কি ভাবল মের্রেটি। স্বরে সমীচীন অস্পষ্টতা এনে বললে, 'আস্থন।'

আস্থন! স্থাসের বৃকের ভিতরটা ত্লতে লাগল তাগুবের মতো।
কত পকেটে আছে মনিব্যাগে ঠিক মনে করতে পারছে না। কোন
পাহাড়চ্ড়ার দাম চেয়ে বসে তার ঠিক কি। মনে হ'ল সেটা মোটেই
প্রশ্ন নয়। মনে হ'ল, অভুতের দেশে এ আশ্চর্যও সম্ভব, এমন আকাশকুস্থমও চয়ন করা যায় মর্তের ধূলিতে। সোনালী মেঘ ধরা যায় হাত
বাভিয়ে, হয়তো বা পাহাড়ের মৃকুট, কিন্তু ফণাতোলা সাপের মাথার
মণি ছিনিয়ে নেওয়া যায় এ কল্পনার অতীত। সজ্ঞান শরীরে চিন্তা
করাও যেন কট্টকর।

আন্তন ! জাগা চোথের স্বপ্নের মতো মেয়েটি দাঁড়িয়ে আছে চোথের দামনে।

জোরালো রেখায় এক টানে আঁকা সরল দীর্ঘান্সনী। গায়ের রংটি ক্ষমাহীন কালো। কিন্তু সে কালোয় অগ্নিশিখার রক্তিমা। পরনে হলদে রঙের শাড়ি, চওড়া সবুজ পাড়, গায়ে সাদা চিকনের **রাউজ**, থোঁপায় এক থোকা রঙ্গন। চারদিক থেকে একটা এলোমেলো অমিলের ঝড়, কিন্তু তার মধ্যে সম্বন্ধ ছন্দে একটি অব্যর্থ উচ্চারণ।

হয়তোবা আৰু দরে বনবে না। অসম্ভবের পায়ে মাথা ঠুকেও না।
আৰু না হোক, একদিন এই অসম্ভবকেই নড়াবে স্থহাস, বিগলিত করবে। যা কিছু তার আছে সমস্ত বিক্রি ক'রে, পাট্টা দিয়ে, বন্ধক রেখে। চূড়ান্ত সর্বস্থান্ত হ'য়ে।

চোখের উপর একবার চোখ ফেলল মেয়েটি। স্থহাসের মনে হ'ল ও চোখ মেললেই দিন আর ও ছ চোখের পাতা একত্র করলেই রাত।

দদর পেরিয়ে ছোটো একটি উঠোন, কলতলা। মেয়েটির পিছে-পিছে ভিতরে ঢুকল স্থহাদ। হঠাৎ গা কেমন ছমছম ক'রে উঠল, আর দব বাদিন্দেরা কই ? ডাকের গয়নাপরা পুরোদম্বর প্রতিমা দ্রের কথা, একমেটে দোমেটেদেরও তো আভাদ নেই। এ দে কোথায় এল ?

'দাদা, মেব্রুদা, দেখ তো কে একটা লোক কি সব বলছে আমাকে---' মেয়েটি হঠাৎ তারস্বরে চিৎকার ক'রে উঠল।

'কি, কি হয়েছে রে রমলা ?' কাছাকাছি কোথাও আছে, হুই পক্ষকণ্ঠ গর্জে উঠল সমন্বরে।

সন্দেহ কি, ভূল করেছে স্থহাস, মরণাত্মক ভূল। নইলে গোটা রাশ্লাঘর হয়,গোটা ডুয়িংকম? বারান্দায় হরিণের শিং থাকে? অয়েল পেন্টিং?

কিন্তু এখন করবে কি ? পালাবে ? ছুট দেবে ? পাড়াস্থদ সুবাই যদি পিছু নেয় ? মুষল বৃষ্টি শুরু করে ? ভিলকে তাল বানিয়ে ছাডে ? না, দাঁড়াই মুখোম্থি। অক্সায় স্বীকার ক'রে মার্জনা চেয়ে নিয়ে চ'লে যাই।

'বাড়ির মধ্যে চুকে পড়েছে দাদা—' রমলা আবার ত্রাহি ডাক্ছাড়ল।

গলিটা যে ঐ গ্যাসপোষ্ট পর্যন্ত এসেই শেষ হয়েছে, এ বাড়ি যে ঐ গলির লপ্ত নয় সেটা তথন বুঝতে পারে নি স্থহাস। এখন সহজ-পাঠের মতো বুঝতে পারল এ গোবরগাদা নয় এ পদ্মফুল, এ ধুলো নয় হীরের গুঁড়ো, আবর্জনা নয় আবতির দীপমালা।

গঙ্গাজলের ছিটে-লাগা তুলদীপাতা।

এক ভাই এসে হাত চেপে ধরল, দরজা আগলাল আরেক ভাই।
'আমার সঙ্গে দর করছে।' দিব্যি বলতে পারল রমলা: 'বাইরে দাঁড়িয়ে ছিলাম সিনেমায় ধাব ব'লে, মুরারিদা ট্যাক্সি আনতে গেছে—'

'কি ভেবেছেন ?' হাতটা মুচড়িয়ে ধরল বড়দা।

'ভূল ভেবেছি। ভূল হ'য়ে গেছে।' ছ-হাত যে নমস্কারে যুক্ত করবে তার উপায় নেই। স্থহাসের মৃথ লজ্জায় শীর্ণ হ'য়ে গিয়েছে: 'মার্জনা চাই।'

'আপনি ভদ্রলোকের ছেলে— করেন কি ?' মারম্থো বড়দার চোথ।

'ছাত্র। ল কলেজের ছাত্র।' 'আপনার এই মতিগতি ?'

'একটু ভূল পথে— বিপথে চ'লে এসেছি।' যে হাতটা মুক্ত আছে তাই দিয়ে একবার কান চুলকোল স্থহাস : 'তারপর ভূলের পরে ভূল— গোড়াতে ভূল করলে বারে-বারেই ভূলের সম্ভাবনা—'

'লজ্জা করে না ?'

'এখন করছে।'

'এখন করছে ? লোফার, ইডিয়ট—' আরো নানা সম্ভাষণ বর্ষণ করতে লাগল দাদারা : 'জানো তোমাকে এবার পুলিশে দিতে গারি ?'

'পারেন, ক্রিমিস্থাল ট্রেসপাস হয় বটে, কিন্তু আমার পক্ষেও কিছু বক্তব্য থেকে যাবে—'ভয়ে-ভয়ে স্থহাস তাকাল রমলার দিকে: 'আমাকে উনি আস্থন বললেন কেন ? কেন দরজার বাইরে থেকেই দিলেন না তাড়িয়ে ?'

মূর্তিমতী ছলনা, রোধস্থনর চোথে তাকাল রমলা। যেন ছুই চোথে নয় তিন চোথে তাকাল। যে এমন ত্র্বার তাকে না ব'লে করি কি— তৃতীয় চোথের যেন সেই অন্তক্ত উচ্চারণ।

'যদি ব'লে থাকে তা আত্মরক্ষার জন্যে—' বললে মেজদা।

'তোমাকে সমূচিত শিক্ষা দেবার জন্যে—' বড়দা হাতে আবার একটা মোচড় দিল।

ভিড় জ'মে গেল আন্তে-আন্তে। সবাই একবাক্যে তারিফ করল রমলার। আততায়ীকে ধরবার জ্বন্তে কেমন স্থলর কৌশল করতে পারল। যদি গোড়াতেই প্রত্যাখ্যান ক'রে সরিয়ে দিত তা হ'লে এই দুর্ধর্ষ অনাচারের শাসন হ'ত কি ক'রে গু

কেউ-কেউ বললে, উত্তমমধ্যম দিয়ে ছেড়ে দিন।

'বিবেচনা ক'রে দেখুন, আমি তেমন অস্থায় কিছু করি নি। তথু দর জিগ্গেস করেছি। ধদি ফিলসফিক্যাল ভিউ নেন—' স্থাস চাইল নৈর্ব্যক্তিক হ'তে।

কেউ-কেউ বললে, মেয়ের পায়ে ধ'রে ক্ষমা চাও। 'তাই। চাও ক্ষমা।' হু দাদা একমত হ'ল। 'ও সব নাটকীয় কিচ্ছু করতে পারব না।' স্থহাস বড়দার দিকে তাকাল বিমর্থ চোখে: 'হাতটা ছেড়ে দিন, করজোড়ে নমস্কার ক'রে বিদায় নিচ্ছি।'

'নাটক চাও না, দার্কাদ চাও ?' নাকের উপর ঘূষি মেরে বদল। বড়দা।

আর টাকা ধেমন টাকা টেনে আনে মারও তেমনি টেনে আনে মহামার।

'তাকা, তাকা, চোথ চা, চোথ চা ভালো ক'রে—'মেয়ের দল ওসকাতে লাগল রমলাকে।

শুভদৃষ্টির সময় সব মেয়েই একটু ঢলা-ঢলা ভাব করে কিন্তু তুই একটা নুড়োধাড়ি গ্রাজুয়েট মেয়ে, ভোর কেন এই রং-ঢং ? সিধে চা না চোথের দিকে। কেমন রাজপুজুরের মতো বর!

নাকের উপর সেই কাটা দাগটা চিনতে পারল রমলা।

ছু-হাতে ক'রে মালা গলায় চেলে দেবে, তা নয়, ছু-হাতে ক'রে চশমার ডাঁটি ছটো আন্তে-আন্তে তুলে ধরল স্কহাস।

আর কেউ চিনতে পারে নি কিন্ত তুমি পারবে। তারা বিষয় দেখেছে, তুমি ব্যক্তিকে দেখেছ। তাদের কাছে আমি ছিলুম একটা মামলা মাত্র, তোমার কাছেই আমি মকেল, বিশেষ একটা অবস্থার প্রতিছ্থায়া। আর ওরা ছিল সব হাকিম, গ্রায়ধর বিচারক। হাকিম কি মকেল চেনে ? হাকিম ভুগু মামলা দেখে। মামলা-মাফিক দণ্ড দেয়।

আর-সকলের চোথে ছিল ক্রোধ, তোমার চোথে ছিল ছুণা। ক্রোধের চেয়ে ছুণা বেশি ক'রে দেখে। ক্রোধের চেয়ে ছুণা বেশি ক'রে মনে রাখে। তাই চিনতে পারল রমলা। শুধু নাকের কাটা দাগ নয়, সমস্ত মুখটা। বুকের ভিতরটা এতটুকু হ'য়ে গেল।

ছি ছি ছি! দেদিন অকারণে তাঁকে কি অপমান করলুম! 'আস্থন'
. বলেছিলুম ব'লেই না ঢুকেছিলেন ভিতরে, ঢুকতে সাহস করেছিলেন।
আর, আশ্চর্য, নিজেরও অগোচরে কি ক'রে 'আস্থন' শব্দটা এসেছিল
জিভের আগায়।

ওটা বুঝি নিয়তির ডাক।

কত কৃতী হয়েছেন আজ, কত গুণী। কত উঁচু ঘরের ছেলে। কেমন শোভনদর্শন! সোনার মেডেল পেয়েছেন পরীক্ষায়। উজ্জ্বল হবেন ব'লে উকিল হয়েছেন। চার্টার্ড অ্যাকাউন্টেন্সির ক্লাস খুলেছেন— কত রোজগার। কত নামডাক বাজারে।

সেদিন অমনি ক'রে অপমান করেছিল ব'লেই তো তুর্মদ প্রতিজ্ঞা করেছিল, যে ক'রে হোক, পেতেই হবে রমলাকে। যে ডাকে অথচ ধরা দেয় না ধরতে হবে সেই অধরাকে। নিমন্ত্রণ ক'রেও যে উপবাদী রাথে লুট করতে হবে তার অন্ধভাগোর।

আর সে লুটের একমাত্র পথ, মামূলি রাজপথ,— বিয়ে।

ই্যা, সেই পথই বহু ধৈর্যে তৈরি করবে স্থহাস। যাতে একবাক্যে একনজরে বলতে পারে, ই্যা, এই হচ্ছে জি-টি রোড! যাতে আর প্রত্যাখ্যানের কথা না ওঠে! খোয়া পিচ ত্রমূশ রোলার— সব একে-একে যোগাড় করল— প্রশস্ত করল মস্থা করল স্থার করল। এবার তবে টপ-গিয়ারে দাও ফুল স্পিড।

ঘটক পাঠাও।

ঘরে-দোরে নিথুত মিল, সবাই লাফিয়ে উঠল। শুধু বড়দা মেজদ। নয়, আবালবুদ্ধ সমস্ত পরিবার। কিন্তু এত বড়ো সৌভাগ্য কি ক'রে সন্তব ? ঐ তো মেয়ের ছিরি, ঐ তো মেয়ের ছাদ।

কে জানে কি। কোথায় কি দেখেছে না শুনেছে তাই থেকে উচাটন। আদল কথা কি জানো ? যার হাঁড়িতে যার চাল। যেখানে, আছে লেখা দেখানেই হবে দেখা।

'দাবি-দাওয়। আছে ?'

'হাা, বরপণ আছে বৈ কি।' ঘটক ভারিকি চালে বললে। 'কি বরপণ গ'

'বরপণ মানে বরের পণ। বরের প্রতিজ্ঞা।' তুই গাল হাসল ঘটক: 'শ্রীমান প্রতিজ্ঞা করেছেন যে ক'রেই হোক বিয়ে করবেনই শ্রীমতীকে।'

সবাই আশস্ত হ'ল। এবার তবে থোঁজ নিতে হয় প্রাক্তন খুঁত কিছু আছে কিনা ছেলের।

অন্তরঙ্গ বন্ধু মহলে হাজির হ'ল দাদার।। বন্ধুর! চোখ টিপল। বললে, 'সোনার আংটি কি বাঁকা হয় ? যদি একবার শালগ্রাম হ'য়ে ওঠা যায় তথন আর তাকে কেউ ফড়ি বলে না। দেবতা হ'য়ে উঠতে পারলে সবই তথন তার লীলাথেলা।'

'তবে ?'

'তবে—এ নিয়ে আবার একটা কথা ওঠে নাকি ? উঠতি বয়সে কারু মুখে যদি এণ ওঠে তাই নিয়ে কি কেউ মাথা ঘামায় ?'

কিন্তু তুই হাতির হাওদায় চড়া ছেলে তুই কেন নামবি এত নিচে ? দেওয়া নেই থোওয়া নেই, কেন শুধু-শুধু শুকনো চিঁড়ে চিবুতে যাবি ? আর মেয়েকেও তো দেখে এলাম ! লাবণ্যের টানটোন আছে বটে কিন্তু অথও কালো। তুই ওর মধ্যে দেখলি কি ? আশ্চর্যকে দেখলাম। যাকে লোকে মানতে চায় না অথচ জানতে চায়, দেখলাম সেই অলৌকিককে।

'কত নৈবে ?' বিয়ের রাত্তে নিবিড় স্পর্শের মধ্যে নিমন্ত্রণ ক'রে ব্যানাকে জিগ্গেস করল স্থাস: 'আরো কত নেবে ? কত শ্রাম, কত ধৈর্য, কত নিষ্ঠা, কত সংকল্প ?'

নিচে কড়া ন'ড়ে উঠল। তুপুরটা রমলা একা, একেবারে একা।

কড়া নড়ার ভাষা রমলার মৃথস্থ। কোনটা ইস্থলী দেওরের, কোনটা কলেজী ঠাকুরঝির। কোনটা চাকরের, কোনটা বা উকিলবাবুর। এ ভাষা মৃথস্থের বাইরে। এ ভাষা হৃৎপিণ্ডের কাছাকাছি। এ ভাষা ভয়েব স্তব্ধতা দিয়ে তৈরি।

তবু নামল রমলা। ভয়ও ডাকে, ভয়ও আকর্ষণ করে।

দরজা খোলার আগে বিশেষ একটি ফাঁক দিয়ে বোঝা যায় বাইরে কে দাঁড়িয়ে। তেমনি একটি কৌশল তৈরি ক'রে দিয়েছে মিদ্রি! স্বহাসের সতর্ক বারণ, আগে নিশ্চিত না হ'য়ে যেন খোলে না দরজা। সেই কে ফিরিওয়ালা হাত চেপে ধ'রে হার-বালা কেড়ে নিয়েছিল, মন্কেল সেজে এসে কে বা বৈঠকখানা থেকে সরিয়েছিল বই, কে বা নাকে ক্লমাল চেপে ধ'রে একেবারে দিয়েছিল শেষ ক'রে।

দরজা খুলে দিতেই নিজ্র ক্ষেপ ঘরে চুকল মুরারি। অবাস্তরে না গিয়ে সরাসরি বললে, 'কি, বাগাতে পারলে স্বামীকে ?'

'কত চান তিনি ফি ?'

'ষোল টাকা।'

বেশি कथात मध्य तमना उत्पाद होहेन ना। वनल, 'आमि

টাকাটা দিয়ে দিচ্ছি, কেমন ? তাই তুমি তাকে দিয়ে দিও। হরেদরে তা হ'লেই তো হিসেব মিলে যাবে।'

এক মুহূর্ত কি ভাবল মুরারি। বললে, 'মন্দ কি, তাই দাও।' ব্যবসাবাণিজ্য যথন, তাড়াতাড়ি সেরে ফেলতে হয়। ক্রত পায়ে উপরে চ'লে গেল রমলা।

হঠাৎ মনে হ'ল মুবাবির, পিছু-পিছু উঠে গেলে কেমন হয় ? যে টাকা দেয় সে কি আরো কিছু দিতে পারে না ? কিন্তু, না, ব'সে রইল। তাকিয়ে রইল পায়ের জুতোর দিকে। মেতে হ'লে ও তুটো নিচে রেথে যেতে হয় বুঝি। ভাবল মাথার উপরে একটি ছাদ, রোদে-বৃষ্টিতে একটি শুরু মাথা গোঁজবার জায়গা। এর চেয়ে বড়ো কামনার জিনিস আর কি আছে! সমস্ত আকাজ্জার আকাশ যদি কিছু থাকে তো তা ছাদ। ক্ষ্ধার অয়ের যে এত হাকডাক, খাই কোথা যদি মাথার উপরে আচ্ছাদন না থাকে। তাই আগে একটি ঘর পরে অন্ত কিছু, সব কিছু, জীবনের সমস্ত ঘোরাফের।।

নিচে নেমে এল রমলা। বললে, 'নাও।' গুনে তিনটে নোটে বোল টাকা বাড়িয়ে ধরল।

ম্বারি দিব্যি নিল হাত পেতে। চোথের দিকে চাইতে পর্যস্ত ভূলে গেল। এর পরে আর যেন তার কিছুই চাইবার নেই। বলবার নেই। ব'দে যাবার নেই।

'যাই, কোটে ধরি গে স্থহাসবাবুকে।'

স্থাস বাড়ি এলে কথায়-কথায় জিগ্গেস করল রমলা, 'তোমার সেই আগ্রীয় মঞ্চেল কিছু ফি-টি দিল ?'

'কোটে আটটি টাকা দিয়েছে আন্ধ।' জুতোর ফিতে থুলতে-খুলতে বললে স্থহাস। 'কেদ করছ ওর ?'

'না ক'রে করি কি। উচ্ছেদের ডিক্রি মানে খোলা মাঠে আকাশের বাজ।' ক্রিজ টিপে ধ'রে ট্রাউজার্স টানতে-টানতে স্থহাস বললে, 'দেখি আরো কিছু পারি কিনা আদায় করতে।'

'নিশ্চয়। তোমার টাকা তৃমি ছাড়বে কেন ? আঙুল বাঁকা ক'রে ঘি তুলতে হবে।' চোথ নাচাল রমল। : 'ফাঁকে-ফিকিরে ফন্দিতে-সন্ধিতে—'

'যে পাচ্ছে আদায় ক'রে নিচ্ছে।' কলারের বন্ধন মুক্ত ক'রে এবার শাট থুলছে স্থহাদ : 'একটা লোককে পাকড়ে ধরেছে দবাই— উকিল আমলা মুছরি দরকার। দরকার নিচ্ছে রপ্তম, উকিল নিচ্ছে ফি, আমলা ঘূষ আর মূহরি হোয়াট নট ? কিন্তু বেচারী মকেলের থাকবার একট্ ঘর চাই তে। এ কে তাকে দেয় আদায় ক'রে ?'

'কি রকম ব্রাছ ?' পাখাটা আরো একটু বাড়িয়ে দিল রমলা। 'মামলার কি কেউ বোঝে ? সব নদিব। সব কালিঘাটের মানত।' 'তবে তোমরা আছ কি করতে ?'

'রোজগার করতে।'

রোজগারের পথ মন্দ বার করে নি মূরারি। আবার এসেছে। আবার। হাতে-হাতের সমনে সাক্ষী আসছে না, কোটের বোগে আনাতে হবে, আর, কোটের চৌকাঠ মাড়িয়েছ কি, পয়সা। দলিল তলব করতে হবে, তার নকল বার করতে হবে রেজ্বে আফিস থেকে, তার ধরচ। সাক্ষী বাগাতে হবে, সাক্ষী ভাঙাতে হবে, তার গুনাগার। নানা বায়নাক্ষা।

'কিন্ধু আমি গরিব মাহৰ,' নম্র চোথে বললে রমলা, 'আমি অড যোগাই কি ক'বে '' 'তোমার স্বামীর থাঁই যে সাংঘাতিক।' কোঁচার খুঁটে গলার ঘাম মুছল মুরারি।

'আমার স্বামীর এতই যথন হাঁকার তথন তাকে ছেড়ে দিলেই হয়।' রমলা মক্তির পথ চাইল।

'গবাই কি তোমার মতো ছাড়তে পারে ? তা ছাড়া,' স্বারো ষেন ভন্নাবহ শোনাল মুরারিকে : 'তা ছাড়া, আমার দ্বিতীয় মামলার নথিটা ভাকে এখনো দেখানো হয় নি।'

'দ্বিতীয় মামলা মানে ?'

'আমার উচ্ছেদের মামলা কি একটা ?'

আবার যোলটা টাকা দিল রমলা। বললে, 'এই কিন্তু শেষ। আমার আর টাকা নেই।'

'কিন্তু মামলার কি শেষ আছে ?' টাকা ক'টা ছোট্ট ভাঁজ ক'রে ম্বারি রাখল ঘড়ির পকেটে। বললে, 'একতলার পর দোতলা আছে। দোতলার পর ভেতলা। গাছের পরে লতা, লতার পরে ফেঁকড়ি। খাজনার পরে বাজনা। রোগের শেষ নেই, ঋণের শেষ নেই, মামলারও শেষ নেই।'

হারলেও যা জিতলেও তাই— আবার জের চলবে ? এ তুফান তবে কি ক'রে সামলাবে রমলা ? কিসে এই যন্ত্রণার অবসান ? কবে এর হেন্তনেন্ত ?

'জানো, কাল আমার মকদমা আরম্ভ হবে।' আবার এসেছে মুরারি। বললে, 'এতদিন তোমার স্বামীকে খাইয়েছি, এবার ভবেন-বাবুর কামানে বারুদ ঠাসতে হবে। বলেছেন, পঞ্চাশ টাকা না পেলে দাঁডাবেন না মামলায়—'

'পঞ্চাশ টাকা!'

'এ তাঁর পক্ষে বেশি নয়, আমার পক্ষে।'

'আমার পক্ষে। আমি এত দিই কোখেকে ?' কণ্ঠস্বরে বিরক্তির ঝাঁজ আমল রমলা।

'অনেক দিয়েছ, আর তোমার যথন আছে, আর তুমিই থথন পারো দিতে। দিলেই বা।'

'যদি না দিই ?' এক পা এগিয়ে এল রমলা।

'না দাও !' উঠবার ভঙ্গি করল মুরারি। বললে, 'তা হ'লে স্থহাস-বাব্র কাছে গিয়ে দিতীয় নথিটা দেখাতে হবে। আমি উচ্ছেদ হই কি না হই, তোমার উচ্ছেদ অবধারিত।'

চ'লে যাবার ভঙ্গি করতেই দরজা আটকাল রমলা। বললে, 'বেশ, একেবারে নিষ্পত্তি হ'য়ে যাক। তোমার দেই নথিটা, দ্বিতীয় নথিটা বেচো না আমার কাছে। বেচবে ? দাম কত ? কত দাম ?'

'দাম ?' ভীরুর মতো তাকাল মুরারি : 'দাম পঞ্চাশ টাকা নগদ, আর, আর—'

'নগদ তে। নেই। এই এক গাছ চ্ডি নাও।' বাঁ হাতের মণিবন্ধ থেকে হুগাছি গোনার চুড়ি টান মেরে খুলে ফেলল রমলা। তীক্ষ্ণ চোথে তাকিয়ে বললে, 'মার ? নথিটা এনেছ?'

'না, আনি নি ! যেদিন আনব সেদিন নথিট। দিয়ে বাকি দাম নিয়ে যাব ।' চ'লে গেল মুরারি ।

'মনে থাকে যেন।' পিছন ভেকে মনে করিয়ে দিল রমলা।

নথিটা যদি একবার হাত করতে পারি তা হ'লে আর ভয় কি।
তা হ'লে আর পায় কে। তা হ'লে আর কে দরজা খোলে। কে
দেয় এমন জরিমানা!

'তোমার দেই আত্মীয় মক্কেলের মামলা শুরু হবে কবে ?' বাড়ি ফিরলে স্থহাসকে জিগগেস করল রমলা।

'শুরু তো হ'য়ে গিয়েছে। প্রায় সারা বলতে পারো। আজ্ব আগুমেন্ট করলাম।'

'তুমি করলে ? কেন ভবেনবার তোমার সিনিয়র ছিলেন না ?'
'কই আর তাকে শামিল করল !' গলার টাইটা তুই টানে খুলে
ফেলল স্থাস : 'বলল, দরকার নেই, আপনিই চালান স্থহাসবার !
যদি অদৃষ্টে থাকে আপনার হাত দিয়েই আসবে । আর যদি না থাকে
শত ভবেনবার্ও কিচ্ছু করতে পারবে না ।'

'তুমি পারবে ?' রমলা গাঁপাতে লাগল : 'তুমি কেন এত বড়ো দায় হাতে নিলে ?'

'তা আমি কি করব!' কলারটা খোল। মানে ভববন্ধন থেকে মৃক্তি পাওয়া। কিন্তু হালকা হ'ল কই স্থহাস ? 'বললে, ভীষণ তুরবস্থা। দিনিয়র দেবার পয়সা নেই।'

'যদি জিততে না পারো ?' ভয়ে প্রায় শুকিয়ে গিয়েছে রমলা। হাসল স্থাস। বললে এ আবার একটা প্রশ্ন নাকি ? তু পক্ষই কি এক সঙ্গে জেতে ? এক পক্ষকে হারতেই হবে। আর যে পক্ষ হারবে সে পক্ষ হাকিমকে শালা বলবে। এর বেশি আর কি আছে সাস্থনা ? কি আছে প্রতিকার !'

'তোমার উচিত ছিল না—' রমলার স্বর প্রায় কাঁদো-কাঁদো।
'ভাবো কেন ?' গম্ভীর হ'ল স্কহাস: 'ধদি হারি আপিল আছে। তোমার যথন আত্মীয় তখন আপিলের ধরচ না হয় আমি দেব।'

'আর ধরচ দিয়ে কাজ নেই।' ঝাপটা মারল রমলা : 'ওর অদৃষ্টে যা আছে তাই হোক। মামলার রায় বেরুবে কবে ?' 'সাতদিন পর।' কড়া ন'ড়ে উঠল তুপুরবেলা।

নিশ্চয়ই শুভ সংবাদ নিয়ে মুরারি এসেছে। নিশ্চয়ই ডিসমিস হয়েছে মামলা। আজ রায় বেকবার দিন।

'আজ রায় বেরুবার দিন।' বললে মুরারি। 'যাও নি কোর্টে গ' অস্থির ক'রে উঠল রমলার।

'না। গিয়ে কি হবে ? জানতে তো পারবই মামলায় হেরে গেছি।' তক্তপোশে বদল ম্রারি: 'থে এক মামলায় হারে দে দব মামলায়ই হারে।'

'হারলেই বা। আপিল আছে।'

'আর আপিল!'

'কেন নয় ? খরচ একরকম ক'রে যোগাড় হ'য়ে যাবে।'

'তুমি দেবে ? তোমার আর কত আছে ?' চোধের দিকে একদৃষ্টে তাকাল মুরারি : 'ও হাা, তোমার সেই নধিটা এনেছি। কই দেবে তো দাম।'

না দিয়ে উপায় কি। না দিলে আপিলের বোঝা বইতে হবে দীর্ঘ পথ। তারপরে আবার হয়তো দিতীয় আপিল। একেবারে জ্বেরবার ক'রে ছাডবে।

নথিটা যদি একবার হস্তগত হয় তবে আমলকীই হাতের মুঠোয়।

'চলো উপরে চলো।' পরিপূর্ণ আহ্বান করল রমলা। বললে,
'এখানে সাংঘাতিক গরম। উপরের ঘরে ফ্যান আছে।'

মুরারি চ'লে এল উপরে, রমলা পিছ্-পিছ।
'এ কি, তুমি খালি পা ?' চমকে উঠল রমলা।
'জুতো রেখে এসেছি নিচে।'

'দে কি ?'

'ঐ যা জুতে। তা দোতলায় ওঠবার উপযুক্ত নয়।' মুরারি বসল চেয়ারে। 'মন্দিরের বাইরে রেখে এলাম।'

পাথা খুলে দিল রমলা। বললে, 'জামাটা খুলে ফেল।'

ছেড়া পাঞ্চাবির নিচে ছেড়া গেঞ্জির কি রকম চেহারা স্পষ্ট অন্থমান করতে পারছে মুরারি। বললে, 'না, দরকার নেই। এই নাও, নথিটা নাও।'

ব্যাকুল হাত বাড়িয়ে নথিটা নিল রমলা। সন্দেহ কি, সেই নথি, ভবহু। তার এক বোঝা চিঠি, এক বাণ্ডিল ফটোগ্রাফ। ফটোগ্রাফের মধ্যে ক'টা একক, ক'টা সংযুক্ত। সংযুক্তের মধ্যে ক'টা অসতর্ক।

বললে, 'সে কি, দাম নেবার আগেই দিয়ে দিলে ?'

'দিলাম।' শাস্ত স্বরে বললে ম্রারি, 'আমি উচ্ছেদ হই তো হব, তোমার উচ্ছেদ করি কেন ?' পরে থেমে বললে, 'আমি যতই অভাবী হই আমার ভাবের ঘর ভরা থাক। আমি এবার তবে উঠি।'

'সে কি, বোসো।'

'না, বসি এমন সময় কই ? কোটটা ঘূরে আসি। দেখি গ্রেস পিরিয়ড দিল কিনা—' উঠে পড়ল ম্রারি। আশ্চর্য, নামতে লাগল সিঁড়ি দিয়ে।

আর, সেই মুহূর্তেই ঝন ঝন ঝন ক'রে ন'ড়ে উঠল কড়া।

'কি হবে ?' মূখচোখ চুপদে গেল রমলার। বললে, 'উনি এসেছেন ! তুমি কি করবে ?' সিঁড়ির মধ্যে দাঁড়ানো অন্ড মুরারিকে ঠেলা মারল রমলা : 'কি করবে ? উপরে যাবে, না, নিচে নামবে ?'

ঝন ঝন ঝন---

সিঁ ড়ির মাঝখানে থামেব মতন গাড়িয়ে রইল মুরারি।

मत्रका थुरल मिन त्रमला।

'তোমার সেই আত্মীয় মামল। জিতেছে। মামলা ডিসমিদ। যে অহ্থের চিকিৎসার জন্মে বাড়ির দরকার বলছে সে অহ্থের সম্যক চিকিৎসা হবে হাসপাতালে, বাড়িতে নয়। এক সওয়ালেই ডিসমিদ হ'য়ে গেল। কিন্তু কি আশ্চর্য, তোমার সে আত্মীয়ের দেখা নেই। মামলার কি ফল হ'ল তা জানতে একবার কোর্টেও যায় নি। তাকেই খুঁজছি। আর তোমাকেও। তুমি বলেছিলে হেরে যাব, কুলোবে না আমার সামর্থ্য। কি গো সোনাম্থি, হারলাম ? তুমি আমার পয়া। তোমাকে সঙ্গে নিয়ে থাকলে কখনো কি হারতে পারি গ'

আন্তে-আন্তে ঘরের মধ্যে চ'লে এসে স্থাস উপরে যাবার সিঁ ড়ির দিকে এগোল। প্রায় আঁতকে উঠল ভূত দেখে। বললে, 'এ কি, আপনি এখানে ? আর আমি আপনাকে গরুথোঁজা করছি। আপনি ভেবেছেন আপনার মামলার ফল এখানে, এ বাড়িতে ? যান, আপনার জিত হয়েছে। আপিল করতে হয় বাদী করবে। কোর্ট ফি ওর। আপনার জিত। হার কার ? হার কারু নয়।'

'ষাই তবে রায়ের নকলটা নিই গে—' খোলা দরজা দিয়ে বেরিয়ে গেল মুরারি। ভিতরে-ভিতরে কাঁপতে লাগল রমলা। দিঁড়ির রেলিংটা শক্ত ক'রে ধ'রে রইল।

'আরো কত নেবে ?' জিগ্গেস করল স্থহাস। 'কে নেবে ? ও ?' খোলা দরজার দিকে ইন্ধিত করল রমলা। 'না, ও নয়, তুমি।' এক পা এক পা ক'রে এগুতে লাগল স্থহাস। 'আমি ?' রমলা ঝরঝর ক'রে কেঁদে ফেলল।

'হাা, তুমি। আবো কত নেবে?' বমলার পিঠের পরে স্থহাস হাত রাখল: 'কত দয়া, কত ক্ষমা, কত তালোবাসা?'

(मा ध

'কিন্তু আপনার মেয়ে কই ?' জিগ্গেস করল রথীন : 'যে প্রার্থী তাকে চাই তো !'

কলেজে সরকারি গ্র্যাণ্ট আছে। মঞ্জুরি আছে ক'টা ফ্রি স্টুডেণ্ট-শিপ। চাই কি সত্যিকার তুম্ব ও গুণী ছাত্র-ছাত্রীর জন্মে বই-থরিদ বাবদ এক থোকে কিছু টাকা দেবারও ব্যবস্থা আছে।

তেমনি একটা ফ্রি ফ্রুডেন্টশিপ চায় তোষিণী। আর সম্ভব হ'লে বই-খরিদ বাবদ থোক একটা টাকা।

সম্ভব হ'লে মানে গুণী হ'লে। তা আপনার মেয়ে তো নিশ্চয়ই লেখাপড়ায় ভালো?

ঠিক রত্ন না হ'লেও একেবারে কপদকও নয়। তিনবারের চেষ্টায় পাস করেছে। অধ্যবসায়ও তো গুণ।

কিন্তু গুণ দেখলেই কি চলে ? এটা কি গুণের যুগ ? এটা স্থনের যুগ। আর চেহারাই হচ্ছে স্থন। কিছুই আর তীরে নেই, সব খাতিরে।

ইকিত যেন তবু বোঝে না যজেশ্বে । বলে, 'এই সেই দরখান্ত। এই তোষিণীর সই।'

'বা, যার দরথান্ত তাকে একবার দেখতে হবে না ?' রথীন প্রায় রুঢ় হ'য়ে উঠল : 'এ যে তার সই সে সম্বন্ধেও তো নিশ্চিত হ'তে হবে। যদি সনাক্ত করার কথা ওঠে ? তোষিণীকে আনেন নি কেন ?'

'এনেছি।'

'এনেছেন ? কোথায় ?' 'বাইরে দাঁড়িয়ে আছে।'

'বাইরে দাঁড় করিয়ে রেথেই আপনি এসেছেন ভিতরে? কেমনতর মান্তব আপনি ?' দাঁড়িয়ে পড়ল রথীন।

সমস্ত স্নায়ূশিরা কৌতৃহলে জাগিয়ে দিতে পেরেছে। শক্ত ক'রে ছিল। বেঁধে ধন্তকে এনেছে তীক্ষতা। এমনি সরাসরি কাছে এসে দাড়ালে সাধারণ এক প্রার্থীর মতো দেখত। এখন হয়তো একটু অন্ত-রকম দেখবে। হয়তো বা একটু বেশি ক'রে দেখবে।

আগে হ'লে হ'ত চোধ তুলে দেখা। এখন হবে চোধ মেলে দেখা। 'ষাই, ডেকে আনছি। বাইরে ঐ গ্রালির মুখে দাঁড়িয়ে আছে।' যজ্ঞেশ্ব বেরিয়ে পড়ল।

রথীনও এগিয়ে এল হু পা। ঠিক দাঁডিয়ে আছে।

হাতে একথানি থাতার উপর ক'থানি মলাট-দেওয়া বই, গলার নিচে রাউজের প্রান্তে ফাউন্টেন পেনের ক্লিপ আটকানো, একটি গ্রামঘেঁষা শাদাসিধে মেয়ে। পরনে ময়লা-ময়লা আটপৌরে শাড়ি, পায়ে কাদামাথা ত্যাত্তেল। দেহথানি দারিদ্র্য ও অযত্ম দিয়ে ঢাকা—মনে
হয়ৈ এই দারিদ্রো আর অয়ত্তেই সৌষ্ঠব বেড়েছে মেয়েটির। আর য়াকে
জিজ্ঞান্ত হ'য়ে দেখা তাকেই বিস্মিত হ'য়ে দেখা। আহা, এর নামটি
রেথেছিল কে ? যে তোষিণী সে কি কথনো বাইরে থাকে ?

'আশ্চরণ । তুমি বাইরে কেন ? এস ভিতরে।' যজেশরের ইঞ্চিত পোলেও যেন রখীনের আহ্বানেরই অপেকা করছিল তোষিণী।

.'ওর বড়ো লজ্জা।' পিছন থেকে যজ্জেশ্বর বললে। 'লজ্জা করলে কিছু হবে না। নিজেকে জ্ঞাহির করতে হবে। নিব্দের ঢাক পিটতে হবে নিব্দেকে—'বলতে-বলতে খামল রথীন। মনে হ'ল লজ্জাও কম জাহির করে না, কম তোলে না উচ্চস্বর। আর কিছু সাজগোজ না থাক লজ্জাই সাজগোজ।

এক ফুঁরের গলিটা কয়েক পা হেঁটে চাপা হাসির স্থগন্ধ ছড়িয়ে উচ্চ হুটো সিঁড়ি ভেঙে ঘরে ঢুকল তোষিণী।

'এ তোমার দরপান্ত ? তোমার দক্তখত ?' জিগ্গেস করল রথীন। যেন কত তার হাতের লেখা দেখেছে রথীন, এমনি ভাব দেখিয়ে তোষিণী বললে, 'তবে আর কার!'

'তবে তোষিণী বানানে দস্ত্য ন দিয়েছ কেন ? যেথানে উদ্ধত্য স্থায্য সেথানে কেন মাথা কোঁট করবে ?' রথীন তাকাল চোথের দিকে: 'কেন মাত্রা মেনে চলবে ? তোমার দেখি বেশি বিনয়।'

'দিন, ঠিক ক'রে দি।' তোষিণী হাত বাড়াল।

'দরকার নেই। আজকাল বানান-ফানান কেউ দেখে না। হাতের লেখার ছিরিছাঁদও উঠে গেছে। এখন দেখে বক্তব্যে বস্তু আছে কিনা। কি হবে বেশেবাসে, আসলে স্বাস্থ্য আছে কিনা, লাবণ্য আছে কিনা—' রখীন আরো খুঁটিয়ে-খুঁটিয়ে দেখতে লাগল দরখান্ত।

'না, দিন, আপনার কাছেই বা ভুল থাকে কেন ?' তোষিণী আরো এক পা এগিয়ে এল টেবিলের কাছে।

'থাক, যথন বলছে লাগবে না—' যজ্ঞেশ্বর বাধা দিল: 'কাটাকুটি হ'লে ববং খারাপ হবে।'

'তোমাকে দেখলাম। তোমাকে চিনলাম। আমার কাছে যধন তুমি সত্য হ'য়েই দেখা দিলে তখন আর যত্ত-ণত্ত কি ?' এবার চোধে একটু গাঢ়তা আনল রধীন: 'তা ছাড়া আমার কাছে ধাকলেই না হয় একটু অন্তদ্ধ হ'য়ে।'

ষেহেতু তারা খুব গরিব, পরপ্রত্যাশী, তারই জ্ঞে সহসা পারছে এমনি অন্তরঙ্গ হবার সাহস দেখাতে, এমনি মনে হ'ল তোষিণীর। কিন্তু গরিব ব'লে সে হবে না পেছপা। বললে, চোথে সাহসী হাসির রেখা টেনে বললে, 'শুধু আপনার কাছে কোথায় ? সমস্ত সংসারের কাছে। দিন, করেক্ট ক'বে দি—'

দরখান্তস্থদ, হাত সরিয়ে নিল রথীন। অক্সকথায় এল। বললে, 'কিন্তু আমি সামান্ত কেরানি, আমার সাধ্যে কতদূর কি হবে কে জ্বানে!'

'তুমি ভেতরের লোক, তুমি চেষ্টা করলে হবে নিশ্চয়ই।' আখাদ দিল যজ্ঞেশর।

'ভেতরের লোক মানে, আফিদের ভেতরে যাতায়াত করি মাত্র। তবে দরখাস্ত ঠিক পৌছে দিতে পারব আর কথাটা যাতে আন্তে-আন্তে পৌছয় ঠিক কানে তেমনি ভাবে চালিয়ে দিতে পারব আশা করি।'

'তা হ'লেই হবে। তুমি ভেতরের লোক মানে আমাদের সংসারের ভেতরের লোক,' যজ্ঞেশবের চোথ ছলছল ক'রে উঠল : 'আমাদেরই একজন। তোমার বাবা আর আমি—'

'জানি, বন্ধু ছিলেন, পড়তেন এক স্কুলে—'

যজ্ঞেশ্বর চোথ মৃছল। বললে, 'ভাগ্যবান ছিল, দব বেখে-ঢেকে গিয়েছে, আর আমি ? এখনে। প'ড়ে-প'ড়ে মার থাছিছ।'

'কিন্তু বাবা যখন অকালে চোথ বোজেন মাকে বললেন, আমার মতো হুংখী আর হতভাগ্য কে আছে! তোমাকে ফেলে রেথে এ কোথায় চললাম আমি একা-একা,—'

'তবু ষেতে ষথন হবেই, যে যায় বেশ যায়!' যজ্ঞেশ্ব দীর্ঘাস ফেলল। 'তোমার মা আছেন ?' 'হাা, উদয়ান্ত ঘানি টানছেন সংসারের।' 'কিন্তু, কেন, বিয়ে করো নি কেন এখনো ?'

বলা উচিত ছিল, কি ক'রে করব, সামাগ্য কেরানি, অল্প আয়, হাড়গোড়ভাঙা একটা সংসার কাঁধের উপর, ভায়েদের মাহ্ন্য করব না নিজে-নিজে অমাগ্য্য বনব— কিন্তু এ সব কিছু না ব'লে উড়ু-উড়ু ভাব ক'রে বললে, 'সময় আসে নি এখনো।'

আর, তুমি তোষিণী, ছাত্রী— না হয় বিচিত্র উত্যোগ আয়োজন ক'রে ম্যাট্রিকটা পাদ করেছ— তাই ব'লে তোমার এ সময়টায় অমনি হঠাং চোখ নামিয়ে কোলের উপর ছ-হাত জ্যোড় ক'রে দ্বির হ'য়ে বসবার মতো কিছু হয় নি। এটা সকাল, বিকেল নয়, সারা শরীরে কনেদেখা আলোর সোনালী আভা আনবার জ্ঞান্তে লজ্জার বং ফোটাবার কোনো মানে হয় না।

যজ্ঞেশ্বর দার্শনিক হবার চেষ্টায় বললে, 'যা বলেছ। কাল পরিপক না হ'লে কিছুই হবার নয়।'

'আচ্ছা, আমি পেশ করব দরখান্ত। শুধু সাধ্যমতো নয় সাধ্যাতীত চেষ্টা; করব যাতে মঞ্জুর হয়।' দরখান্তটা ভান্ধ ক'রে ব্লটিং প্যাডের তলায় রেখে দিল রখীন।

'ব্ৰতেই তো পারছ। যদি পড়াশোনা ক'বে পাদ-টাদ না করতে পারে তা হ'লে কি ক'রে ছোটোখাটো একটা চাকরি জোটে বলো?'

'ছোটোখাটো কেন, বড়ো চাকরিও জুটে যেতে পারে—' ভবিশ্বদ্বভা হবার ভান করতে রখীনেরও বা আপত্তি কি।

'আমাদের অদৃত্তে আবার ঘাদ হ'য়ে চন্দ্রমল্লিকা!' ভেবেছিল কথার পিঠে যজেশ্বই বলবে কিন্তু, না, তাকিয়ে দেখল, কথাটা বলেছে তোষিণী আর শরীরে এমন একটা গাঢ়পুষ্ট ভঙ্গি ক'রে উঠেছে যে ঘাদ যেই হোক, দেই চন্দ্রমলিকা!

ক'দিন পরে তোষিণী নিজেই এসেছে থোঁজ নিতে। সঙ্গে ছোটো ভাই অনাথ।

'এ কি, বাইরে দাঁড়িয়ে আছ কেন ?' অফিসফেরত রথীন গলির মুথে দেখতে পেল ছ-জনকে।

'আপনি তো নেই—' হাসি মুখে বললে তোষিণী।

'ভিতরে নিয়ে যাবার লোক না এলে বৃঝি চুকতে পারো না? এম।'

ঘরটা আজ একটু সজাগ চোথে দেখল তোষিণী। সদর রাস্তা থেকে চিলতে যে গলিটা বেরিয়ে এসেছে তার থানিকটা পার হ'য়ে প্রথম ঘরটাই রথীনের। তার গা বেয়ে খালি বারান্দাটা পেরোলেই পিছনে বাকি মাহুষের আন্তানা। শোয়া-বসা লেখাপড়া সাজাগোজা সব কিছুই এই এক ঘরে। জানলা আছে শিয়রের দিকে। দরজায় চিঠি ফেলবার ফাঁক। কড়া আছে একজোড়া।

'ওঠো, থাটের উপর বোসো পা ঝুলিয়ে !' বললে রথীন। অনাথের দিকে চোথ বটে কিন্তু লক্ষ্য তোষিণী।

আগের দিন যেন একটা কাঠের সরু বেঞ্চি ছিল ঘরে। সেটা বৃঝি কক্ষান্তরে অন্তর্হিত হয়েছে। ওরকম একটা নিচু আসনে বসবার ভঙ্কিটাই বৃঝি সমীচীন হ'ত, স্বাভাবিক হ'ত। থাটটা এত বিশ্রী উচু, পা মেঝে ছোঁবে না, কদাকারের মতো ঝুলবে।

'বদবার কি দরকার ।'

'বা, তা কি হয় ? ভদ্রলোকের ঘরে বসতে জায়গা পর্যস্ত দিলে না, লোকে শুনলে বলবে কি ' 'প্রশংসা করবে। ভালো বলবে।' হাসল তোষিণী: 'বলবে, ভালোই করেছে, প্রশ্রম দেয় নি। নইলে কে না জানে, বসতে পেলে শুতে চায়।' কথাটা ব'লে ফেলেই মরমে মান হ'য়ে গেল তোষিণী। ছি ছি, এটা কি ব'লে ফেললাম! তাড়াতাড়ি স্থর পালটে জিগগেস করলে, 'বেশিক্ষণ দাঁড়াব না। থবর কিছু আছে কিনা তাই বলুন।'

খবর ভালো নয়, তাই তো এত উপশমের ব্যবস্থা।

'তা কি হয় ?' পাশ কাটাতে চাইল রথীন : 'চেয়ারটায় বোসো !' ঘরে একথানা মাত্র চেয়ার, ভদ্রলোককে দাঁড় করিয়ে রেখে নিজে তোষিণী চেয়ারে বদবে এটা অশালীন। আর অনাথ ? অনাথ দাঁড়িয়ে থাকবে 2 এটা অহাায়।

'একটা মাছর-টাছর দিন না পেতে—'

যে একখানা মাত্রর পাতা হ'ল তাতে আগেই ব'দে পড়ল অনাধ।
ক্রিপ্র আঙুলে জুতোর ফিতে খুলতে-খুলতে বললে, 'বাবাঃ, কত ষে
কেঁটেছি আজ, আর পারছি না দাঁড়াতে—'

'কেন, হাঁটলে কেন ?'

'বাড়ি খুঁজে কি বায় করতে পারি ? দিদিটা একবার এসে গেছে তবু কিছু খেয়াল নেই।' জ্তোর ফিতে খুলে ফেলে হু পা টান করল অনাথ।

অনাথের বদবার পর বাকি যে জায়গাটুকু আছে তাতে বদতে গেলে আদ্ধেক পা বাইরে থাকবে আর দে পা ছটোকে বাঁচাতে গেলে হাঁটু ভেঙে বদবার এমন একটা বিহ্বল ভঙ্গি করতে হবে ষেটা অসংগত।

্র 'আচ্ছা, থাটেই বসছি।' ছু হাতের ভর রেথে পিছন দিক থেকে লাফিয়ে উঠল তোষিণী। 'পা তুলে বোসো বাবু হ'য়ে--'

'আপনারই বা থাট সম্বন্ধে এত বার্য়ানা কেন ?' কথার পিঠে অবাস্তর কথা এসে যাচ্ছে তোষিণীর: 'এত উঁচু করবার কী হয়েছে ?'

'থাটের নিচে জিনিসের টাল দেখেছ ? সাধে কি আর উঁচু হয়েছি ? ঠেলার চোটে উঁচু হওয়ায়। তুমিও যদি অন্নরোধে একটু উঁচু হও, পা তুলে বোসো- ?

'বাবাঃ, পারব না এত।' নেমে পড়ল তোষিণী। বললে, 'এই সবে আপনি আফিস থেকে এসেছেন। এখন বেশি বিরক্ত ক'রে আপনার বিশ্রামের ব্যাঘাত করব না- '

'তুমি জানে। না বৃঝি ? বিরক্তিই মাঝে-মাঝে বিশ্রাম।' 'মেটা আপনি ভদ্রত। ক'রে বলছেন। কিন্তু কি দরকার উপস্থিতিকে দীর্ঘ ক'রে ? বিষয়টা তো সামান্য।'

'দামাত্য গ'

'মানে, আপনার উত্তরটা। কি, কিছু আশা আছে ?'

'কিসের ?' তবু একটু ঘোরাতে চাইল রথীন।

'আমার দরথান্ডের। কি, আছে আশা?' তোষিণী চোথের কোণটা ভীক্ষ করল।

'ভদ্ৰতা ক'রে বলব ?'

হাসল তোষিণী। 'আপনি অন্ত রকম ক'রে পারেন নাকি বলতে ?' সত্যিই পারল না। বললে, 'হাাঁ, আশা আছে বৈ কি।'

'সংসারে সর্বত্রই আশা আছে সেই আশা নয়—'

'না. না, ধৃদর অস্পষ্ট কিছু নয়। দব হ'য়ে গিয়েছে, দেক্রেটারির শুধু সই করতে বাকি। ক'দিন পরে আমি নিজেই যাব তোমাদের বাডি। অর্ডারটা নিয়ে যাব।' 'যাবেন ?'

ষেন এখুনি তার জন্মে ঘরদোর প্রস্তুত করা দরকার তেমনি ত্বরা দেখিয়ে তোষিণী বললে, 'নে, ওঠ অনাথ, বাড়ি চল—'

অনাথ হতাশ মূথে জুতো প'রে ফিতে বাঁধতে শুরু করল।
গানিকটা পথ এগিয়ে দিতে এল রথীন।
'এ কি, আপনি আসছেন কষ্ট ক'রে ?'
'পথে একসঙ্গে কয়েক পা না হাঁটলে কি বন্ধু হওয়া যায় ?'
'বা, এইমাত্র আপনি ফিরলেন থেটেখুটে—'

'কই ফিরলাম! আমি ফিরি নি এখনো। চলো, মোড় পর্যস্ত গিয়ে তোমাদের ট্রামে তুলে দিয়ে আসি।' সদাশিবের মতো বললে রথীন।

'ট্রামে যাব না আমরা।' অনাথ বললে। 'তবে ? বাসে ? বাস তোমাদের কলোনি পর্যন্তই যায় বুঝি।' 'না, বাসেও নয়।'

'তবে ?' ট্যাক্সি বলতে সাহস হচ্ছে না রথীনের। না বা অনাথের। অনাথ টোক গিলল, বললে, 'আমাদের বাস-ট্রামের পয়সানেই — ' 'সে কি ?' থমকে পড়ল রখীন।

'না, না, আছে।' ধমকের স্থারে তোষিণী রুখে উঠল : 'আমার কাছে আছে।'

'ছাই আছে। যা আছে তা দিয়ে টালিগঞ্জ ট্রামডিপো থেকে হবে।' বললে অনাথ, 'এখন ডিপো পর্যস্ত হাঁটো নিশ্চিস্ত হ'য়ে। আসবার সময়ও সেই ব্যবস্থা ছিল ব'লে এত মেহনত, তারপর দিদির ভূলের জন্যে রাস্তার ঘুরপাক—'

মনিব্যাগ থেকে একটা এক টাকার নোট বের করল রথীন।

তোষিণীর হাতের মধ্যে গুঁজে দেবার চেষ্টা ক'রে বললে, 'কেন হাঁটবে ? দটান বাদে ক'রে চ'লে যাও।'

যেন সাপে কেটেছে এমনি আতত্তে সংক্ষিপ্ত আর্তনাদ ক'রে উঠল তোষিণী। সার। শরীরে প্রতিবাদের ঝন্ধার দিয়ে বললে, 'না, না, ছি, ছি, ও কি—'

হাত গুটিয়ে নিল রধীন। অভিমানমাথা মূখে বললে, 'এ তো আর কিছু নয়, সামান্ত বাসভাড়া। এতে এত ক্রদ্ধ হবার কি হয়েছে ?'

কথা বলল না তোষিণী। বড়ো-বড়ো প। ফেলে এগিয়ে ষেতে লাগল। কতদ্ব গিয়ে পিছন ফিরে তাকিয়ে চেঁচিয়ে বললে, 'যাবেন কিন্তু একদিন।'

ক'দিন পরেই রথীন উপস্থিত।

কিন্তু এ কি বাড়িঘর ! অন্ধকার বস্তির মধ্যে ভাঙা টিনের চালে ছ-কুঠুরির একটা অন্ধকৃপ বললেও থাতির কবা হয়— একটা এঁদো কুয়ো। ইটের দেয়াল বটে কিন্তু কোথাও এতটুকু চুনের পোঁচড়া নেই। ছেঁড়া চটের গোছলা জানলা-দরজার বদলি থাটছে। মেঝের উপর বৃষ্টির জল ধরবার জন্মে থাকিয়ে বালতি বসানো। চারদিকে আগাছা-জন্মলের জটলা।

'দেখুন কি ভাবে আছি।' ছেড়া শাডিব আঁচল গায়ের উপর টেনে তোষিণী বললে।

'তোমার কি ভাবনা!' রখীন হালকা স্থবে বললে, 'তুমি আর কভদিন থাকবে! মেয়েবা কভদিন থাকে!'

'তার মানে ?'

'তুমি তো অন্য ঘরের জন্মে তৈরি, অন্য ঘাটের। তোমার কি ভাবনা।' আঁচল নিয়ে শত নাড়াচাড়া ক'রেও রিক্ত বাছ ছটি ঢাকভে পারছে না তোষিণী। সেই দিক থেকে চোথ ফিরিয়ে নিল রথীন, জিগগেদ করল, 'থুব গ্রম হয় বঝি ঘরে ?'

'শুরু গরম ? রৃষ্টি নয় ?' অরু জিম ক্রোধের সঙ্গে কপট হাসি মেশাল তোষিণী: 'রৃষ্টির শব্দ নিয়ে কত কবিত্ব শুনি। কিন্তু যথন টিনের চালের পরে পড়ে, উ:, সে কী ভীষণ যন্ত্রণা, শাস্তি স্থ্য সব জ্ব'লে-পুড়ে ছাই হ'য়ে যায়। যাক, আসল থবর বলুন। কিছু হ'ল ?'

'তোমার বাবা কোথায় ?'

'দোকানে। ঐ একথানা মনিহারি দোকানই সমস্ত সংসারের পাকস্থলী।'

'তোমার মা কোথায় ?'

'যথন প্রবাইকে ডাকছেন তথন নিশ্চয়ই কিছু হয়েছে।' মাকে ডেকে দিয়ে তোষিণী চ'লে গেল পাশের ঘরে।

অনেক ঝড়ে প'ড়েও সামলেছে ধে নৌকে। তেমনি একটা দাগধরা শক্ত চেহারার মান্তব এই নয়নতারা।

'কিছু হ'ল স্থবিধে <u>'</u>' গৌরচন্ত্রিক। না ভেঁজে জিগ্গেস করল সরাসরি।

আগে থেকেই ঠিক ক'রে এদেছে রথীন। তার পক্ষে মাস-মাস টাকা দেওয়া কঠিন, তাতে ধরা পড়ারও সম্ভাবনা। বরং এক থোকে ক্ট্রেস্স্টে দিয়ে দেওয়া যায় একবার।

'ক্রি ফুডেণ্টশিপটা হ'ল না, তবে বই কেনা বাবদ এক থোকে পঁচিশ টাকা দিয়েছে।' ব'লে পকেট থেকে টাকা বের করল রখীন।

'ষা পাওয়া যায় তাই লাভ !' হাত বাড়িয়ে টাকা<mark>টা নিন নয়নতারা।</mark>

'ছাই লাভ।' পাশের ঘর থেকে জামা গায়ে দিয়ে চ'লে এসেছে তোষিণী। ঘাড়ের ঝাড়া দিয়ে মাথার চুল ছড়িয়ে ক্রুদ্ধ ভঙ্গিতে বললে, 'আসল হচ্ছে মাগ-মাইনেটা না লাগা। যারা বই কিনতে টাকা দিতে পারে মাগ-মাইনেটা ফ্রি ক'রে দিতে পারে না ? শুধু বই কিনে কি হবে ? ঘোড়া নেই শুধু চাবুকের বাহার।'

'তবু নেই-মামার চেয়ে কানা-মামা মন্দ কি।' টাকাটা আঁচলে বাধল নয়নতারা।

অন্ধকার আনাচকানাচ দিয়ে একটু এগিয়ে দিতে এল তোষিণী। বলন, 'মাস-মাস মাইনে যোগাতে না পারলে চালাব কি ক'রে ? শুধু মেঘেই কি মাটি ভেজে ? এমন কিছু কি ব্যবস্থা হয় না ?'

'रुय ।' मित्रि व'त्न (फनन त्रथीन ।

'হয় ?' উছলে উঠল তোষিণী : 'কি ভাবে ৮'

'দেখি, চাকরি একটা যোগাড় হয় কিনা কোথাও।' রখীন টালটা দামলে নিল।

'হাা, ষে কোনো একটা চাকরি। অন্তত একটা দাসীবৃত্তি।' তোষিণীর গলায় ঝ'রে পড়ল কাকুতি: 'আর এ ভাবে চলে না। সইতে পারি না বইতে পারি না হুর্দশা।'

'জানো যে রানী সেও একজনের দাসী, আর যে দাসী সেও একজনের রানী।' কণ্ঠস্বর ভরাট করল রথীন।

'জানি। কিন্তু বইয়ের কথা বইয়ে থাক। আমার তো **ভ**ধু বই কেনবার কথা, পড়বার নয়।' অন্ধকারেই ফিরে গেল তোষিণী।

সটান ডিরেক্টরেটে চিঠি লিখল। বই কিনতে তো টাকা মঞ্জুর করলেন কিন্তু পড়ব কি ক'রে যদি কলেজের মাস-মাইনে না মকুব হয়? ধালাভরা ভাত দিলেন কিন্তু ফুনটুকু কই?

ভিরেক্টরেট উত্তর পাঠাল, স্বপ্ন দেখেছেন আপনি। আপনাকে বই কেনবার টাকাও মঞ্জুর করা হয় নি। সত্যিই তো, তথন থেকে ভাবছে রখীন, মাস-মাস মাইনের ব্যবস্থা না হ'লে পড়ে কি ক'রে ? শুধু বই দিয়ে কি হবে ? শুধু কাজন দিয়ে কি হবে যদি চোখে না চাউনি থাকে ?

অস্তত হাফ-ফ্রি তো রথীনই ক'রে দিতে পারে। হাফ-ফ্রি মানে মানে সাত টাকা। না হয় দিলই বা সাত টাকা। আরেকটা না হয় টিউশনি নেবে সকালের দিকে।

অপঠিত বই আর অজ্ঞলিত অন্ধকার ছুই-ই নিরর্থকতায় ছু:সহ।
সেই কথাটাই বলতে এসেছিল রথীন, তোষিণী যেন ওত পেতে
ছিল বাঘের মতে।। বললে, 'মা, এসেছে। টাকাটা ফেরত দিয়ে দাও।'
'হাা, বাবা, তোমার টাকাটা ফিরিয়ে নিয়ে যাও।'

'কিসের টাক। ?' পেটের কথা মুখের মধ্যে আটকে রেখে পাধর ১'য়ে দাঁডিয়ে পডল রথীন।

'যে পঁচিশ টাকা বই কেন। বাবদ তুমি দিয়ে গিয়েছিলে দেদিন—' আঁচলের গিঁট খুলতে লাগল নয়নতারা।

'দে কি ?'

'যা প্রাপ্য নয় যা শুরু দান তা আমরা পারব না নিতে।' নয়নতারা মুখচোথ গন্তীর করল। জাকাল মেয়ের দিকে। পার্টটা ঠিক মতো বলতে পারছে কি না মুখন্ব, যেন তারই সমর্থন খুঁজল।

'আহা সরকারের থেকে ষেটা নিতে চেয়েছিলে সেটা কি দান নয়? সেটা কি সরকারের ঘরে প্রাপ্য তোমাদের ? দাদন দেওয়া?' আজ বাড়িতে ছিল যজ্ঞেশ্বর, হাঁকার দিয়ে উঠল। রথীনের পিঠে হাত রেথে বললে, 'তুমি কিছু মনে কোরো না। ও টাকা নেবে না তুমি ফিরিয়ে, কিছুতে না। ও এখন আমার সংসারের টাকা।'

'না। ছঃথে দারিদ্রো দিন খাচ্ছে বটে তবু পারব না ভিক্ষে নিতে।'

মেয়ের দৃষ্টির উত্তাপে আশ্বাস নিয়ে আবার বললে নয়নতারা। আঁচলের গ্রন্থি থেকে ঠিক বার করল টাকা ক'টা।

আশ্চর্য, দুংখে কট্টে অভাবেও তথুনি-তথুনি টাকাটা ব্যয় হয় নি।
যত্ন ক'রে রেথে দিয়েছে মায়ে-ঝিয়ে। আগে যাচাই ক'রে নিতে
চেয়েছে টাকাটা ঠিক হকের কিনা, সত্যের কিনা— শুদ্ধের কিনা।
আশ্চর্য, এথনো এত সৃষ্ধ হিসেব! নাচতে নেমে ঘোমটা!

এই নিয়ে তুম্ল হ'য়ে গেল। একদিকে যজ্ঞেশ্বর, আরেক দিকে
মা-মেয়ে। যজ্ঞেশ্বর বলছে, রথীন আমাদের আপনার লোক, তাই
তো ওর কাছে আমাদের যাওয়া। ও যদি সাহায্য করে, দরথান্ত
আফিসে পৌছে দিয়ে তদবির করাও সাহায্য, তাতে আপত্তি করবার
কিছু নেই, থাকতে পারে না।

না, আমরা ওঁর কাছে সাহায্য চাইতে পারি কিন্তু ভিক্ষে চাই নি।
তা ছাড়া দে সাহায্যের দীমা-সংজ্ঞা নির্দিষ্ট ছিল। এ জবাব মা-মেয়ের।
তা ছাড়া উনি ষা ভিক্ষে স্বরূপ দিচ্ছেন তার মধ্যে মিথ্যে মিশিয়েছেন,
ছলনা মিশিয়েছেন—

'যে টাকার মধ্যে মিথ্যে মেশানো আছে,' ক্রুদ্ধ কঠে এবার স্পষ্ট উচ্চারণ করল তোষিণী: 'তার মধ্যে অপমানের ধুলো।'

'দিন টাকাটা—' টাকাটা নয়নতারার হাত থেকে তুলে নিয়ে ফিরে চলল রখীন।

'চললেন ?' অশ্বকারে পিছন থেকে ডাকল তোষিণী। রথীন দাঁড়াল। তোষিণী কোথায় ? অন্ধকারই কথা ক'য়ে উঠল বোধ হয়।

'আপনার টাকা ফেরত দিলাম বটে কিন্তু আপনাকে নয়।' 'তার মানে ?' রধীন অন্ধকারকেই সন্তাবণ করল। 'তার মানে আবার আসবেন।'

আবার গেল রথীন। আর এবার সরাসরি টাকা চাইল।

গঙ্গাদাগবের মেলায় স্টল তোলার টেগুার চেয়েছে ডিষ্ট্রিক্ট বোর্ড। ষদি কিছু টাকা পাই কন্ট্রাক্টটা নিতে পারি। তা হ'লে সংসারটা আবার হালে পানি পায়।

'কত টাকা ?' দিব্যি জিগগেদ করল রথীন।

'এই শ' চারেক। তুমি দিতে পারো ?' যজ্জেশ্বর রথীনের হাত চেপে ধরল।

নয়নতারা আর তোষিণী কাছেই দাঁড়িয়ে ছিল. ভাগ্যিস দাঁড়িয়ে ছিল। তাদের দিকে চেয়ে রথীন জিগ্গেস করন, 'কি, দিতে পারি টাকা?'

এতটুকু নড়ল না তোধিণী। বললে, 'হ্যা, পারেন, অনায়াসে পারেন, কেননা এটা আপনি ধার দেবেন বাবাকে, ভিক্ষে দেবেন না।'

'হাঁ।, ভিষ্ট্রিক্ট বোর্ড টাকাটা দিয়ে দিলেই ফেরত দিয়ে দেব তক্ষ্নি।' যজ্ঞেখর সরল স্বরে বললে।

'কিন্তু আমার ক্ষমতা কই ?' পাশ কাটাতে চাইল রথীন।

'মোটে চারশ' তো টাকা, দিন না কোথেকে যোগাড় ক'রে।' দম্ভবমতো অন্নয়ের স্বর আনল তোষিণী: 'দেখছেন তো আমাদের অবস্থা। পড়া বন্ধ করতে হ'ল। চাকরি জুটল না একটাও—'

পোস্টাফিদের বই থেকে জমানো টাকা তুলল রথীন। ফাঁকায়-ফাঁকায় নিতে চেয়েছিল যজ্জেশ্বর। রথীন বললে, 'না, যান, আপনার বাড়িতে গিয়ে দিয়ে আসব।'

'হ্যাণ্ডনোট করবে নাকি ?'

'না, তার দরকার হবে না।'

যজ্ঞেশবের বাড়িতে গিয়ে নয়নতারা ও তোষিণীর সামনে গুনে-গুনে টাকা দিল রথীন। চাক্ষ্য সাক্ষী রইল ছ্-জ্বনে। সত্যের ঘরের বাসিন্দে, প্রত্যক্ষদর্শী সাক্ষী। নিশ্চিস্ত হ'ল রথীন। তবু যদি এদের অবস্থাটা একটু ফেরে। দিন-রাত্রির পৃষ্ঠাগুলি একটু উজ্জ্বল হয়। শাড়িটা আস্ত-মস্ত হয় তোষিণীর। অনাথের জুতোতে মৃচির হাত পড়ে।

'টাকা আপনার খুব বেশি হয়েছে ?' অন্ধকারে আবার ডাক দিল তোষিণী।

'কোখেকে হবে ? কত কষ্টে জমানো টাকা—' 'তাই আপনি জলে ফেলবেন ?'

'বা, জুমিই তে। বললে দিতে—'

'আমি বলনাম ব'লেই আপনি দেবেন ? আমি তো কত কিছুই বলতে পারি। আমি যদি বলি—' একটু কি দ্বিধায় জড়িয়ে গেল তোষিণী ?

'কি, বলো না, ব'লেই দেখ না—' রখীন উচ্ছুসিত হ'তে চাইল। 'আমি বলতে যাব কেন ? সব আমাকেই বলতে হবে ?'

হাত বাড়াল রথীন। অন্ধকার ছাড়া আর কিছুই হাতে পেল না।

'মেলা শেষ হয়েছে। ডিব্লিক্ট বোর্ড কবে মঞ্জুর ক'রে দিয়েছে টাকা।
এখন আমারটা ফেরক দিন।' হাত পাতল রথীন।

যজ্ঞেশ্বর বললে, 'টাকাটা এখনো পাই নি। পেলেই দিয়ে দেব।'
'লোকে অনেক কিছু বলবে কিন্তু আর ষাই ছাডুন না ছাডুন,
টাকা আপনি ছাড়বেন না কিন্তু।' কানে-কানে বলার মতো ক'রে
বললে ভোষিণী।

'বা, হকের জিনিদ দত্যের জিনিদ ছাড়ব কেন ?' র্থীন বললে।

'কখনো না। দেড়েম্যে আদায় করবেন। স্থদ চাইবেন।' তর্জনী নেডে কথাটাকে জোরালো করল তোষিণী।

'হ্রদের চুক্তি তো করি নি।'

'সব চাওয়াই বৃঝি চুক্তি মেনে চলে? চুক্তির বাইরেও অনেক কিছু ফাউ থাকে। কথনো-কথনো আসলের চেয়ে স্থদ বড়ো। মূলের চেয়ে ফাউ।'

একদৃষ্টে তোষিণীর দিকে তাকিয়ে রইল রথীন।

'চাইবেন, জোর ক'রে চাইবেন। থাবা মেলে চাইবেন।' আবার বললে তোষিণী: 'শুধু চাওয়ার জোরেই পাওয়া।'

বাবে-বাবে এসে তাগাদা করছে রথীন। পাই নি ব'লে আর ঠেকাতে পারছে না ষজ্ঞেশ্বর। ডিষ্ট্রিক্ট বোর্ড থেকে অকাট্য প্রমাণ এনেছে, টাকা পেমেন্ট হ'য়ে গিয়েছে। আর পাশ কাটাবার পথ নেই। তবে দিয়ে দিন, ফেলে দিন—

এবার আমতা-আমতা ধরল যজ্ঞেধর। টালবাহানা শুরু কর্ল। আজ নয় কাল, কাল নয় এক হপ্তা, এক হপ্তা নয় এক মাদ।

'অসম্ভব।' আবার কাছে এসে নিরিবিলিতে দাঁড়াল তোষিণী: 'আপনি কি মানুষ '

থামল রথীন।

'কি ক'রে চাইতে ২য় আদায় করতে হয় জানেন না কিছু ?'

'কি ক'রে ?' সত্যিই জানে না এমনি রখীন মুখ করল।

'শ্রেফ গায়ের জোরে। আপনার কি একটুও জোর নেই, সাহস নেই ?' তোফিণী যেন আরও একটু ঘেঁষে এল : 'যা আপনার প্রাপ্য তাকে ধরতে পারেন না আঁকড়ে ? মুঠো চেপে ?'

ना, त्जात्रहे (एशारव द्रथीन।

সেদিন স্পষ্টাস্পষ্টি মৃথিয়ে এল। একেবারে যজ্জেশরের বুকের কাছে এগিয়ে গিয়ে দাঁড়াল। যেন পিন্তল উচিয়েছে এমনি ভাবে বললে, 'টাকাটা আজই দিয়ে দিন। এই মৃহুর্তে।'

আর যেন অন্ত কিছু বলবার নেই, উপায়ান্তর নেই আত্মরক্ষার। যজ্ঞের বললে, 'টাকা, কিসের টাকা? কে তোমার টাকা নিয়েছে?'

'সে কি ?' পাশ থেকে চেঁচিয়ে উঠল নয়নতারা।

এ প্রতিবাদ গ্রাছই করল না যজ্ঞের । বললে, 'বাজে কথা বলবার আর তুমি জায়গা পাও নি ? টাকা, টাকা, টাকা নিয়েছি লেখা আছে কোথাও ? দলিল ছাড়া টাকা দেয় কেউ ইছকালে ?'

'বা, টাকা তুমি নিয়েছ বাবা।' তোষিণী বললে তেজী গলায়।
'নিয়েছি ' ছুটে গিয়ে মেয়ের গালে এক চড় কশাল যজ্ঞেশব।
'তুই দেখেছিদ নিতে '

'বা, কে না জানে নিয়েছ টাকা।' জোৱী গলায় বললে নয়নতারা:
'শুধু-শুধু মেয়েটাকে মেরে লাভ কি ''

'বেশ করেছি নিয়েছি।' যজ্জেম্বর মৃথ-চোথ হিংস্র ক'রে বললে, 'আর এও জানি কেন নিয়েছি। কিসের দাদন এ টাকা। এ টাকার ফেরত নেই, এ হয় না ফেরত।'

'এ অপমান আপনি সহু করবেন না।' মারগাওয়। মূথে বললে তোষিণী: 'এর আপনি প্রতিশোধ নেবেন। ছাড়বেন না আপনার দাবি, আপনার আসল— আপনার আসল—'

মামলা ঠুকল রখীন। আর্জিতে লিখল, দলিল-মুচলেকা নেই, শুধু মোকাবিলা সাক্ষী আছে। সাক্ষীর মধ্যে আর কেউনয়, স্বয়ং বিবাদীর স্ত্রী নয়নতারা আর মেয়ে তোষিণী। তাদের সামনে টাকা দিয়েছি। তারা দেখেছে টাকা দেওয়া। যাদেরকে সাক্ষী মেনেড়ি আদালতের পেয়াদাযোগে সমন দেওয়া হোক তাদের।

জবাবে লিখন ষজ্ঞেশর— দাবি সম্পূর্ণ মিথ্যে, ভাক্ত। বই কিনে দেবে, কলেজে বিনে মাইনে ক'রে দেবে এ সব ছুতে। ক'রে আমার মেয়ের সঙ্গে মেশামেশি করতে চাইত, বাধা দিয়েছি ব'লে এই মিথ্যে মকদমা করেছে।

মামলার ডাক পড়ল। প্রথমেই জ্বানবন্দি হ'ল রথীনের।
তারপরে ডাক পড়ল প্রথম সাক্ষী নয়নতারার।
'আপনার স্বামী টাকা ধার নিয়েছে রথীনের থেকে ?'
'না।'
'না ?'
'না, মামলা মিথ্যে।' স্পষ্ট বলল নয়নতারা।
এবার দ্বিতীয় সাক্ষী তোষিণী।
'আপনার বাবাকে টাকা ধার দিয়েছে রথীন ?'
'দিয়েছে।'
'তুমি দেখেছ ?'
'দেখেছি। আ্যার সামনেই দিয়েছে।'
'কত টাকা ?'
'চারশ'।'

অনেক জেরা করল যজ্ঞেশবের উকিল। একচুল টলাতে পারল না। গলায় আনতে পারল না এক তন্ত কুয়াশা।

উকিল সওয়াল করন, মামলা ডিক্রি হওয়া উচিত। একমাত্র তোষিণীর পাক্ষ্যে। সাধ্বী স্থী নয়নতারা স্বামীর পক্ষ নেবে এ আর বিচিত্র কি। অন্ত পক্ষ পালটা বলল, মামলা ডিসমিস হবে। নয়নতারা যদি স্ত্রী

১'য়ে যজ্ঞেশরের দিকে হেলে থাকে, অমুদ্ধপ কারণে তোষিণীও হেলেছে
রথীনের দিকে। স্থতরাং ও সাক্ষ্যের মূল্য নেই। নয়নতারা আর
তোষিণী যদি কাটাকাটি যায় তা হ'লে বাকি থাকে ওথ্ ভর্গাস ওথ্।
দলিল নেই দস্তাবেজ নেই নিরপেক্ষ সাক্ষ্যী নেই— মামলা ডিসমিস।

ছোটো আদালতের মামলা, ছ-কলম তক্ষ্নি লিখে হাকিম মামল। ডিসমিস ক'রে দিলেন। এ মামলাতে বস্তু নেই শুধু আশনাইয়ের রোশনাই।

রায় পেয়ে উদ্দাম হ'য়ে উঠল যজ্ঞেশ্বর। বারান্দাতেই এক চড় কশাল তোষিণীকে। হারামজাদি—

ঠিক রথীনের চোথের উপর কালা ভর-ভর চোথ ফেলল তোষিণী:
'এই অপমানের তুমি শোধ তুলবে না? আজও না, এখনো না?
সভ্যকে এমনি ক'রে হেরে যেতে দেবে? তোমার জন্তে সকলের
সামনে এই লাঞ্ছনা সওয়া ব্যর্থ ক'রে দেবে?' আদালতের ভিড়ের
বাইরে ঠিক গাছতলায় একা-একা ধরতে পেরেছে রথীনকে: 'টাকার
শোধ টাকায় হয়, মারের শোধ কি তেমনি মারে? সম্মান দিয়ে
অপমানের শোধ হয় না? ত্যাগ দিয়ে লোভের?'

ছোটো আদালতের রায়ের বিরুদ্ধে আপিল নেই— কি প্রতিকার, সন্ধ্যা-পেরোনো রাত্রে, শোব-শোব করছে, ভাবছে রথীন। গলিরান্তা নিঝুম হয়েছে কখন। দূরে-দূরে শুধু ছু-একটা রিকুশার ঠুনঠুন।

কে যেন কাকে ঠেলে দিচ্ছে বাড়িতে। বলছে, 'এবার চিনেছিস ? যা এবার, ঐ বাড়ি—'

দরজায় কড়া ন'ড়ে উঠল। 'কে ?' রখীন খুলে দিল দরজা। 'এ কি, ভোষিণী ? এই রাতে ? একা এসেছ ?' 'হ্যা—' 'একা ?'

তাড়াতাড়ি গলিতে নেমে ক্রত পায়ে এগিয়ে গেল রথীন। দেখতে পেল বডো-বডো পা ফেলে চ'লে যাচ্ছে যক্তেশ্ব।

তাড়াতাড়ি ফিরে এল রথীন। বাইরে আলোয় দাঁড়িয়ে আছে তোষিণী। বললে, 'তোমার বাবাকে ডাকো। নইলে কার সঙ্গে ফিরবে ? তিনি যান নি এখনো বেশি দ্র— ধরো গে পা চালিয়ে—' দরজা বন্ধ ক'রে দিল রথীন।

(ध रा मी

কি মজা! তুমি এখানেই বদলি হ'রে আসছ। এ একেবারে ধারণার অত্তীত। লিত ভেকেন্সি না নতুন পোষ্টিং ?

কবে আসছ ? ফুল জয়েনিং টাইম এভেইল করবে নাকি ? কি দরকার ! ফার্নিচার বাসনকোসন তো সব এখানে। একলা মাহুষ, মালপত্র তো বেশি হ্বার কথা নয়। বাঁধাছাদা একবেলার ব্যাপার। তাই যত শিগগির সম্ভব চ'লে এস। হাতে জয়েনিং টাইম থাকে এখানেই কাটাবে ভয়ে ব'সে। না হয় বাড়ি খুঁজে। তথন কি তাডাটাই গেল!

সম্প্রতি এ-বাড়িতেই উঠবে বাবা ব'লে দিলেন। তড়িখড়ি বাড়ি যে পাবে এমন মনে হয় না। যদি কাফ লিভ ভেকেন্সিতে এদে থাকো, সে নিজে সরলেও ফ্যামিলি সরাবে না। আর যদি নতুন পোকিং হয়, বাড়ি তো নয় আকাশকুস্ম।

কবে আসছ টেলিগ্রাম ক'রে জানিও। ইতি তোমার প্রবী।

এর বেশি চাঞ্চল্য নেই। একটা কি যেন ডাকনাম শুনেছিল, কুলু না বুলু, ঠিক মনে পড়ছে না। কুলুই হবে হয়তো। ইতিতে লিখলেই দিব্যি জানা যেত ঠিকঠাক। কিন্তু ইতিতে ডাকনাম লিখলে হালকা শোনাত নিশ্চয়ই, একটু বা জ্বশালীন। তা ছাড়া ডাকনাম মাত্রই বিচ্ছিরি।

্ ডাকনাম ডাকনাম। তার মাথাও নেই মুণ্ডুও নেই। একটু আদর-ভালোবাদার হুর মিশিয়ে ডাকার জন্তেই ডাকনাম। কুলু, নদীর কুলুকুলু। খুব রেগে উঠলে কুলি ব'লে কোন না ডেকেছে কেউ মাঝে-মাঝে। তার বদলে পূরবী। কেমন যেন আঁটসাঁট জামাপরা, স্ট্র্যাপ বাধা জুতো পাগ্নে দেখতে।

নামের শেষে ফলাও ক'রে পদবী ও ডিগ্রিটা যে লেখে নি তাই ঢের। তা হ'লে একেবারে কাঁধে নিশান নিয়ে বেরিয়ে পড়ত মিছিলে। না, দ্বিতীয়বার প'ড়ে আবিষ্কার করল স্থেন্দু, 'তোমার'টি আছে। জামায় বোতামের ঘর আছে। দেয়ালে ঘূলঘূলি। কাঠের মধ্যে কোথাও একট চিনির বাসা।

ততীয়বার পড়বার মতন নয়। রেখে দিল চিঠিটা।

আরো একটা আছে। নাজিরের চিঠি। বাসা একটা পেলেও পাওয়া যেতে পারে। যার জায়গায় আপনি আসছেন, ভাড়াটে বাড়ি, তিনি ফ্যামিলি নিয়ে যাবেন কিনা ঠিক করেন নি। যদি নিয়ে যান এ-বাড়িতেই উঠতে পারবেন। নচেৎ অন্থ বাড়ি দেখতে হবে। দেখছি। লোক লাগিয়েছি। ছ্-চার দিনের মধ্যেই একটা হিল্লে করতে পারব আশা করি। সে ক'টা দিন এখানে, যদি কিছু মনে না করেন, আপনার আত্মীয়ের বাসায়ই থাকতে পারবেন। নচেৎ যদি বলেন, ডাকবাংলো ঠিক রাথব।

এটা বেশ উৎসাহদায়ক চিঠি। এতটা যেন আশা করা যেত না। স্বাধীনতার পর পরোপকার করা উঠে গেছে। সবাই স্বাধীন। পিওন-চাপরাসিও স্বাধীন।

কি জানি কেন, আবেকবার প্রবীর চিঠিট। টেনে নিল স্থেকু। গোড়াতেই একটা মজার কথা লিখেছে না? তা ছাড়া এটা— টেলিগ্রাম ক'রে জানাও কবে আষছ। এর মধ্যে নেই কি একটু ব্যাকুলতার স্থর? কোমলতার স্থর? হাতের স্পর্শ টা মনে পড়ল। রাত অনেক হয়েছে, ঘুম আসছে না।
কি ক'রে আদে। পাশে যদি একজন ভদ্রমহিলা শুয়ে থাকেন, তা হ'লে
শাস্তি কই ? জেগে থেকে অস্তত সম্ভ্রমকে তো পাহারা দিতে হবে।
তা ছাড়া ভদ্রভাবে কি ব'লে আরম্ভ করতে হয় কথা তাও জানা
নেই।

অন্ধকার ঘরে ভাগ্যিস ফ্যানটা স্পার্ক দিচ্ছিল। একটু ভয়মেশানো স্থরে স্থথেনু তাই বলতে পারল : 'ফ্যানটা জ'লে যাবে না তো ''

ফ্যান আবার কি ক'রে জলে। ব'লে ফেলেই একটু ঘাবড়েছিল। বিজ্ঞানের মেয়ে, খুব ঠিকঠাক কথা বলা দরকার।

তোমাদের বাড়ির ফ্যান তোমরাই জানো— এ অনায়াদে বলতে পারত পূরবী। তা হ'লে বলাটা বরং অনৈর্ব্যক্তিক হ'ত। তা না ব'লে বললে, 'বন্ধ ক'রে দিলে কেমন হয় ?'

তোমার হাতের কাছেই স্থইচ, দয় ক'রে একটু উঠে বন্ধ ক'রে

দাও না— এ বললে কি খুব অসমীচীন হ'ত ? বললে বরং একটু

আশনটেষা শোনাত। তার বদলে স্থেন্দু বললে, 'ওরে বাবা, বন্ধ
করলে ঘুমুব কি ক'রে '

যুম্নোই যথন উদ্দেশ্য, তথন কথা বলার কি দরকার ! চুপ ক'রে রইল প্রবী।

আবার একটা ঢিল ছু ড়ল স্থপেন্দু: 'কিছু হবে না তো?'

'কি আবার হবে!'

'ফ্যানটা পুরোনো।'

'অনেক দিন অয়েলিং হয় নি বোধ হয়।'

ফুলশ্ব্যা না কণ্টকশ্ব্যা। ঘরের মধ্যে এত ফুলফল থাকলে কি ঘূম আদে, না, কথা আদে। তবু সাহস ক'রে পূরবীর ডান হাতটা

টেনে নিল হাতের মধ্যে। বললে, 'কাল সকালেই তা হ'লে ফিরে যেতে হবে ?'

'আমার বিকেলে গেলেও চলে।' পূরবী যেন খানিকটা স্থতো ছাড়ল: 'আমার সোমবার জয়েনিং ডে, তবে প্রিন্দিপ্যালকে ব'লে ক'য়ে—'

'আমারও তো সোমবার। আমার একেবারে নট নড়ন-চড়ন। তোমাকে পৌছে দিয়ে বিকেল নাগাদ বেক্ষতে না পারলে আমিও ষে জয়েন করতে পারি না—'

এ সবই জানা কথা। আগের থেকেই ছক কাটা। সে সব জানা-শোনা রাস্তা দিয়েই চলাফের। করছে। যেন আর কোনো মাঠঘাট নেই নদী-নির্জন নেই।

ভেবেছিল হাতথানি বুঝি সরিয়ে নেবে হাতের থেকে। নেয় নি। বেশ শক্ত হাত, থদথদে। বিজ্ঞানের লেবরেটরিতে কাজ-করা মেয়ে, হাত একটু কর্কশ হওয়াই তে। উচিত। দরকার হ'লে সংসারের মাজাঘষাও করেছে হয়তো। তেমনটিই তো চেয়েছিল স্থেন্দু। কাজ করতে-করতে কঠিন হওয়া হাত। যে হাতে রয়েছে দৃঢ় মৃষ্টির ব্যক্তিত্ব। তুকতুকে মৃচমুচে হাত দিয়ে সে কি করবে?

একটিমাত্র রাত। রাতের মতে। রাত। তারপর কাল দিনের বেলা একত্র একটু জার্নি করার পর আবার ছাড়াছাড়ি। মাঝপথে পূরবীকে সদরে তার বাপের বাসায় পৌছে দিয়ে স্থেন্দুকে আবার বেশ থানিকটা যেতে হবে উজিয়ে, ভিন শহরে। ছ্-জনেরই চাকরির তাগিদে এই নির্মম ব্যবস্থা। নিয়মে একটু নির্মম না হ'লে জীবনে লাবণ্য থাকে না।

স্থতরাং নোমবারই যে যার খুপরিতে গিয়ে চুকবে। পূরবী কলেজে, স্থান্দু কোর্টে। তিন্দিনের ক্যাজুয়েল লিভেই বিয়ে সারা।

পরীক্ষা পাদের পর থেকেই পাত্রীদের ঝিরঝিরে বৃষ্টি শুরু হয়েছিল, চাকরি পাবার পর তো একেবারে ম্যলধারে। তবু ছাতা আড়াল দিয়েছিল এতদিন স্থেন্। বলেছিল, শিলার্ষ্টি চাই।

একবার একথোকে টাকা নয়, মাদে-মাদে টাকা, বছরে-বছরে টাকা। টাকা মানেই আরে। টাকা। অর্থাৎ চাকুরে মেয়ে চাই। ও সব টুংটাং কেরানি মেয়ে নয়, বেশ খটখটে রোদালো মেয়ে। বছর পাঁচেক অপেক্ষা করার পর সন্ধান পেয়েছে পূরবীর। মেয়ে-কলেজে ফিজিক্সের প্রকেসর। সেও ডগা লতিয়ে-লতিয়ে অনেক দিন আঁকুপাঁকু করেছে। রিদকে রিদিক চেনে। আর যায় কোথা।

নমস্কার। কোনো ছলনার ছায়ায় ব'সে দেখা নয়, স্পষ্ট সভা ক'রে মেয়ে দেখা।

বৈজ্ঞানিক মনোভঙ্গি ব'লেই পূরবী আপত্তি করে নি। ষথন প্রেমে পড়বার স্থযোগ নেই, আর ষথন বিয়ে করাটাও বিজ্ঞানসম্মত, তা ছাড়া মেঘে-মেঘে বেলাও ষথন অনেক হ'য়ে গেছে, তথন গতাস্তর কি। নমস্কার। নির্জীক নিস্পৃহ ভঙ্গিতে প্রতিধ্বনি করেছিল পূরবী।

এর আবার দেখবার কি আছে। তবু একবার চোথ বুলাল স্থেন্।

শামলা, রোগাটে, রুক্ষ, ঋজু। বেশ একটু গন্তীর, কঠিন। দাঁড়ানো
ভ চলায় বেশ একটু স্পর্ধা। নিজের পায়ে দাঁড়ানো, নিজের পায়ে
চলা। সে স্পর্ধা যেন ঔদ্ধত্য নয়, দীপ্তি। টানা-টানা চোথ ক্লান্তিতে
ভরা। অনেক পড়া ও রাত জাগার ক্লান্তি। অনেক বা অবদমনের।
কাঠে ফুল ফোটাতে পারাই তো ইক্রজাল। ভক্ষে ঝরনা নিয়ে আসা।
ধ্সরে সবুজের সারল্য। একটি স্বাস্থ্যের ঘূমে ক্লান্তির অপসার।

একবাক্যে রাজি হ'য়ে গেল স্থান্দ্। একচক্ষে প্রবী। 'তুই শুরু চাকরি দেখলি। মাইনে কত বউয়ের ?'

'মন্দ নয়, আন্দাজ ক'রে নে। কিন্তু চাকরির চেয়ে বেশি কিছু দেখেছি।'

'রূপ ?'

'হ্যা, রূপই বলতে পারো। মেধা, বিছা বা প্রতিভা কি রূপ নয় ? ভার স্বাধীন ব্যক্তিত্ব তার কঠোর কর্মশক্তি এ সব কি শ্রদ্ধা আকর্ষণ করবে না ? এ সব কি নয় আস্বাদের উপযুক্ত ?'

'তোর বউ চাকরি করবে এক শহরে, তুই আরেক শহরে, এ-বিয়েতে স্থথ কি।'

'স্থকে বেশি কাছে ঘেঁষতে না দেওয়াই স্থা। একটু দূরে-দূরেই তো ভালো, মন জায়গা পাবে ওড়বার।'

'তার চেয়ে বিয়ে না ক'রে চিঠি ছাড়লেই চলে।'

'কেন, কলেজে ছুটিছাটা কম কি। বড়ো ছোটো এটা ওটা তো লেগেই আছে। আমার কাছে আসবে সে সব ছুটিতে। শুধু ভাঁড়ার আর হেঁশেল না ক'রে একটু লেবরেটরি ও স্টাডিসার্কেল করলে মন্দ কি।'

'কিন্তু কত দিন ?'

আর কে বৃথত প্রবীর মর্যাদা। মার্কেন্টাইল ফার্মের ছোকরার।
থ্ব চটকদার বটে, মাইনের দিক থেকে, কিন্তু তারা বউ চায় না তো
চায় বইয়ের মলাট। হাতে রাথার দিকে নজর নেই, পাতে দেওয়ার
দিকে নজর। আর বিভাব্দ্ধির দিক থেকে ভাল্পে ঝিঙে বলে পটোল।
তব্ হাকিম মান্ত্র্য, যা হোক কিছু লেখাপড়া শিথেছে, লেখাপড়ার
মান ব্থবে। রূপের জাত্ব চেয়ে বিভার জাত্ব যে কম নয়, এ বে

মেনে নিল তাকে নাপছন্দ করি কি ক'রে! ঘোড়ায় ওড়া রাজপুত্র কোথায় পাব, লোকটি ভালো হ'লেই যথেষ্ট।

'এ তো বিয়ে নয়, চাল্নি ক'রে ঘোল বিলোনো।' এদিকে টিপ্পনি ঝাড়তে এল মেয়ে-বন্ধুনীর দল: 'বলি ঘর করবি কোথায়? তুই রইলি বামুনপাড়া আর ও রইল কায়েতট্লি।'

'এপার গন্ধা ওপার গন্ধা, মধ্যিখানে ছুটিছাটার চর। তাই ব'লে বল এত কষ্টের চাকরিটা ছেড়ে দিতে পারি ? নিজের পায়ে দাঁড়াবার মতো জায়গাও তো একটা রাখতে হয় জীবনে।'

'কিন্তু বিয়েটাকেও তো সাকসেসফুল করতে হবে। একসঙ্গেই যদি থাকা না গেল. এ আশার পাশা থেলে লাভ কি।'

'আজকের দিনের বড়ো কথা হচ্ছে ট্যাক্ট, কৌশল। রাধিকা একটা ছেড়ে আরেকটা নিয়েছিল। আমাদের শ্রাম আর কুল হুই-ই রাথতে হবে। স্বামী আর চাকরি।'্

'খাম আর কুল দাপ আর নেউল। হয় চাকরি ছাড়ো, নয় স্বামী ছাড়ো।'

যথেষ্ট ইঙ্গিত দিয়েছিল স্থেন্দ্। আঙুল ক'টিও বিচ্ছিন্ন ক'রে ধরেছিল একটি-একটি ক'রে। এ পর্যস্তই শালীনতা, স্থক্তি। এর বাইরেই গোলমাল। আর ষাই হই যেন থেলো না হ'য়ে যাই। লঘুতার স্পর্শলেশ না থাকে।

দেয়ালের ঘডিটাও বেআকেল। ওটার আবার কাজ নেই ঘটায়-ঘটায় বাজে। এখন রাত বারোটা, বাজছে ঢং ঢং ক'রে আটটা। যথন শেষ রাতে চারটে হবে তথন বারোটা আওয়ান্ধ হবে।

একজন জেগে-জেগে পাধার স্পার্ক দেখুক, ঘড়ির ঘণ্টা শুহুক আরেকজন। ঘুম যাক, শালীনতা বজায় থাক। স্থথের চেয়ে শান্তি বড়ো। মনের চেয়ে মান। স্বার উপরে ডিসিপ্লিন।

টেলিগ্রাম ক'রে আর দরকার নেই, চিঠিই লিখল স্থথেন্। লিখল, শনিবার সন্ধ্যার টেনে পৌছুচ্ছি। নাজিরকে লিখল, যদি পারেন স্টেশনে লোক রাথবেন। আর ডাকবাংলোটাও রাথবেন হাতে।

কী বিপদ! শনিবার আসছে। আর দিন পেল না আসতে ? পূরবী চোথে পুধু দেখল। শনিবার যে আমাদের কলেজের ফাংশান ।

এখন এ কথা জানাই কি ক'রে ? তার সময় কই ? টেলিগ্রাম ক'রে তো জানানে। যায় না। প্লিজ কাম অন সানছে-—

মেয়ের বিপদ ব্ঝলেন স্থ্যদ্বার। বললেন, 'আমি নিজেই প্টেশনে যাব'থন।'

নতুন মোটা হচ্ছেন তুষারকণা। বললেন, 'আমিও।'

নিশ্চিন্ত হ'ল পূরবী। বাবা মা হাজির থাকলেই নিয়ে আদতে পারবেন। নিজের থুব থেতে ইচ্ছে করছে, কত দিন দেখা নেই। বিয়ের পর প্রায় তিন মাসের কাক। মাঝে ত্-দিনের ছুটি গোটা তুই পড়েছিল যাতে পুরো রাত একটার বেশি হয় না। কিছু কে কার কাছে যায় ? পূরবী যাবে ? ছি ছি, লোকে বলবে কি। স্থাপেন্দু যাবে ? সম্রাস্ততার গলায় দড়ি।

লিখেছে স্থাবনু, সামনেই পূজার ছুটি। তোমারও আমারও। তথন বেরিয়ে পড়ব ছু-জনে। তথন ভাব হবে।

মনে-মনে চুল উড়িয়েছে আচল ফুলিয়েছে পূরবী। বেরিয়ে পড়ব। পাহাড়ে। সমুদ্রে। তুর্গমে। নির্জনে। শাল শিমুলের বনে। ঝরনার উৎসের কাছটিতে। ইনস্পেকশান বাংলোয়। হোটেলে। লেকের উপর নৌকোয়। টেনের কুপেতে। কিন্ত তার আগেই এসে পড়েছে লগ্ন। একই মফস্বল শহরে ছ-জনের চাকরি। যার-যার আলাদা ক্ষেত্রে কাজ করা, আবার একসঙ্গে থাকা। যেমনটি হবে ব'লে ভাবে নি অথচ হয়েছে। সর্ববিরোধভঞ্জন মীমাংসা।

মায়ের সঙ্গে থেকে ঘরদোর পরিষ্কার করেছে পূরবী। দোতলার পাশের ঘরটাতেই থাকবে ত্ব-জনে। হল-ঘরটায় আয় না। না না, পাশের ছোটো ঘরটাই ভালো।

মনে-মনে ভাবলে বড়ো ঘরেই বেশি শালীনতা, ছোটো ঘরেই হয়তো বেশি উত্তাপ বেশি নিভৃতি। মন দিয়ে সাজাল ঘর। কোথায় গাট কোথায় ড্রেসিং টেবিল কোথায় লম্বা আয়নাওয়ালা আলমারি কোথায় বা ডিভান। বিয়ের পাওয়া সমস্ত ফার্নিচার এথানে মেয়ের বাড়িতেই র'য়ে গেছে। কোথায় নেবে মক্স্বলের মহকুমায় যেথানে ত্থানা কাঁঠাল কাঠের চেয়ার টেবিলেই ১'লে যায়। তা ছাড়া জিনিসগুলো তো স্থেশনুর একার নয়, ত্ব-জনের। অতএব যতক্ষণ ত্ব-জনের সংযুক্ত ঘর না হছে ততক্ষণ তেমনি থাক যেমনি আছে।

আদর-ভরা হাতে ধুলো ঝেড়েছে পূরবী। আব ক'টা দিন থাক এথানে ঠাসাঠাদি ক'রে, পরে এ শহরেই যথন বাড়ি পাবে— বাড়ি একটা কোন না পাবে— তথন সমস্ত নিয়ে বদবে মেলে-ছড়িয়ে। কি মজা! এমনটি সচরাচর হয় না, প্যাকিংএর হ্যাকাম নেই, খোঁচাখুঁ চির আচড় লাগবে না এতটুকু। সব নিট্ট থাকবে। সব নিট্ট আছে।

কিন্তু শনিবার কেন ? পাঁজি দেথে যাত্র। নাকি ? রাজকার্যে আবার পাঁজি কি! কবে জয়েন করতে হবে, শনিবারে বিশেষ কি মাহাত্ম্য কিছুই লেগে না! রবিবারটা বিশ্রাম করতে চায় বৃঝি। বিশ্রামের ব্যবস্থা তো স্থায়ীই হয়েছে এবার। কি জানি কেমনতর লোক যেন বাপু। ফুলশব্যার রাতে হাতটা টেনে নিল একটু হাতের মধ্যে— ব্যস— তারপর যত সব আজেবাজে কথা। মেয়ে প্রেমেই পড়ুক বা এম-এই পড়ুক নেমে পড়তে পারে না, যদি কেউ নিজের থেকে তাকে না নামায়। শিষ্টতা ব'লে তো একটা জিনিস আছে।

কি রকম যেন ভারিকি ভিতু শ্রেছের-শ্রেছের দেখতে। চিঠি ত্ব-একথানা যা লিথেছে সম্বোধনে শৃন্ত, ফিল-আপ-দি-গ্যাপ করতে দিলে ছাত্রছাত্রীরা তাতে সবিনয় নিবেদন লিথত। এই দেথ না হালের চিঠিটা। কিছুমাত্র ব্যাকুলতা নেই, আগ্রহ আনন্দ নেই। যেন আইনের ভাষার স্থির ও সংযত একটা বিজ্ঞপ্তি মাত্র। এথানে বদলি হ'য়ে আসছে এ থবর দিয়ে যে চিঠি লেথে— কত বড়ো স্থথের থবর --তথনো এতটুকু আন্দোলন নেই। যেন একটা নামজারির নোটিশ।

তব্ তিন দিনের মথে জোড়ে ফিরে এসে চ'লে যাবার সময় কি
রকম ভাবে যেন চেয়েছিল পূরবীর দিকে। একটু হেসেওছিল বোধ
হয়। বোকা-বোক। মিষ্টি-মিষ্টি হাসি। যেটুকু সমীচীন ঠিক সেইটুকু।
মাগো, বড়ো বয়সে কেউ যেন বিয়ে না করে, এতটুকু রাগ ছেষ লোভ
মোহ কিছু নেই। পূরবীর নিজেরও আছে নাকি ? সেই বা কেমন
ক'রে তাকিয়েছিল শুনি ? চোথ ছলছল করেছিল নাকি, যামীর সঙ্গে
যাবে কি যাবে না দিধা করেছিল একবিন্দু ? কি ক'রে করবে বলো।
বাত ফুরুলেই কাল আবার কলেজ। তেমনি স্থাপনুরও কাছারি।

যাক, আজ শনিবার, সব আজ চ্ড়াস্ত হ'য়ে যাবে। উপায় নেই, প্রবীকেই একটু আসতে হবে এগিয়ে। এ তার নিজের ডেরা নিজের গুহা। পারবে সে একটু উপর-চড়া হ'তে। সে শিক্ষয়িত্রী, তাকেই একটু নিতে হবে শিথিয়ে-পড়িয়ে। প্রাবল্যের অভাব মেটাতে হবে ছলনার প্রাথর্মে। ফাংশান ভাঙতে-ভাঙতে প্রায় ন'টা। কলেজেই তারপর খাওয়াদাওয়া। একেবারে খেয়েদেয়েই বাড়ি ফিরবে। ফাংশান ছেড়ে ফিট্টি ছেড়ে আগে-আগে পালানে। দৃষ্টিকটু, অশালীন। কি ভাববে মেয়েরা, প্রফেসররা। স্বামীর সঙ্গে মিলতে চলেছেন উন্মাদিনী। ছি ছি। না, আন্তে স্বস্থে সিডিউল ঠিক রেখেই সে ফিরবে। বরং তৈরি হ'য়েই ফিরবে। নাচ ও নাটকের টাটকা হাওয়া গায়ে নিয়ে। যদি খেয়েদেয়ে ঘুমিয়ে পড়ে ইতিমধ্যে তবে তো ভালোই। চমকে দেবে ঝলসে দেবে। ঘুমের মধ্যেই তো চমকে দেবার স্থা।

আহা, ঘুমৃক একটু আগ-রাতে। গদির উপর থুব নরম আর পুরু
ক'রে বিছানা করা। ট্রেনের ধকলের পর নিক একটু বিশ্রাম ক'রে।
বিকেলের দিকে স্থস্পবাবু বললেন গাঢ় ম্থে, 'তোর প্রিন্সিপ্যালের
এ কি কাণ্ড, মন্ত্রীকে ডেকেছে প্রিসাইড করতে।'

'তিনজনকে ডেকেছেন।'

'তিনজন ?'

'হ্যা, আজকাল তিনজন লাগে। এক সভাপতি, হুই প্রধান অতিথি, তিন উদোধক।'

'বটে ?'

'মন্ত্রী সভাপতি, সম্পাদক প্রধান অতিথি, সাহিত্যিক উদ্বোধক।' 'মন্ত্রী হ'য়েই তে! অস্থবিধে হ'ল।' চিস্তিত মৃথে বললেন স্থন্ধদবাবু, 'আমার যে যেতে হয় তা হ'লে।'

'বেশ তো যাবে।' পূরবী হাদল।

'আর জানো না বৃঝি, কুলু নিজেও একটা পার্ট নিয়েছে।' বললেন তুষারকণা, 'সেটা দেখবে না একটু ?'

'সত্যিই তো, দেখব বৈ কি।' বললেন স্বহদবাৰু, 'ভূমিও তা হ'লে চলো।' ভদ্রলোকের তা হ'লে গতি কি হবে ? যিনি আজ আগছেন সন্ধ্যার টেনে ?

সব বন্দোবন্ধ ঠিক আছে। তরুণ যাবে স্টেশনে। কি রে, পারবি নে ? 'থুব পারব।' ফার্ফ' ইয়ারের ছাত্র, শার্টের কলার ফুলিয়ে অপার তাচ্ছিল্যের সঙ্গে বললে।

'চিনতে পারবি তো ? মনে আছে চেহার। ?'

'মনে না থাকলেও ধরন-ধারণ দেখে ঠিক বার করতে পারব।' শুব চালের মাথায় তরুণ বললে।

'তবে আর ভাবনা কি, বলবি বৃঝিয়ে-স্থঝিয়ে ন'টার মধ্যেই আমরা ফিরব।' বললেন স্থস্পবাবু।

'ঘর-দোর বিছান। বাথকম শব তৈরি।' তুষারকণা লেজ্ড় জ্ড়লেন: 'থেতে চাইলে বল। আছে ঠাকুরকে। বুঝলি ? আদর অভ্যর্থনার ক্রটি হয় না যেন দেখিস।'

সমস্তটা পথ ভাবতে-ভাবতে আদছে স্থাবন্দ্ । চারদিককার মাঠ-ঘাটও ভালো লাগছে দেখতে । ধানখেত মেঠো পথ গক বাছুর লোক-জন । কোনো দিন খায় না, আজ ভালো লাগছে খুরিতে ক'রে চা খেতে । কপট পোশাকে নয়, ঘরোয়া সরল পোশাকে দেখবে আজ পুরবীকে । মন্দ লাগবে না । গম্ভীরকে বিগলিত করবে, আড়প্টকে পরিমৃক্ত । বেশ দেখতে লাগবে দেই অবতরণ । বিহুষী বিনতা হবে. বৈজ্ঞানিক যুক্তিবিক্ষশা প্রতীক্ষা থেকেই সব হবে ।

সন্ধের শেষে ঠিক সময়ে ট্রেন পৌছুল ফেশনে। ছটো পিওন এসেছে দেখছি। 'আমিও এসেছি।' ফুটফুটে একটি ছেলে এগিয়ে এসে বললে। 'কে তুমি ?' খুব স্মাট শোনাবে মনে ক'রে ছেলেটি বললে, 'আমি আপনার শালা, তরুণ।'

ত্ব-একটা শাড়ির স্থূপ বা শিখা বা ফোয়ারার দিকে তাকিয়ে স্থাতোক্তির মতো স্থাবন্দু বললে, 'আর কেউ আসে নি গ'

'কি ক'রে আসবে! দিদিদের কলেজে যে ফাংশান। অনেক সব হোমরাচোমরা এদেছে—' লিষ্টি দিলে তরুণ: 'বাবা-মাকেও তাই ষেতে হ'ল।'

'তুমি গেলে না ?'

'বা, ওটা মেয়েদের কলেজ যে। বাবা-মা গেছে স্পেশাল ইনভিটে-শনে। চলুন, গাড়ি ঠিক ক'রে রেখেছি। এই তো মাল। তুটো স্থটকেস আব এই হোল্ড-অল ?'

পিওনরা হাত লাগাতে এল।

'ডাকবাংলো ঠিক আছে ?' স্থেন্ জিগ্গেদ করলে।

'না, হজুর।'

'না ?' ব'সে পড়ল হুখেন্দু : 'তবে গাছতলা ?'

'না। বাড়িই পাওয়া গেছে।' পিওনদের একজন বললে।

এর মতো পাওয়া আর কিছু হ'তে পারে না ছনিয়ায়, এমনি আনন্দে স্থেন্দু বললে, 'বাড়ি পাওয়া গেছে ? কোন বাড়ি ?'

'থার জায়গায় আসছেন তিনি ফ্যামিলি নিয়েই ত্বপুরের ট্রেনে চ'লে গিয়েছেন। সেই বাড়িটাতে যত তাড়াতান্ডি সম্ভব চুকতে হবে। নইলে প্রাইভেট বাড়ি, কে কখন গাজ্বি চুকে পড়ে ঠিক নেই। অবিশ্রি আজ বাভিরটা—-'

'চলো চলো ঝটপট---'

'মালপত্র ফার্নিচার কিছু ঢুকিয়ে দিয়ে দখল নিলেই তো চলবে।'

তরুণ এগিয়ে এল: 'লোকজন লাগে পিওন ছ্-একজনও থাকতে পারে, আমরাও না হয় পাঠিয়ে দেব দরকার হ'লে। কিন্তু আপনার যাবার কি দরকার! আপনি আমাদের বাড়িতে চলুন, সবাই ব'লে দিয়েছেন,— কষ্ট হয়েছে কত ট্রেন—'

ও সব কথা গ্রাহ্যের মধ্যেও আনল না। মালপত্র চাপিয়ে একটা ছ্যাকরা গাড়ির উপর চ'ড়ে বসল স্থথেনু।

সঙ্গে-সঙ্গে তরুণ সারা পথ এল সাইকেল ক'রে। অনেক বোঝাল। এক রাত্রি কি থালি বাঁড়িটা রাখা যায় না কবজার মধ্যে ? নিশ্চয়ই যায়। এত তাড়াহুড়ো ক'রে রাতারাতি দখল নেওয়ার মাথাব্যথাকি।

কত কাকুতি মিনতি করছে ছেলেটা, হেরে যাচ্ছে বাবা-মার কাছে দিনির কাছে, গুস্ত কার্য উদ্ধার করতে পারছে না, একটু বোধ হয় মায়া হ'ল স্থেন্দ্র। বললে, 'বাড়িটা কেমন দেগে আসতে ক্ষতি কি।'

'তা না হয় দেখুন। কিন্তু থাকা চলবে না। আমাদের ওথানে দব তৈরি হ'য়ে আছে। ঘর-দোর বিছানা বাথকম চা-খাবার—'

বাড়ি দেখে স্থেন্দু একেবারে পুলকিত। বা, চমৎকার।

কানা গলির মধ্যে একটা বধির ইপ্টকপুঞ্জ। তার উপর এখন তো ছাড়াবাড়ি, ভূতের আন্তানা। বাড়ি ছেড়ে যাওয়ার আবর্জনায় চারদিক ভরা। উন্থন ভেঙে দিয়ে গেছে, গাছপালা একটাও আন্ত রাথে নি, ইলেকট্রিক বালবগুলো তো নেবেই, একটা পেরেকও গাঁথা নেই দেয়ালে। আদালত থেকে পাওয়া নড়বড়ে ক'টা টেবিল চেয়ার শুধু প'ড়ে আছে।

'ঘর-দোর একটু পরিষ্কার ক'রে রাখা যেত না ?' 'উনি এই তো গেলেন। তা ছাড়া স্কনেছিলাম আজ রাতটা—' 'একটা স্থইপার ধ'রে নিয়ে এস।' প্রায় ধমকের স্থরে স্থেন্দু বললে, 'আর ক'টা বালব। জলটল আছে তো ৪ বালতি ৪ মগ ৪'

'দব যোগাড় ক'রে দিচ্ছি।' আর্দালি কথন শামিল হয়েছিল, উদ্ধা-বেগে বেরিয়ে পড়ল।

'এইখানে থাকবেন নাকি ?' তরুণ আবার এগিয়ে এল : 'পাগল না মাথা খারাপ !'

'নিজের বাড়ি পেলে আর কি চাই ? স্বর্গের চেয়েও বড়ো পাওয়া এই বাড়ি পাওয়া।'

কিছুতেই ঘাড় সিধে করল ন। স্বথেন্দু। ফিরিয়ে দিল তরুণকে। টেবিলের উপর জ্বলন্ত টর্চের মুখটা দরজার দিকে রেথে পিছনে অন্ধকারে চেয়ারে ব'সে সিগারেট টানতে লাগল।

সাঁই-সাঁই ক'রে সাইকেল চালিয়ে তরুণ এক দৌড়ে পৌছুল এসে কলেজে। কী লক্ষা, গুন্ত কাজ উদ্ধার করতে পারল না!

একটা ভরা পিনকুশনের মতো ভিড়। বাড়িতে বিশেষ অস্বথ, অ্যাকসিডেণ্ট, এখুনি থবর দিতে হবে, এমনি অনেক বায়নাকার পর তরুণ চুকল হলের মধ্যে। স্বস্তুদবাবুর কানের কাছে মুখ রেপে বললে ফিসফিস ক'রে, 'জামাইবাবু আমাদের বাড়িতে উঠল না।'

'দে কি ? কোথায় উঠল ?'

রিকশা নিয়ে বেরিয়ে পড়লেন।

'বলছি, বাইবে এস।' কে কথন শুনে ফেলবে তরুণের তথন আবেক লক্ষা।

'এখুনি উঠব কি ক'বে!' পাশের থেকে বললেন তুষারকণা : 'এই সিনেই তো কুলুর অ্যাপিয়ারেন্স। তুমি ষাও, সব ব্যবস্থা করো গে।' স্বস্তুদবার বাইরে এসে শুনলেন সব ব্যাপার। একটা সাইকেল ইলেকট্রিক বালব এসে গেছে। উপরের একটা ঘর হাত লাগিয়ে ত্বস্ত করেছে সবাই। হোল্ড-অল খুলে মেঝেয় বিশীর্ণ একটা বিছানা পর্যস্ত করা হয়েছে। সামনের টেবিলে চায়ের পট-কাপও এসে গেছে সামনের দেকান থেকে।

'এ কি, তুমি এখানে উঠেছ কেন? চলো চলো,' স্বস্থাবার একেবারে হা-হাঁ ক'রে পড়লেন: 'কই রে, গাড়ি ডাক।'

সমীচীন ভঙ্গিতে প্রণাম করল স্থপেনু। বললে, 'বাড়িটা ধখন পেয়ে গেছি চুকে পড়াই ঠিক মনে করলাম। স্বত্বের দশভাগের নয় ভাগাই দখল।'

'বাড়ি কে নেয়? প্রিডিসেসরের বাড়ি সাকসেসরের হয়। নাজির কি করতে আছে? বাড়িওলা কে? কিচ্ছু ভয় নেই। এর চেয়েও ভালো বাড়ি ঢের যোগাড় হবে। তুমি চলো আমার ওথানে—' কাঁধের উপর হাত রাধলেন।

স্থাবন্ধ হাত কচলাল। বললে, 'নিজের বাড়ি পেয়ে কায়েম হ'য়ে বসাই ভালো। পরে যাব'খন এক সময়। এখানেই তো পোরিং।'

অনেক অন্তনয় করলেন স্থয়দবাব্। স্থাপন্দু বিনয়ে পাধর হ'য়ে বইল।

ऋश्वात् इ्रेलिन त्याय-कलार्छ।

আলাদা বিক্শায় এবার স্থীকে নিয়ে চললেন। তোমার কথায় ষদি কিছু হয়।

কিছুই হ'ল না। যত সাধ্যসাধনা আদর-সোহাগ সব ব্যর্থ হ'ল। অশালীন অসংগত কিছুই করছে বলছে না স্থেন্দু। প্রণামান্তর বলনে, 'যথন একদা বাসা একটা করতেই হবে আর যথন ভাগ্যক্রমে আসতে-আসতেই পেয়ে গেছি, তথন আর সেটা ছাড়ি কেন ?' বুড়ো শালিককে রাম-নাম শেথানো রুথা, রাগে গরগর করতে-করতে বাড়ি ফিরলেন তুষারকণা। আলাদা রিক্শায় স্থন্ধদবার্।

প্রবীর কাছে থবর গিয়েছে কলেজে। সে শুনে তো টং। মা-বাবার পর্যন্ত অন্থরোধ রাখল না!

লেভি প্রিন্সিপ্যাল বললেন, 'তুমি এবার চ'লে যাও।' ঝলসে উঠল প্রবী : 'কোথায় ?'

প্রিন্সিপ্যাল হাসলেন: 'তোমার নিজের বাড়িতে।'

'হাা, আমার এতদিনকার নিজের বাড়ি। সে তে। যাবই। তাড়াতাড়ি কি। থেয়েদেয়ে যাব।'

'না, আগেই যাও। এই ফিন্টটা কোনে। কাজের ফিন্ট নয়। শোনো, তুচ্ছ কারণে জীবনভোজ নষ্ট কোরো না। বিয়েটা সব ফাংশানের চেয়ে বড়ো ফাংশান। সেটাকে সাকসেমফুল করে।—'

আত্মসন্মান খুইয়ে ? ককখনো না। একটা খান্তা লুচি ও আলুর দমের আন্ত একটা আলু মুখে পুরল পূরবী। পুরুষের খেলনা হ'তে আদি নি। দঙ্ধিরা খেলনা হ'তে আদি নি। আদি নি ব'য়ে খেতে। এবার পুরল একটা বসগোলা। গালগলা ফুলিয়ে খেতে লাগল। কিসের দৈন্ত কিসের ক্লেশ। সব শেষ হ'য়ে যাক। চাকরি আছে।

থেয়েদেয়ে যেমন কেরবার তেমনিই ফিরল পূরবী। তার নিজের বাড়ি, তার এতদিনকার নিজের বাড়ি। বাবা-মা কিচ্ছু বললেন না, বলবার কি বা আছে, কিন্তু তাঁরা যে অপমানিত হয়েছেন, অস্তত প্রত্যাখ্যাত হয়েছেন, এ জালায় জলতে লাগল। যদি এখন একবার আসত চোখের সামনে, বাড়ি ছেড়ে চ'লে যেতে বলত। ঘরে চুকে দরজা বন্ধ ক'রে দিল। ছি ছি, বিকেলে কতগুলি ফুল আনিয়ে রেথেছিল, সেগুলি জানলা দিয়ে ছুঁড়ে ফেলে দিল বাইরে। তবল

বিছানার বাড়িতি বালিশ ছুটে। ছুঁড়ে ফেলল থাটের এক পাশে। ভয়ে পড়ল। আলো নেবাল না। ছি ছি, আলমারির আয়নায় ভয়ে-ভয়ে দেখা যাচ্ছে নিজেকে। উঠে পড়ল এক ঝটকায়। একটা মোটা চাদর ঝুলিয়ে দিল আলমারির গায়ে, একটা বই টেনে নিয়ে ভয়ে পড়ল। অন্ত দিন বই হাতে নিয়ে ভলেই মুম আসে। ছি ছি, আজ যুমের ওয়্ধ খেলেও আসবে না। না আম্লক, পরীক্ষার খাতা দেখব। ভাগ্যিস চাকরিটা ছিল, নইলে মা-বাবা হয়তো ব'লে-ক'য়ে গাড়িতে চড়িয়ে পাঠিয়ে দিত। সাধীন সমর্থ মেয়ের কাছে ভাঁরা প্রতিকার চান। ছোটো ভাইটা পর্যন্ত এর সমুচিত উত্তরের প্রতীক্ষা করছে।

যেন বানের জলে ভেসে এসেছি। যেন সাধন ক'রে পাবার মতন কিছু নেই আমার মধ্যে। লেথাপড়া শিথি নি। দায়িত্বপূর্ণ একটা কাজ করছিনা। জীবিকার্জনের ক্ষমতা নেই।

তুষারকণা বলছেন, ভনতে পেল. 'টিফিনকেরিয়ার ক'রে গাবার পাঠিয়ে দিই।'

স্থানবার বললেন, 'দাও। আমাদের কর্তব্য আমরা ক'রে যাই। ওদের কর্তব্য ওরা ব্যবে।'

কর্তব্য ! আইনটা এখনো পাস হয় নি, কর্তব্য হচ্ছে আদালতে গিয়ে নালিশ ঠোকা। আমি পারব না নিয়ে যেতে। তরুণকে বলেছিল, বোধ হয় সে থেকিয়ে উঠেছে। হাকিম তো নয় হিটলার। ঘাড় একবার ত্যাড়া করেছে তো সিধে করে কার সাধ্যি।

'না, ঠাকুরকে পাঠাচ্ছি।'

'চা খাইয়েছ, এবার ভাত খাওয়াতে পারবে ?' আর্দালিকে জিগ্গেদ করল স্থাবন্ধু। 'সব থাওয়াতে পারব।' থুব ভাঁটের উপর বললে আর্দালি। 'মানে কাছেই ভালো হোটেল আছে।'

'এক প্লেট রাইসকারি নিয়ে এস। আর সিগারেট আনতে পারবে ?' 'যা বলবেন তাই আনতে পারব।'

খাচ্ছে স্থাবন্, শশুরবাড়ির ঠাকুর টিফিনকেরিয়ার নিয়ে হাজির।
'এ নিয়ে আর এখন কি হবে ? দেখছ না থাওয়া প্রায় শেষ।
এখানে বাড়তি লোক নেই যে সদ্ব্যবহার করবে। স্থতরাং ফিরিয়ে
নিয়ে যাও।'

খাবারটা অন্তত খেল কিনা তাই শোনবার জ্বন্তে কান পেতে ছিল ব্ঝি প্রবী। শুনল খাবারও ফিরিয়ে দিয়েছে। যাক, সমস্ত সম্পর্ক— আহা, কী বা একটু হাতভোঁয়া সম্পর্ক— এইখানেই মুছে গেল। আলোটা নিবিয়ে দিল এতক্ষণে। এইবার শান্তিতে ঘুম আসবে নিশ্রই, ছেলেবেলার স্কুলের ছবি প্রথম বয়সের কলেজের ছবি ভাবতে লাগল। কত বড় বিছানা! ছোটো বোন ভূপালি পর্যন্ত আজ পাশে নেই। একা ঘরে ঘুমুনোর শান্তি কত দিন আসে নিস্কীবনে!

খাওয়ার শেষে সিগারেট ধরিয়ে মেঝের উপর পাত। হতভাগ।
বিছানাটার দিকে তাকাল স্বংশ্লু। একেই বলে নিয়তি। প্লাটফর্মে
যে যাত্রী শোয় তার একটা আশা থাকে এক সময় না এক সময় ট্রেন
আসবে। এ কি আশাহীন বিছানা! এখানে কি ক'রে য়ৢয়ৢবে, কোন
ছংখে, কার উপর রাগ ক'রে! কত শৌখিন ঘরে পরিপাটি ক'রে না
জানি বিছানা হয়েছিল আজ! শুণু বিছানা! কত ফুল না জানি! শুণু
ফুল! কত নম্মভা কোমলতা না জানি! শুণু নম্মভা কোমলতা!

কোনো মানে হয় আদিলিকে পাশের ঘরে নিয়ে ভয়ে ! মেঝের

উপর ইত্র-আরক্তনার সহবাসী হ'য়ে? এখানে কি ঘুম স্থাসবে, না ঘুমে স্থ আসবে? তার চেয়ে সোজা চ'লে যাই গোকুলে। পৌরুষে আঘাত লাগবে। তার চেয়ে মেঝেয় শুয়ে পিঠে আঘাত লাগারই বেশি সম্ভাবনা। বরং এই অবস্থায় এই ভূমিকায় গেলেই কিছুটা কথা বলার বিষয় পাওয়া যাবে। কিছু বা ব্যাখ্যা বক্তৃতার। আর বাদায়্রবাদের পরই তো রাগায়্রবাগ। খেলো দেখাবে, হালকা দেখাবে? দেখাক না, কে দেখছে! তার জ্বন্যে হীরের আংটির মতো এমন একটা রাত জলে ফেলে দেবে?

দরজ। যদি বন্ধ হ'য়ে যায় এর মধ্যে ? দরজ। খুলে দেবে তো ? ধাকা দেব। হল। করব। পৌরুষ প্রমাণ করব। নিজের স্ত্রীকে নিম্নে যাব হরণ ক'রে।

আর্দালিকে বললে, 'একটু হাওয়া থেয়ে আসি। যদি দেখ ঘণ্টা হুয়েকের মধ্যে ফিরি নি ভাববে কোথাও গিয়েছি।'

কি রকম চোধে তাকাল আর্দালি। তার জন্মে বাইরে যাওয়া কেন ? তাকে বললে নিজেই সে বাডিতে নিয়ে আসতে পারে।

একটা সাইকেল রিক্শা নিয়ে বেরিয়ে পড়ল স্থাবন্ধ। লাস্ট ট্রেন এই এল কলকাতা থেকে। এটাই আবার ছেড়ে যাবে এক্সনি।

'এসেছে, এসেছে।' বাড়ির ছেলেমেয়েরা, যারা তথনো ঘুমোয় নি, কোলাহল ক'রে উঠল।

ওরে, পূরবীকে থবর দে। দরজায় ধান্ধা মেরে জাগা। ঘর **খুলে** দিতে বল। শুধ্ আসে নি, এথানে থেকে যাবার জ্ঞান্তে এসেছে।

কোথায় পূরবী ? তার ঘর খোলা। অন্ধকার।

থোঁজ, থোঁজ, কোথাও চিহ্ন নেই। হাঁকডাক কর, কোথাও সাড়া নেই। ছাদ বাথকম খাটের তলা আলমারির আড়াল, সব ফকা। কেউ বললে, হস্টেলে ফিরে গিয়েছে বুঝি, কেউ বললে লাস্ট টেনে কলকাতা গেল বোধ হয়।

এ যে পুলিশ কেদ ক'রে বদল। এ ঝিক্ক কে নেয়! হাকিমের
দ্বী ফেরার এ কি কেলেক্কারি! কেলেকারির চেয়েও ঝকমারি বেশি।
চূপ ক'রে থাকলেও তো চলবে না. কিছু একটা তদবির-তালাশ
করতে হবে। আর থানা পুলিশ করতে গেলেই তো ছোটো কথা
এসে পড়বে, স্বামী পছল হয় নি, ছোকরা কাক সঙ্গে চম্পট দিয়েছে।
এ যে তর্পণেই গঙ্গা শুকোল। থোঁক্ষবার ওজুহাত ক'রে কেটে
পডল হথেনা।

আর্দালিটা ভালো। আলো জালিয়ে রয়েছে তার প্রতীক্ষায়। উপরে উঠেই স্থাধন্দু নেমে এল তরতর ক'রে: 'এ সব কি! এ সব এনেছ কেন ? এ সব তোমাকে কে আনতে বলেছে ?'

'আমি কি জানি। নিজের থেকে এসেছেন।'

'নিজের থেকে এসেছেন ?' স্থেন্দু হু-ছ ক'রে উঠে গেল উপরে। এসে দেখল, মেঝের উপর পাতা প্ল্যাটফর্মের বিছানায় কুঁকড়ে-মুকড়ে স্থায় আছে পূর্বী।

দিঁ ড়ি

সিঁড়িটা অন্ধকার।

একবার একট। সাপ দেখেছিল সিঁড়িতে। যদি সেটা আবার বেরিয়ে আসে কোনো গর্ত থেকে। যদি গা বেয়ে ওঠে কিলবিলিয়ে। উঠক। তব এতটকু ভয় পাবে না কেতকী।

রেলিং ঘেঁষে সিঁড়ির ধাপের উপর জড়োসড়ো হ'য়ে ব'সে থাকে। আঁচলটাকে বড়ো ক'রে থুলে আগাপাশতলা জড়িয়ে নেয়। মাথা কাত ক'রে রেলিঙে রেথে একটু চোখ বোজবার চেষ্টা করে। সাধ্যি কি একটু তন্দ্রা আসে। পাশের ঘরে হৈ-হল্পার চেউ থেকে-থেকে এসে ধান্ধা মারে।

যদিও সর্বত্ত চূপ-চূপ, তব্ উত্তেজনা মাঝে-মাঝে সীমা ছাড়ায়। খিল-চাপানো বন্ধ দরজাও তাকে ঠেকাতে পারে না।

একটু পরেই আবার সামলে নেয়। ফিসফিসানির শালীন স্তরে গলার স্বর নামিয়ে আনে।

ক'টা বেজেছে না জানি!

তবু আশা, আর এই শবে আতঙ্ক।

নিচে ভাড়াটেদের ঘড়িতে হুটো বাজন বুঝি। হাটুর মধ্যে মাথ। গুঁজন কেতকী।

টুক ক'রে পাশের ঘরের দরজার থিলটা খুলে গেল। ঘড়ির শব্দের চেয়েও এ শব্দটা যেন বেশি মারাত্মক। ঘড়ির শব্দে

এবার কেউ একজন নামবে। বাইরে যাবে। বাইরে মানে বাড়ির

পিছনের মাঠটুকুতে, ও-পাশে দেয়ালের ধারে। আবার কতক্ষণ পরে উঠে আসবে শুটিগুটি। যতক্ষণ না ফিরে আসে, যতক্ষণ না ফের ঘরে গিয়ে ঢোকে ততক্ষণ অনভ অশান্তি।

থেলা ভেঙে গেলে একসঙ্গে অনেক গুলি পায়ের শব্দ হ'ত। থেলা এথনো ভাঙে নি।

একজন শুধু নামছে।

টর্চ না ফেললে নামবে কি ক'রে! কেউ-কেউ ট্রচটা একবার টিপে ধ'রেই দি ড়িটাকে আন্দান্ত ক'রে নেয়, বড়োজোর শেষ বরাবর গিয়ে আরেকবার টেপে। দেয়ালে গা লাগিয়ে বেশ চওড়া ব্যবধান রেখেই নামে-ওঠে। যেন কত অপরাধী। যার ঘর তাকেই বাইরে বদিয়ে রেখে নিজেরা ভিতরে ব'দে গুলতানি করছে, যেন গকচোর হ'য়ে আছে।

কিন্ত একজন কিছুতেই তার টর্চের বোতামে টিল দেয় না।
সর্বক্ষণ জালিয়ে রেথেই আদে-যায়। ভাবখানা এই, সব দিকই ভালে।
ক'রে দেখে-শুনে নামব। কোথায় নাকি কবে সাপ বেরিয়েছিল তাই
একটু সতর্ক হওয়াই বৃদ্ধিমানের কাজ। নামে প্রায় চোরধরা পাহারাওয়ালার মতো। তা ছাড়া আবার কি। ঘরের জন্যে রীতিমতো ভাড়া
দেয় ক্লাব।

তাই টর্চটা মাঝে-মাঝে গায়ে এসে পড়ে। যখন নিচে থেকে ওঠে, অসাবধানে মুখ যদি খোলা থাকে, প্রায় মুগের উপর। ছুই চোখে সন্থণ বিরক্তির ঝলক দিয়ে টর্চের আলোর প্রত্যুত্তর দেয় কেতকী।

আত্তকের থেলা কি তিনটেতেও ভাঙবে না ?

প্রায় শেষরাতের দিকে ভাঙল। লোকগুলো চ'লে গেলে কেডকী চুকল পাশের ঘরে। বিছানা করতে বসল। নিজের থেকে কিছু জিগ্গেস করতে সাহস হয় না। স্বামীই কথন বলবে তার জন্মে কান পেতে থাকে।

'আজও কিছু পারলাম না জিততে।' বেন কোন অতল গহবর থেকে বলল হ্রধাময়।

বুকটা ভেঙে গেল কেতকীর।

কিন্তু কি সে সাহায্য করতে পারে ? এই একমাত্র বিছানা করা ছাড়া ?

ও-পাশের ঘর থেকে কোলের শিশু ছুটো কেঁদে উঠল তারস্থরে।
ওরা কি ক'রে যেন বৃঝতে পারে থেলা এতক্ষণে শেষ হয়েছে, বিদায়
নিয়েছে লোকগুলো, ফাঁকা হয়েছে মা'র ঘর। তাড়াতাড়ি ছুটে যায়
কেতকী। শশুর দরজা খুলে শিশু ছুটোকে ঠেলে বার ক'রে দেয়।
কারা যে শুধু মায়ের জন্তে নয়, মারের জন্তেও, এটা কারার স্বরগ্রাম
শুনেই বোঝা যায়। মাকে পেয়ে শিশু ছুটো ফোঁপাতে থাকে।
একটাকে কোলে নিয়েও আরেকটার হাত ধ'রে চ'লে আসে কেতকী।
নতুন ক'রে আবার ওদের ঘুম পাড়ায়।

ছুটি মাত্র ঘর। তার ওদিকে রান্নার এক ফোঁটা জায়গা আর এক চিলতে কলতলা। মাঝখানে একফালি বারান্দা। আর দোতলা থেকে তেতলায় ওঠবার সিঁডির ক'টা ধাপ।

শাশুড়ি নেই, খণ্ডর হরিদাধন থাকে দি ড়ির দ্রের ঘরটাতে।
দি ড়ি দিয়ে উঠেই ষেটা ঘর দেটা স্থাময়ের। স্থাময়ের একার নয়,
স্থাময় আর কেতকীর। শুধু স্থাময় আর কেতকীরই বলা যায় কি
ক'রে ? স্থাময়, কেতকী আর তাদের পাঁচ-পাঁচটি শিশুর। বড়োটি
নয়, ছোটোটি ছই।

এককালে খুব বোলবোলাও ছিল হরিসাধনের। আদালতের

মূহুরি ছিল। কোন অন্ধিদন্ধি তাক ক'রে হাতিয়ে-তাতিয়ে নিলেমে এই একটা বাড়ি কিনে ফেলেছিল। মেদমাংস নেই, হাড়ের উপর যেমন ঢাাঙা দেহ তেমনি একটা খাড়া বাড়ি। আগে শুধু একতলা ভাড়া ছিল, বেশ গা হাত পা ছড়িয়ে ছিল তখন সংসার। কি ছুগ্র হ'ল, হরিসাধন গেল ব্যবসা করতে। কেতকীর যখন বিয়ে হয় তখন এই-ই রব ছিল, কলকাতায় বাড়ি, বাপের ব্যবসা, বাপের একমাত্র ছেলে, লেখাপড়া বেশি না করলেই বা কি। য়ুদ্ধের বাজারের ফাঁপা ব্যবসা, ফেঁসে গেল। দোতলায় ভাড়াটে বসল। বাড়িতে ছ্-কিন্তিতে বন্ধক পড়ল। তবু ইনকামট্যাক্ম ছাড়ল না। ভাড়াটেদের উপর হুকুমজারি হয়েছে, বাড়িভাড়া হরিসাধনকে না দিয়ে আমাদের দেবে। ঘোর দারিন্রো ডুবল। এমন হ'ল ইলেকট্রিকের বিল শোধ করতে পারল না। কোম্পানি এদে লাইন কেটে দিল। ভাড়াটেদের ইলেকট্রিসিটি চুরি করতে গেল তার লাগিয়ে, ফৌজদারিতে ফাইন হ'য়ে গেল।

ঘরে হয়তো বা লঠন বা ক্যাণ্ডেল জলে, সিঁড়িটা অন্ধকার। এককালে মকদ্দমার দালাল ছিল হরিসাধন, এখন আবো নিচু-স্তরের দালালি করে। আর স্থাময় জ্যা খেলে।

কোথায় খেলবে ? নিজের থাকবার ঘরটাকেই জুয়াড়িদের কাচ্চে ভাডা দিয়েছে। এখন এই প্রভাক্ষ রোজগার।

খন্তরের কাছে হাত পাতলে বলে, বাজার বড়ো মন্দ।

তারপর কেতকী যাতে শুনতে না পায় তেমনি ক'রে বলে আপন-মনে, কে আর আসবে বলো এ দিকে ? অঢেল ত্ব যেথানে ব'য়ে যাচ্ছে দেখানে ঘোলের কে থবর করে ?

যদি কখনো কিছু কামায় নেশা-ভাঙ ক'রে উড়িয়ে দেয়।

কোথাও ভ্যালা কোথাও খোদল ছেঁড়া তোশকে শিশু ছুটোকে ঘুম পাড়িয়ে কেতকী জিগগেদ করে, 'কে দবচেয়ে বেশি জেতে ?'

'ঐ মন্মথ।'

'কোন লোকট। ?'

'ঐ ষে লোকটা সবচেয়ে বেশি ঢ্যাঙা, গোঁফ আছে, আদির পাঞ্জাবি গায়— তারই পকেট ভর্তি।' মেফদণ্ড নেই এমনি ভাবে দেয়ালে পিঠ দিয়ে বসেছে স্থাময় : 'তা অন্ধকারে তুমি চিনবেই বা কি ক'রে ? আর চিনেই বা লাভ কি ?'

কি রকম যেন একটা বিশ্রী স্থর বাজল স্থগময়ের গলায়। কেতকী ফোঁদ ক'রে উঠল: 'তার মানে '

'মানে আবার কি।' পিঠ যেন আরো ছেড়ে দিল স্থাময়: 'চিনলেই বা তুমি কি করতে পারো? কি তোমার ক্ষমতা আছে ?'

তার যে হাড় ক'থানা জিরজির করছে, ধুলো উড়ছে তার পরনের শাড়িটা এ বুঝি তারই কটাক্ষ। গর্জে উঠল কেতকী: 'সিঁড়ি দিয়ে যথন নামবে একা-একা তথন ধারা দিয়ে ফেলে দিতে পারি।'

'সে কি ? সে কি অপরাধ করেছে ?' থাড়া হ'য়ে বসতে চেষ্টা করল স্থাময় !

'রোজ রোজ জিতে যাবে, আমাদের সর্বস্থাস্ত ক'রে যাবে, দেই অপরাধ।'

'তাতে তার কি হাত আছে! ভাগ্য তার পক্ষে। আমিই হেরে ষাই। আমিই হেরে গেছি।'

ত্-হাতের মধ্যে মূখ ঢাকল কেত্কী। বললে, 'তোমার হাতেই আমার হার।' 'কিন্তু তুমি জিততে পারো?' গলার আওয়াজটা কুটিল হ'তে-হ'তে আর্দ্র হ'য়ে উঠল : 'তোমার জিতে আমাদের সকলের জিত।'

'তার মানে ?'

'তার মানে বেঁচে থাকাটাই একটা জুয়ো থেলা। কেউ থেলে আলো জেলে, কেউ থেলে অন্ধকারে।'

'তুমি আমার স্বামী না ?'

'কে জানে ! আমার তো মনে হয়, কাঞ্রই কোনো সম্পর্ক নেই, পরিচয় নেই। ভাগ্যের সঙ্গে জুয়ো খেলতে বসেছি সবাই। যার-যার তাস আলাদা। তুরুপ নেই ফেরাই নেই— তুমিও হারছ, আমিও হারছি।'

'লজ্জা করে না বলতে ?' বালিশে মাথা রাথতে যাচ্ছিল কেতকী, স্মাবার উঠে বদল।

'আর করে না।'

'পরনে একটা আন্ত শাড়ি নেই, হাতে-গলার সমস্ত গয়না পর্যন্ত কেড়ে নিয়েছ, হাতে শুধু এই হুটো সোনার কলি—'

'তারপর যমের অরুচি রোগের ডিপো ঐ দেহ— যাও, ব'লে যাও,' বহু কট্টে একটা বিড়ি ধরাল স্থাময় : 'দব রং-রাংতা উঠে যাওয়া মাটির ঢেলা। কিন্তু যে থেলে দে কানাকডিতেও থেলে।'

'আমার একটা কানাকড়িও নেই। তোমাদের সংসারের সওদায় তা থরচ হ'য়ে গিয়েছে।' বিছানা ছেড়ে স'রে বসল কেতকী।

'সব থরচ হ'য়েও তবু কিছু থেকে যায়।' একমুখ ধোঁয়া ছাড়ল স্থাময়: 'তাই তুমিও একেবারে শেষ হ'য়ে যাও নি। তোমার আবরণ আছে, অন্ধকার আছে। ভদ্রতার আবরণ, নিষেধের অন্ধকার।'

উঠে দাড়াল কেতকী। ঘূরে দাড়াল। বললে, 'আমি তোমাকে

ব'লে দিচ্ছি, কাল থেকে খেলা বন্ধ ক'রে দিতে হবে। তুলে দিতে হবে এই আড্ডা।'

'এর বেশি আর পারবে না ?' যেন একটা দীর্ঘাদ চাপা দিল স্থাময়। তারপর স্থ বাঁকা ক'রে বললে, 'কিন্তু তুমি বললেই কি সব হবে ?'

'নিশ্চয়ই হবে। একশ' বার হবে। আমি পুলিশে খবর দেব।' 'তা হ'লে এখন তব্ও বাড়ির মধ্যে সিঁড়ির উপর বসছ, তখন

বাড়ির বাইরে সিঁড়ির উপর গিয়ে বসতে হবে।'

'নির্লজ্জ অসভ্য কোথাকার !' খোলা দরজা দিয়ে বাইরে বেরিয়ে গেল কেতকী।

কান খাড়া করল স্থাময়। কি, এখুনি পুলিশে থবর দিতে ছুটল নাকি? না কি গেল ভাড়াটেদের কাছে নালিশ করতে? না কি বেকল নিহ্নদেশে?

না, কিছুই করে নি। অন্ধকারে তার স্থপরিচিত সি ড়ির ধাপটিতে গিয়ে বসেছে। বাকি রাতটুফু অমনি ভাবেই কাটিয়ে দেবে নাকি ?

তা ছাড়া আবার কি। যার ভিতরে এত পাপ তার সংস্পর্ণে সে স্বাসবে না।

একে হারের মার তার অনিদ্রার বোঝা। স্থাময়ের ইচ্ছা হ'ল না যে ওঠে, সাধে, টেনে নিয়ে আসে কেতকীকে। মনে-মনে বললে, ব'সে থাকো। জুয়ো যে থেলে, যতই সে মাঝপথে জিতুক, শেষ পর্যস্ত সে হারে, ঘাল হয়। সেই শেষদিনটির জ্বন্তে অপেক্ষা করো। জিতব আমরা।

সেই থেকেই স্বামী-স্ত্রীতে ভেদ। কথা বন্ধ। কিন্তু কি কেডকীর সাধ্য এর বেশি কিছু করতে পারে ? রাত দশটার মধ্যে সংসারের সমস্ত পাট তুলে দিয়ে ছেলেমেরে-গুলোকে ঘুম পাড়িয়ে শশুরের জিমায় রেখে আবার তার পরিচিত সিঁড়ির ধাপটিতে এসে বসে। সাড়ে দশটা থেকেই টর্চ টিপে-টিপে আসতে থাকে জ্য়াড়িরা। তার শোবার ঘরের ভাড়াটেরা। সিঁড়ির অন্ধকারে গা-ঢাকা দিয়ে জড়পুত্তলীর মতো ব'সে থাকে কেতকী।

এমনি রোজ। বাতের পর রাত।

কোন লোকটা ঢ্যাঙা, গোঁফওয়ালা, আদির পাঞ্চাবি গায়, ষেন চিনতে পেরেছে কেতকী।

জ্ঞানোয়ার যদি শিকারী হয় সে বৃঝি ছ্রাণেও টের পায়। খেলার থেকে উঠে-উঠে নেমে যায় একেক ক'রে! আবার উঠে আসে। যার যেমন স্থবিধে। যার যথন দরকার।

এই বুঝি নামছে মন্মথ!

কেমন ধীর নিঃশব্দ পা। কেমন ভারি-ভারি। থামা-থামা। কোন শব্দের ভাষা নেই ? পায়ের শব্দেরও ভাষা আছে।

আর-সকলের টর্চ দেয়ালের দিকে ঝাপটা মারে, মন্মথর টর্চ এদিকে-সেদিকে ! আর-সকলে পথ দেখে, মন্মথ দেখে পথে কি প'ড়ে আছে।

নিচে থেকে ওঠবার সময় যথন টর্চ ফেলে তথনই অসহায় লাগে। না, অসহায় কেন ? এক ঝলক হাসি ফিরিয়ে দেবে কেভকী। শোধ দেবে।

'আহা, কি কট্ট আপনার!' উঠতে-উঠতে এক পা থামে। বলে ফিসফিসিয়ে।

কেতকী মূচকে হাসে। ভাবথানা, না, কষ্ট কি। স্বামী ও তার

বন্ধুদের এত আনন্দের ব্যবস্থা ক'রে দিচ্ছি তাতে কটের স্পর্শ কোথায় ? তা ছাড়া মাস-মাস ভাড়া পাচ্ছি না ? কট নিংড়েই স্থা। কটের ত্যারের বাইরেই আনন্দের সিঁড়ি।

বেশিক্ষণ কথা বলা বিপজ্জনক। কে কি শুনে ফেলে। কে কি মনে করে। থেলায় যতই মত্ত থাক, যখনই কেউ নামে-ওঠে, সিঁড়িতে ধারালো কান রাথে স্থাময়।

কথারই বা কি দরকার ? কি দরকার টর্চের ? অন্ধকারই কথা বলতে পারে। বাতাস যথন রুদ্ধ হ'য়ে যায় তথন সে রুদ্ধতাও কথা।

তাড়াতাড়ি ছুটে এসে স্থাময় কেতকীর হাত চেপে ধরন। সারা গায়ে ছটফটিয়ে উঠন কেতকী।

'দাও, দাও. শিগগির দাও— এই শেষ সহল, শেষ থেলা—' ব'লে জোর ক'রে বাঁ হাত থেকে কলিগাছটা ছিনিয়ে নিল স্থধানয়।

যে শুণু হেরে যাচ্ছে তারই উপর আক্রমণ ? আর যে দব দুট ক'রে নিয়ে যাচ্ছে তার উপর কেউ কাঁপিয়ে পড়তে পারে না ? নথে-দাঁতে তাকে কেউ ছিঁড়ে-খুঁড়ে দিতে পারে না ? কেড়ে নিতে পারে না তার পকেটের পুঁজি ?

ডাকাতি করা কি চলে ? জুয়ো থেলেই নিতে হবে। কাটাই কাঁটার শোধ তুলবে।

দি ড়ির উপর মাঝে-মাঝে থামে। দাঁড়িয়ে জ্বিরের মাঝে-মাঝে ত্ব-একটা কথা কয় ফিদফিদিয়ে। মাঝে-মাঝে কথা কয় না। একট্থানি বেশিক্ষণ থেমে থাকে।

গাছ কি ক'রে দক্ষিণ হাওয়াকে ডাকে কে জানে! হাওয়া লাগবার আগেই নিজের থেকে ন'ড়ে-চ'ড়ে ওঠে নাকি ?

এবার একবার বহুক ন' পাশটতে।

দেই থামা-থামা ভারি-ভারি পা নেমে আসছে। নেমে আসছে। কি আশুর্য, সিঁড়ির ধাপের উপর বসল পাশ ঘেঁষে।

থেন একটা বরফের গুহার মধ্যে কে ঠেলে ফেলল কেতকীকে। গাছ নেই, পাথর নেই, কিছুই একটা ধ'রে গুঠবার আগ্রহ নেই। সিঁডি নেই।

বাঁ হাতটা টেনে নিল আদরে। যে সোনার রুলিটা জ্বিতেছে তাই পরিয়ে দিতে লাগল টিপে-টিপে।

না, বুক টিপটিপ করতে দেবে না। বরফই জল হবে।

হঠাৎ বুক-পকেটের মধ্যে হাত চুকিয়ে দিল কেতকী। বললে ফিসফিসিয়ে, 'শুধু রুলি ফিরিয়ে দিলে কি হবে ? নগদ— নগদ টাক। চাই।'

পকেট-ভর্তি টাকা-নোট। এক মুঠো তুলে নিল কেতকী।

'অনেক- - অনেক আজ পেয়ে গেছি। তোমার সোনার রুলি আজ আমার ভাগ্য খুলে দিয়েছে।' বললে স্থগময়। 'তোমাকে বলেছি না. জুয়োয় যে জ্বেতে দে শেষ পর্যন্ত জেতে না।'

হাত ভৰ্তি টাকা-নোট পকেটের মধ্যে ছেড়ে দিল কেতকী।

য় ণা

একটি মৃহুর্তের চকিততড়িং ক্ষুদ্র ভগ্নাংশে মার ঠিক করতে হবে।
দশদিকে দশটা লোক বাঘের মতো থাবা পেতে আছে, আরেকটা
দুশস্তি বিক্রমে বল ছুড়ছে মুখোমুখি। আর দে-বলে কত পাকচক্র,
কত কূটকৌশল, কত উড়ন-ঘূরন। তোমাকে নস্তাং করবার জত্যে
সর্ববিধ পার্থিব প্রতারণা। চক্ষের নিমিষে সিদ্ধান্ত এক চুল দেরি হয়েছে
কি তুমি আউট হ'য়ে গিয়েছ।

সাধ্য কি ব্লক করো। ব্লক ক্রতে তোমাকে দেবে কেন ? তোমাকে প্রলুক্ত করবে।

আর ব্লক করাই ক্রিকেট নয়। টি'কে থাকাই জীবন নয়।
'একটা গাড়ি কিনতে পারেন না ?'
জগদল পাথর-ভর্তি বাস-এ হঠাৎ সেদিন দেখা।

লেডিজ নেই, লেডিজ হবে না -- সমানে চেচাচ্ছে ক গুক্তির। তব্ও পাদানি ও দরজার ভিড় ঠেলে নিরস্থুশ ওদাসীত্যে উঠে পড়ল স্কন্ঠী। যেতে যথন হবেই তথন ভয়-ভবিয়াৎ না ভেবেই যেতে হবে।

কিন্তু দাঁড়াবে কি ক'রে ? ধরবার অবলম্বন কি ? অবলম্বন বে।ধ হয় একটুমাত্র আশা কেউ তাকে সিট ছেড়ে দেবে।

আজকের যুগেও এমন আশা কেউ করে নাকি ? সমান স্বাধীনত।
নিয়েছ সমান দায়িত্ব নেবে না ? আসরে নেমে আবার ঘোমটা টানা
কেন ? দয়া চাও কোন লজ্জায় ? য়দি ফুলের কুঁড়িই হবে হাটেবাজারে রোদে-বৃষ্টিতে নেমেছ কেন ? হাট-বারে পাঠ নেই।

মহাস্কৃত্ব কে খুঁজছে ? ত্ব-একটা মিনিম্পো বোকাসোকা লোকও তো থাকতে পারে।

আশ্র্র্য, আশার রাজ্যে পাথরেও ফুল কোটে।

পাশের লোককে বিপন্ন ক'রে দাঁড়িয়ে পড়ল পরাশর। পাশের লোককে প্রসন্ন ক'রে ব'সে পড়ল স্বকন্ঠী।

যেথানে স্থকণ্ঠীর নামবার কথা তার আরো তিনটে স্টপ পেরিয়ে পরাশরের বাড়ির গলি। তিনটে স্টপ পেরিয়েই নামল। বদাগুতার বদলে যে এতটুকু ক্বতজ্ঞতা জানায় না তার কেমনতর রীতি-নীতি!

নামতেই স্থকণ্ঠী বললে, 'একটা গাড়ি কিনতে পারেন না ?' এ কডজ্ঞতার চেয়ে অনেক বেশি।

'গাড়ি কেনা মানেই তো ষদ্ধের অধীন হ'য়ে যাওয়া।' বললে পরাশর। 'তথন বাস-ট্যাম, কাফ্রিকাস-সেকেণ্ড ক্লাস রিক্শা-সাইকেল— আনন্দময় পদব্রজ্ঞ— সব কিছু থেকেই বঞ্চিত হ'তে হবে। তা ছাড়া আজকের এই রোমাঞ্চ ? তোমাকে এই সিট ছেড়ে দেওয়া ?' স্বক্ষী হাসল। বললে, 'তার চেয়ে একটা স্মুথ লিফ্ট্ পেলে বেশি স্বধ।'

পরদিন অফিস-টাইমে স্থকষ্ঠার বাস-স্টপের কাছে একটা ট্যাক্সি এসে সাঁ ক'রে ঘুরে দাঁড়াল।

পরাশর নামল গাড়ি থেকে। উন্মনস্ক স্থকষ্ঠীর কাছে গিয়ে বললে, 'একটা গাড়ি আছে। চলো ভোমাকে পৌছে দিই। তোমার আপিদ তো আমাদেরই পাডায়।'

গোটা চারেক বাস ছেড়ে দিয়েছে স্থকষ্ঠী। এমন গণ্ডারের মতো ভিড় ছুঁচ গলাবারও সাধ্য নেই। তামনেত্রে তাকিয়ে আছে পঞ্চমের দিকে। আর মনে-মনে লড়াইয়ের জন্মে প্রস্তুত হচ্চে। এমন সময়ে এই দৈবাগত নিমন্ত্রণ।

ষেমন অভ্যাস, গায়ের আঁচল মৃত্ শাসন ক'রে স্কৃষ্ঠা বললে, 'মন্দ কি।' তারপর হু পা এগিয়ে গাড়ির দামনে এদে বললে, 'ট্যাক্সি।'

যেন খুব সম্বান্ত নয়, এমনি কটাক্ষ। ভাড়াটে-ভাড়াটে গন্ধ, কেমন যেন অকুলীন। তোকে দেখলাম এক ভদ্রলোকের সঙ্গে ট্যাক্সি ক'রে যেতে, আপিসের কোনো মেয়ে যদি বলে, কেমন নিশ্চয়ই টোকে। শোনাবে। তবু বন্ধ গুমোটের মধ্যে এক ঝলক বাসন্তী হাওয়ার মতোই মহাত্রাণ এই ট্যাক্সি।

পরাশর বললে, 'অফিস-টাইমে এই ট্যাক্সি যোগাড় করাও বা কি কঠিন।'

আারো কঠিন, তাক বুঝে ঠিক সময়ের স্থচাগ্রমুথে গাড়ি নিয়ে এসে উপস্থিত হওয়া। তার মানে কতক্ষণ আগে থেকে মিটার নামিয়ে দাঁড়িয়ে আছে স্থক্টাদের গলির মোড়ে, কতক্ষণে দেখা যায় তার শাড়ির পাড়, তার ব্যাগের স্ক্র্যাপ, তার এগিয়ে-আসার ডেউ।

স্থকন্ঠী আগে চুকল ট্যাক্সিতে। পরে পরাশর।

কেমনতর হ'য়ে গেল। পরাশবের ডাইনে হ'য়ে গেল হুকণ্ঠী। শুদু ম্থ বাড়িয়ে ডাকত আর ম'রে ব'মে জায়গা দিত, স্থক্সী বাঁয়ে থাকত। বাঁ-টাই সমীচীন, শাস্ত্র ও আইনসম্মত। আর, অনেক অভিজ্ঞতার ফল থেকেই আইন।

শভুনাথ পণ্ডিত খ্রীট হ'য়ে হরিশ মুখাজি রোডের মোড় ঘুরল ট্যাক্সি।

'ঘুরপথে চলতে বললেন কেন ?' একটু কি কুণ্ঠিত হ'ল স্থকণ্ঠী।
. 'চৌরঙ্গিতে কণে-কণে শুধু বক্তচক্ষ্য আক্ষালন।' একটু যেন ঘেঁষে
বদল পরাশর: 'আর লাল চোধ যদি একবার তোমার দিকে ভাকায়

বারে-কারেই তাকায়। তুমি একটা স্মৃথ রাম চেয়েছিলে, না ? জীবনে যদিও স্মৃথ রাম কোথাও নেই, তবু লাল চোথ যত এড়ানো যায় ততই মঙ্গল।

তব্ পিঠ ছেড়ে দিয়ে বসছে না স্বক্ষী। হাঁটু ছুটো কেমন কাঠ ক'বে ব'সে আছে। ক্ছইটা কেমন কোণ-তোলা। কাঁধের ঝোলানো ব্যাগটা পাশ থেকে সরিয়ে এনে বসিয়েছে কোলের উপর।

লোয়ার সাকুলার রোড খুরে ক্যান্ধারিনা এভিনিউতে পড়েছে টাাক্সি।

চোথ না নেলেও দেখা যায়। চুপ ক'রে থেকেও কথা হয়। কিন্তু চোথ ফিরিয়ে মুখ বৃজে শুধু কাছাকাছি ব'দে থাকাও যে দেখা আর কথা বলা এ কে জানত।

সেদিনের সেই মফস্বলের মেয়েটিকে মনে-মনে আবার রচনা করল প্রাশ্র।

এক বৃষ্টি-থামা সন্ধ্যায় লঠনের টানে ঝাকে-ঝাকে পোক! এসেছে, নানা মাপেব নানা রঙের পোকা। তাই ব'সে-ব'সে দেখছিল পরাশর আর ভাবছিল এত যেথানে পোকা তথন কে বলে এ পৃথিবী শুধু মান্তবের জন্তো।

একজনের হাতে একটা মোটা থাতা, গোটা কয় কলেজের মেয়ে এসে হাজির।

ওদের মধ্যে যে মেয়েটি অচপল সে থাতাটা বাড়িয়ে দিয়ে বললে, 'আমরা একটা হাতে-লেখা পত্রিকা বার করেছি। আপনি যদি একটা লেখা দেন—'

স্বাস্থ্যে শ্রীতে ডগমগ মেয়েট। যেন ঝকঝকে একটা করান্তের পাত। খাতাটা বাড়িয়ে দিল না হাতথানিই বাড়িয়ে দিল কে জিগ্গেদ করবে।

উৎসাহে উথলে উঠছে। আগ্রহ দ্বে থাক, এতচুকুও কৌতৃহল দেখাল না পরাশর। থাতাটাও একবার দেখল না পৃষ্ঠা উলটিয়ে। নিহাস্ত গম্ভীর মুখে বললে, 'আমি তো কবিতা লিখি। আর সে শুধু প্রেমের কবিতা।'

'লিথবেন।' এতটুকু অপ্রতিভ হ'ল না মেয়েটি।

মূথের দিকে তাকাল পরাশর। দেখল লজ্জার গাঢ় পদ্মরাগ স্থকষ্ঠার চোথের কোণে বিশ্রাম করতে বসেছে।

সে কবিতা আর লেখা হয় নি। সে পত্রিকা মুছে গেছে। সমস্ত শহরটাই মুছে গেছে মানচিত্র থেকে।

কিন্তু মনের চিত্র থেকে নৃছে যায় নি সেই মেঘনাথানে। সন্ধা, সেই মিটিমিটি লগনের আলোয় অনেক পোকার মধ্যে একটি মান্থবী প্রজাপতি। আর রক্তে-মাংদে যে-প্রেমের কবিত। লেখা হবে না তারই অব্যক্ত গুঞ্জরণ।

আকাশের দেশ নেই, প্রেমেরও বয়দ নেই।

ফেলে-আসাগাঁ-শহরের অধিবাসীদের মাঝে-মাঝে সভা হয়, একত্র মেলামেশার জন্মে। যেহেতু এককালে সে-শহরে পরাশর অধিষ্ঠিত ছিল এবং সৌহার্দ্যে সকলের সঙ্গে প্রায় একাত্ম ছিল, তারও নিমন্ত্রণ হ'ল।

তেমনি এক সভায় স্থকণ্ঠীর দক্ষে দেখা।

'আমাকে চিনতে পারেন ?' স্বক্ষীই এদেছিল এগিয়ে।

'তুমি, তুমি সেই স্থ, স্থ--শরীরের কি যেন একটা অংশ--- স্থদতী, স্থল্ল, উহু, স্থকেশী--- না, না, স্থ--- স্থকন্ঠা নও ?' রক্তিম উত্তেজনায় স্থলর হ'য়ে উঠেছিল পরাশর। 'আশ্চর্য, এখনো মনে আছি দেখছি।' স্থকন্সী চোথ নামাল না। 'ঠিক বলেছ, মনে আছে নয় মনে আছি।' দশনের মধ্যে স্পর্শনের স্তর মেশাল পরাশর: 'ধনে-জনে স্থথ নেই, মনেই স্থথ।'

তাজা ডগালে শাকের মতো লকলকে ছিল, এখন একেবারে দড়ি পাকিয়ে গিয়েছে। দয়াহীন দারিদ্রোর ঝড় দাগ ফেলে-ফেলে ব'য়ে গেছে দেহের উপর দিয়ে তা ঠাহর করলেই বোঝা যায়। কাছে ব'দে কথা ক'য়ে কিছু খবরও জানা গেল, সেই পুরোনো খবর। বাবা উকিল ছিলেন, বয়স্থা মেয়েদের নিয়ে থাকতে পারলেন না। কিছুই আনতে পারেন নি. বাড়িঘরেরও খদের নেই। এখানে কে চেনে, প্র্যাকটিস জ্যাবার কথা ভাবাও পাগলামি। তরু ছুপুরে, খুমে-গরমে প'চে মরার চাইতে আদালতে ঘোরাফেরা করেন, অদ্ধিসদ্ধি যদি এক-আঘটা মিলে যায় কখনো। ছুখানা ঘরে যে একটা বাসা নিয়েছেন তাকে একটা বাল্ল বললেই ঠিক হয়। যা চাকরি একা স্থক্তীই করছে। তার দঙ্গে একটু রাজনীতি বা কাজনীতি না মিশিয়েই বা উপায় কি। ফোকটে খিলি ছুটো টাকা মাইনে বাড়ে দে ফিকির কে না দেখে।

'তোমার পিঠ-পিঠ যে ভাই ছিল সে কি করছে ?'

'ভূগছে।'

'অসুথ গ'

'রাজ-অন্তথ। রাজ্যক্ষার চেয়েও মারাত্মক।'

'সে কি ?' চমকে উঠেছিল পরাশর।

'হাা, সে অস্থার নাম বেকারি। সমর্থ ছেলে, বি-এ পাস, একটা চাকরি জুটছে না।'

বিয়ে যে হয় নি তা তো হাতে-মাথেই বোঝা যাচ্ছে। কি ক'রেই বা হবে ? সময় কই ? স্বাস্থ্য কই ? টাকা কই ? একজনের চোখের উঠোনে আরেকজনের চোখের রোদ খেল। করেছিল জনেকক্ষণ।

ষে ছবির চোখ একবার তোমার চোখের দিকে তাকিয়েছে তাকে দ্রে-মামনে যে কোণ থেকেই দেখ না কেন, সব সময়েই সে তাকিয়ে থাকবে চোখের দিকে। তেমনি যাকে একবার ভালো লেগে গিয়েছে, সব অবস্থাতেই সে জাগিয়ে রাখবে সেই ভালোলাগার আলো— থে আলো মাটিতেও নেই সমুদ্রেও নেই।

সভা শেষে, ভেঙে যাবার আগে আবার একটু দেখা হ'ল। এ ওর ঠিকানা বললে। এত কাছে ? অলক্ষ্যে যেন আরে। একটু কাছাকাছি হ'ল। একদিন যেয়ো না। তোমার ভাইকে— কি না জানি নাম— ধ্রুবজ্যোতিকে পাঠিয়ে দিও আমার কাছে। দেখি কি করতে পারি। ভাইকে কিছু বলে নি, নিজেই একদিন দেখা করতে গিয়েছিল স্বক্ষী।

একটা প্রকাণ্ড একান্নবতী বাড়ি, বড়ো-ছোটো অনেক আত্মীয়-পরিজন নিম্নে একত্র আছে পরাশর। ভাড়াটে বাড়ি, এখানে-ওখানে অনেকগুলি কোঠায় অনেক শিশু বুড়ো ছোকরা-ছুক্বির হিজিবিজি।

'নিজের একটা আলাদা বসবার ঘর নেই তাই এস এই প্যাসেজটাতেই বসি।' বললে পরাশর।

'থাকেন কোথায় ?'

'মানে শুই কোধায় ? ঐ তেতলার এক কোণে। অদৃষ্টে কোনো রকমে স্কুটেছে একথানা।'

'আলাদা একটা ফ্ল্যাট নেন না কেন ?'

'একের পক্ষে পাঁচজনের মানে পাঁচের পিঠে চ'ড়ে একার হওয়াই স্ববিধে।' হৃক্ষী হাসন, কিন্তু আলাপ জমন না। কেমন বাজার-বাজার আপিন-আপিদ শোনাল। কত মাইনে হৃক্ষীর, বাড়ভি-আদায় কিছু আছে কি না, মরা নৃদীতে কি ক'রে চালায় গাধাবোট— এই সব। পরাশর আরো কত উঠেছে মই বেয়ে, আকাশ প্রায় ছোঁয়-ছোঁয়—ছি ছি, তার হিদেব।

কি রকম ষেন প্রার্থী-প্রার্থী মনে হ'ল নিজেকে। স্থক্ষ্ঠা উঠে পডল।

'কই আমাকে একদিন যেতে বললে না তোমাদের বাড়ি ?' পরাশর এগিয়ে দিল ছু পা।

'তবু তো আপনাদের বাড়িতে একটা প্যাদেজ আছে বদনার, আমাদের বাড়িতে তাও নেই।'

'ভালোই তো। পথেই তা হ'লে আমাদের ঘর-দোর।' ট্যাক্সি রেড রোডে পড়েছে।

গতিটাকে একটা গভীর শান্তির মতো মনে হ'ল পরাশরের।
প্রগাঢ় নিজিয়তার শান্তি। গল্পটা কিভাবে শেষ হবে মনে যথন ঠিকঠিক এদে যায় তথন লেথকের যে শান্তি সেই শান্তি স্ক্লিক এখন
পাশে নিয়ে। মনে-মনে লেথার সমাপ্তি খুঁজে পাবার পর যেমন আর
লিথতে ইচ্ছে করে না তেমনি যেন ওকে নিয়েও পরাশরের আর
কিছু ইচ্ছে নেই।

সামান্ত একটা ফুল কোটাবার জন্তে মৃত্তিকার কত দীর্ঘ ও ধীর আয়োজন চলে। মান্থবেরই ধৈয় নেই, আয়ু নেই, ভবিয়ুৎ নেই।

'কই তোমার ভাই তো এল না।' 'আমি ওকে বলি নি কিছু—' 'দে কি ? আমার আপিদে কত দিক থেকে কত রকম ভেকেন্দি হয়—'

'ওর হবে না। আর যথন হবে না তথন আমার কাছে ও আপনার নিন্দে করবে। আপনাকে অযোগ্য অক্ষম বলবে। এ আমি সইতে পারব না।'

স্ক্ষীর বাঁ হাতথানির দিকে তাকাল পরাশর। তুর্বল, দরিদ্র, পরিত্যক্ত। আস্তে-আস্তে ধরবে না ছোঁ মেরে তুলে নেবে ভারতে লাগল।

পরিশ্রমের কাঠিক্সে লেখা ঔৎস্থক্যের নরম কবিতা।

পরাশরের হাতের মধ্যে স্থকিয়ীর হাতথানি ভয়ে কুঁকড়ে রইল । বিস্কৃটের মতে। গুঁড়ো-গুঁড়ো হ'য়ে গেল।

থটথটে রোদ, তু-দিক থেকেই ধাবস্ত মোটর। আগাপাশতলা বোঝাই একটা এক্সপ্রেস দোতলা বাস কাটিয়ে গেল ট্যাক্সি।

'আপিস থেকে ফিরতে তোমার বুঝি খুব দেরি হ'য়ে যায় ?' 'হাা, মাঝে-মাঝে গানেব টিউশানি থাকে।' 'তোমার গলা কি আশ্চর্য স্থন্দর, যেন দোনা ঢালা—'

প্রশংসা করলে কোন মেয়ে না স্থী হয় ? তবু স্থকণ্ঠী, খুনি হ'য়েও হাতের দিকে কড়া নজর রেখেছে। হাত নিয়েই পরাশর শাস্ত থাকে কি না, না এলাকার বাইরে চ'লে আসে। শুকনো গলায় টোক গিলে বললে, 'চর্চাই করতে পারি না। পাবলিসিটি নেই-—'

পুরুষের স্বভাব কি কিছুতেই খাবে না ?
হাত ছেড়ে দিয়েছে হাত। কাঁধের উপর উঠে এসেছে।
মূহুর্তে পরাশরের সান্নিধ্যকে ছুঁড়ে ফেলে দিয়ে এক কোনে ছিটকে
প'ডে তীক্ষ আর্তনাদ ক'রে উঠল স্বকষ্ঠী: 'এই, রোকো। রোকো—'

এমনটি কোনোদিন শোনে নি ড্রাইভার। গাড়ি আন্তে করল।

একটা টুকরো-করা সেকেণ্ডের এক কণিকা ভূল হয়েছে মারে। পিচে বল পড়বার আগেই ব্যাট হাঁকড়ে বসেছে।

কিন্তু তাই ব'লে শালীনতাকে বিসর্জন দেওয়া কি উচিত হবে ? বর্ণব্যতার প্রতিরোধে আবার শালীনতা কি। তবু ব্যাণ্ডেজটা সিল্পের হওয়াই তো ভালো। ব্যাণ্ডেজ কোথায় ২ এ দগদগে ঘা।

পরাশর সহজ হবার চেষ্টায় বললে, 'এইখানে নেমে পড়লে বিপদে পড়বে যে।'

না, আমি এইখানেই নামব। পাল্লে হেটে যাব।' কোণের কাছে লেপটে গিয়ে স্থকষ্ঠী ত্বংখে রাগে থরথর ক'বে কাঁপছে।

'এখানে ট্যাক্সি কোথায় ? বাস কোথায় ? হঠাৎ নেমে পড়লে চলতি গাড়ির লোকেরা ভাববে কি ।'

'অন্তে কি ভাবে ব'য়ে গেল। আমি কি ভাবছি তা কে ভাবে।' মেকদণ্ডপাড়া ক'বে বসল স্থকষ্ঠী: 'এই, নোকো। ট্যাক্সি ভাড়া আমি দিয়ে দিচ্ছি।' ব্যাগ হাটকাতে বসল নিচ্ হ'য়ে।

'এসপ্ল্যানেড পর্যস্ত চলো, নামিয়ে দেব। সেটাই ডিসেণ্ট হবে। সেথানে বাস-ট্র্যাম যা হোক কিছু একটা পেয়ে যাবে সহজ্ঞে।' নিশ্চল নিক্তবেগ মুখে বললে পরাশর।

বিপদে বৃদ্ধি হারানে। কাজের কথা নয়। এটুকু পথ রুদ্ধাস ক্রতায় সহ্য করা ছাড়া উপায় কি। গায়ের আঁচল ঘন ক'রে বসল ফকন্তা।

তাই এখনো বিয়ে করে নি। এমনি উড়ে-ঘুরে বেড়াবার মতলব। বলে, ষন্ত্রাধীন হব না। বাস ট্যাম ফার্ফর্ট ক্লাস সেকেণ্ড ক্লাস রিক্শা সাইকেল— ষথন যা হাতের কাছে চ'লে আসে তাই লুফে নেবে। কিন্তু আমি চ্যাকরা গাড়ি নই।

চিত্তরঞ্চনের মোড়ের কাছে ট্যাক্সি থামল। ঝটকা মেরে নেমে পড়ল স্বকণ্ঠী।

পরাশরকে থানিক এগিয়ে গিয়ে নামতে হ'ল। কি না জানি ক'রে ফেলে মেয়েটা। নথে-দাঁতে ঝাঁপিয়ে পড়তে পারে নি, ট্র্যাম-কাদের তলায় না ঝাঁপিয়ে পড়ে। কেলেঙ্কারির ভয় ব'লে বালাই কিছু আছে ব'লে তে। মনে হয় না। কে জানে, হয়তো যা রেওয়াজ হয়েছে আজ-কাল, থানায় না ডাইরি ক'রে বদে।

না, স্থ-শাস্ত ভঙ্গিতে তেরো নম্বর বাগেই উঠল স্কণ্ঠা। প্রাশ্র আরেকটা ট্যাক্সি নিল।

সন্ধ্যায়ও রাগ মরে নি স্কর্কীর। বাড়ি ফিরে এসে ছোটো আ্যাটাচিকেসট। খুলে বসল। দৈনিক পত্রিকার ক'টা কাটিংস জমিয়েছিল স্কৃত্বী, বেখানে-বেখানে পরাশরের বক্তৃতার সারাংশ বেরিয়েছিল তার টুকরো। ক'টা ছরি। ক'টা বিজ্ঞাপন। অন্তের থেকে ভিক্ষে ক'রে আনা অটোগ্রাফের পৃষ্ঠা।

ধারালো নথে সব ছিঁডতে বসল স্থকণ্ঠা। টুকরো-টুকরে। ক'রে। তাতেও জালা মিটছে না। ছেঁড়া অংশগুলি আবার ছিঁড়ল, কুচিকুচি ক'রে ছিঁড়ল। মনে-মনে ভাবল অনেক বেঁচে গিয়েছি— এক-একবার ইচ্ছে হ'ত চিঠি লিখি— ভাগ্যিস লিখি নি। জঞ্চাল জড়ো করি নিবেশি।

দেশলাইয়ের কাঠি জেলে পোডাতে বসল সে ছিল্লন্তুপ।

সেদিন থবরের কাগজ খুলতে গিয়ে চোথে পড়ল বড়ো অক্ষরে কি একটা সংবাদ বেরিয়েছে পরাশর সম্বন্ধে। চোথে পড়তেই ঝলসে উঠল। পরে ভাবল, কোনো কেলেঙ্কারির সংবাদ হয়তো। কিংবা কে জানে, হয়তো মোটর চাপা পড়েছে। নয়তো বা অন্ত কোনো তুর্ঘটনা। প'ড়ে দেখতে ক্ষতি কি।

বিপরীত সংবাদ! কতক্ষণ পরেই ঘটি ছোকরা এসে হাজির। আমাদের সভায় আপনি যদি ঘটি গান গান।

উৎফুল্ল হ'ল স্থকণ্ঠী। এভাবেই তে। পাবলিদিটি হবার স্থযোগ। বললে, 'আপনারা কারা ?'

কতদিনের পুরোনো ও শক্তিশালী প্রতিষ্ঠান তার বিবরণ দিল ছোকরারা। কারা-কারা সব সভাপতি হ'য়ে গিয়েছেন, দৈর্ঘ্যে পরিধিতে কত বড়ো সব জাঁকালো জাঁদরেল। কত ফিল্ম-ফার, রেডিওআর্টিফ গান গেয়েছেন এখানে, কত নৃত্যভারতী দেখিয়ে গিয়েছেন ললিতকলা।

'কিসের সভা '

'আমর। পরাশর রায়কে সংবর্ধনা দিচ্ছি।'

'কে পরাশর রায় ?'

'দে কি কথা? এত বড়ো একজন দাহিত্যিক, জনপ্রিয়ভার সব-চেয়ে উচু চুড়োয় যার বাদা—'

'ও, শুনেছি বটে।' মূথ গন্তীর করল স্থকী : 'কিন্তু এও শুনেছি লোকটা অভ্যন্ত বাজে, রোগো, থার্ড ক্লাস---'

'চামড়া ও চরিত্র যার-যার নিজের ব্যাপার।' এক ছোকরা হাই তুলল, আরেক ছোড়া তুড়ি মারল: 'ও সব কে দেখে? দেশ সম্মান দেবে প্রতিভাকে।'

'মাপ করুন। যার-তার সভায় গান গাইতে পারব না।' রাগে পুড়তে লাগল স্থক্ষী। এত বড়ে। একটা পাবলিসিটির স্থযোগ এমনি ক'রে গোল্লায় পাঠাবে ? প্রসাদের ফুলকে এমনি ক'রে পায়ে দলবে ? উপায় কি তা ছাড়া ? গানের চেয়ে মান বড়ে।।

বলে কিনা গলা যেন সোনা-ঢালা। যদি পারতাম, গালাগাল দিয়ে সিমে-ঢালা ক'রে দিতাম।

একটা শ্রাদ্ধবাড়িতে হঠাৎ দেদিন দেখা। কোন এক দ্রসম্পকিত লোকের বাড়িতে কাজ, দেখানে ও লোকটার নিমন্ত্রণ হ'তে পারে কে জানত। সম্পর্কের কত শেকড় যে চারদিকে ছড়িয়েছে তার ঠিক নেই।

গদ্গদকণ্ঠে শোকভক্তি-চলচল গান গাইছিল স্থকণ্ঠী। স্বাই তন্ময় হ'য়ে শুনছে। জমাট হ'য়ে আছে স্তব্ধতা। এমন সময় ঘরে ঢুকল পরাশর।

মুহর্তে গান গেল থেমে। স্থকন্ধ হঠাৎ অস্কৃত্ব হ'য়ে পড়েছে। বাতাস যেন উড়ে গিয়েছে ঘর থেকে। গা-মাথা কেমন ঘুরতে লেগেছে। সাঁ৷ ক'রে ছুটে চ'লে গিয়েছে পাশের ঘরে। বাথক্রমে। বাথক্রমে চুকে মাথায় জল ঢালতে শুক্ত করেছে।

কি হ'ল, ডাক্তার ডাকো। ভিড় স্বিয়ে দাও। প্রাশ্ব বেরিয়ে গেল।

না, স্বস্থ হয়েছে। ভয়ের কিছু নেই। বাড়ির বাইরে এদে শুনতে পেল পরাশর, স্কন্ঠী আবার গান ধরেছে।

'আপনারা একজন ঠিক করুন। হয় গাইয়ে নয় বলিয়ে।' প্রোগ্রামটা হাতে ক'রে ছুলও না স্থক্ষী। উপর-উপর চোথ বুলিয়েই বললে।

'আপনার সঙ্গে বক্তার ক্ল্যাশ হচ্ছে কে'থায় ?'

'ভীষণ হচ্ছে। আপনাদের ক্রচির সঙ্গে হচ্ছে।' ঝাজিয়ে উঠল স্তবন্ত্রী।

'কিন্তু পরাশরবাবৃর নাম থে কার্ডে ছাপা হ'য়ে গেছে। ওঁকে এখন বাদ দিই কি ক'রে ?'

'তা হ'লে আমাকে বাদ দিন। আমার নাম, গায়কের নাম তে। আর ছাপা হয় না।'

'ওরে বাবা, আপনাকে বাদ দিলে সভা তো ফাঁকা মাঠ। আগে গাইয়ে পরে কইয়ে।'

'তা হ'লে যে সভায় ওরকম সভাপতি সে সভায় আমি গাই না।'
মাথা চূলকোতে লাগল ছোকরারা। 'তা হ'লে কি ক'রে ম্যানেজ
করা যায় ''

'থুব যায়। নিতে লোক পাঠাবেন না। লোক না পাঠালে যায় কখনো সভাপতি ? নিজের থেকে গাড়ি ভাড়া ক'রে ?'

'তা মন্দ বলেন নি। লোকই পাঠাব না। আর এদিকে সভায় ঘোষণা ক'রে দেব হঠাৎ অহস্ত হ'য়ে পড়েছেন। কিংবা বাড়িতে ঘুর্ঘটনা ঘটেছে।'

ভোঁতা অস্ত্র দিয়ে থেঁতলে-থেঁতলে কাটার মধ্যেও আনন্দ আছে। জামা-কাপড় গ'রে তৈরি হ'য়ে দাঁড়িয়ে থাকবে। লোক যাবে না। থেকে-থেকে ভুধু মোটিরের হর্ন ভনবে। একটাও দাঁড়াবে না দরজায়। গদিসও পাবে না কেন এই প্রত্যাধ্যান।

ধারালো অন্তের উলটো পিঠ দিয়ে ফাটিয়ে-কাটিয়ে মারার মধ্যেও ত্বথ কম নয়।

'দিদি, আমার একটা চাকরি হয়েছে।' ধ্রুবজ্যোতি চূল আঁচড়াতে-আঁচড়াতে বলল। 'বলিগ কি ?' আনন্দে প্রায় পাথা মেলল স্থকণ্ঠী : 'কত মাইনে ?' 'ন্টার্টিং তো ভালোই। প্রায় আশাতীত। একশ' কুড়ি টাকা।' 'সত্যি ?' ভাইকে প্রায় আদর করে স্থকণ্ঠী : 'কোথায়, কোন আপিনে ?'

আপিস্টার নাম করল গ্রুব।

'কি ক'রে পেলি ?'

'অ্যাপ্লাইও করি নি, কোথায় আবার থোঁজ পাব! পরাশরবার নিজের থেকে ভেকে নিয়ে গিয়ে চাকরি দিলেন।'

'কে ?' ষেন হুস্বার ক'রে উঠল স্থক্ষী।

'পরাশরবাবু। সেই যিনি— সেই যে—'

জ্বলম্ভ একটা উন্ধন নিবে গিয়ে তাতে যেন গোবর লেপা হ'য়ে গেল। স্থকন্তী গলা মোটা ক'রে বললে, 'ওথানে তোমার চাকরি কর। হবে না, গ্রুব।'

'কেন ?'

'ওথানকার অ্যাসোসিয়েশন ভালে। নয়।'

পেটের ভাত প্রায় চাল ২'য়ে গিয়েছিল আতঙ্কে। ধ্রুবজ্যোতি মন খুলে হাসল। বললে, 'চাকরির আবার অ্যাসোসিয়েশন! ভূতের আবার জন্মদিন।'

'পরাশরবারু লোকট। শঠ, ভণ্ড, জ্বন্স---' যেন শব্দসম্পদ বেশি নেই স্থকন্তীর। অসহায়ভাবে হাত ছুঁড়ল শ্ব্যে। বললে, 'ঠিক বোঝাতে পাচ্ছি না।'

'স্ট্রচনায় এটা কি তারই পরিচয় দিচ্ছে?'

'যারা প্রতারক তারা স্থচনায় এমনি ছন্মবেশ পরে। ভালে। করবার ছলে সর্বনাশ করে। চাকরি দিয়েছে গৃঢ় কোনো শত্রুতার উদ্দেশ্মে।' 'এরকম শত্রুর সংখ্যা দেশ জুড়ে বৃদ্ধি পাক।' আশীর্বাদের ভঙ্গিতে হাত তুলল ধ্রুব: 'বেকারির নিপাত হোক।'

'তুমি ব্ৰতে পাচ্ছ না ও এই স্থযোগে এই বাড়িতে আনাগোন। শুক করবে।'

'বলো কি. আসবে আমাদের বাড়ি ?'

'আসবে ু এলে মুখের উপর দরজ। বন্ধ ক'রে দেব ন। ॰'

'সে কি কথা ? তোমার সঙ্গে ঝগড়া ২য়েছে নাকি ৮'

'শুধু ঝগড়। হ'লেই কি দরজা বন্ধ ক'রে দেয় ?'

'তবে কোনো ত্র্ব্যবহার ?' চিক্রনি ছেড়ে দিয়ে শুণু আঙ্গুলে মাথা চুলকোতে লাগল ধ্রুব।

'ধ্ব !' গর্জন ক'রে উঠল স্থকষ্ঠা : 'থদি এ চাকরি তোমার করতেই হণ তবে এ বাড়িতে তোমার থাকা হবে না ব'লে দিচ্ছি। হয় তুমি আলাদা নয় আমি আলাদা হ'য়ে যাব। কালসাপকে বাস্তসাপ হ'তে দেব না।'

বাবা এসে মাঝে পড়লেন। ধীরস্তত্র না মৃহতি। তিনি বললেন, 'আগেই দড়িকে সাপ ভাবা কেন ? আর সাপ ফণ। তুললেই বা ভয় কিনের ? পাথর হ'তে পারলে সাপের ছোবলে কি হবে!'

পাগরই হ'তে হবে। বাড়ির সঙ্গে ছিন্ন করতে হবে সম্পর্ক।

কোথাও কোনো একটা মেয়ে-হন্টেলে জায়গ। পায় কিনা তারই জন্মে যোরাঘুরি করছে স্থকষ্ঠা। ঠিকানাটা না বদলানো পর্যস্ত শাস্থি নেই। শুধু বাড়ির ঠিকানা নয়, পাড়া, মহলা, বাস-কট। কোনদিন গ্রুবর থোঁজে বাড়িতে এসে ওঠে চোরের মতে। তার ঠিক কি।

'জানো দিদি, পরাশরবাবু প'ড়ে গিয়েছেন।'

স্কন্তী মূথ ফিরিয়ে রইল। কত লোকই তো পড়ে-মরে তাতে কার কি মাথাব্যথা।

'मि' ডি দিয়ে নামতে গিয়ে স্লিপ করেছেন।'

'মেরুদণ্ড ভেঙে গিয়েছে ?' রি-রি ক'রে উঠল স্থকণ্ঠী।

'অতটা হয় নি। পায়ে চোট লেগেছে—'

'ঠ্যাং খোড়া হ'য়ে যায় নি ?'

'तला याग्र ना कि इग्र।'

'অমন লোকের অমন কিছু না হ'লে প্রকৃতির নিয়ম ব'লে কিছু থাকে না।' স্বক্ষী দর্বজ্ঞ দার্শনিকের মতে। বললে।

'হাসপাতালে আছেন। এক্স্রে রিপোট পেলে তবে বোঝ। যাবে।'

এই, এই হচ্ছে অস্কবিধে। রোজ তার থবর সরবরাহ করছে গ্রুব। এমনি ক'রে তার অন্তিজের শারীরিক অন্তত্তবটা বাঁচিয়ে রাথবার অায়োজন চলেছে।

'বিশেষ ভাবনার কিছু নেই বলেছে ডাক্তার। সিম্পল ক্র্যাকচার। প্র্যাস্টার ক'বে দিয়েছে। মাস্থানেকের ধান্ধা।'

'মোটে ?' নুথ দিয়ে বেরিয়ে এন স্থকন্তীব। উন্মাটা যে চাপা দেবে চট ক'রে এমন কোনো কথা খুঁজে পেল না।

'আজ আবার হাসপাতালে গিয়েছিলাম—'

'ষেথানে খুশি তুমি যাও, চুলোয় হোক গোলায় হোক নরকে হোক— আমাকে জানাবার কোনো দরকার নেই। হাসপাতালে রুগী থালি একটা নয়।'

'জানে! দিনি,' সেদিন বিমর্থ ক্রব এসে বললে, 'পরাশরবার্ আমাকে বাইরে বদলি ক'রে দিয়েছেন—' উত্তরে জিগ্রেদ করা উচিত, কোথায় ? কিন্তু স্বস্তির নিশাদের দক্ষে স্থকন্তীর মুখ দিয়ে বেরিয়ে এল : 'বাচলাম !'

'বাঁচলে ?'

'তা ছাড়া আবার কি। সব সময় আর থবর যোগান দেওয়া চলবে না। গায়ের জালার নিবারণ হবে।'

ধ্ব গেল বাবাকে বলতে ! রামমোহনবারু মাথায় হাত দিয়ে বসলেন । মফস্বলে গেলে তে। বিষম ক্ষতি । কিছুই তথন তুলে তো পাঠাতে পারবে না সংসারে ।

'না, না, একা থাকতে শেথাই তে। ভালো।' স্বক্ষী সহজ্ব-স্পষ্ট স্বরে বললে, 'আত্মীয়দের আঁকড়ে ধ'রে কোনে! রকমে মাথা ওঁজে প'ড়ে থাকায় কোনো বাহাছরি নেই। থোলামেলা জায়গায় স্বাবলম্বনের হাধীনতায় থাক। অনেক ভালো।'

এ একটা কাজের কথা হ'ল ? যে ক'রে হোক এ বদলি রদ করাতে হবে।

'তুমি একবারটি যাবে দিদি? তুমি যদি একটু বলো—' মিনতিয়ান মুথে ধ্রুব কাছে এদে দাড়াল।

'আমি ? আমি যাব ?' বোমার মতো ফেটে পড়ল স্থকণ্ঠী।

বৃমতে পেরেছি, মনে-মনে গণন। করতে বদল, দব কারদাজি। চাকরি দেওয়া বদলি করা তদনিরের ক্ষেত্র প্রস্তুত করা দবই শাণিত সত্যস্ত্র।

অগতা। রামমোহনবাবু ছেলেকে নিয়ে নিজে গেলেন দরবার করতে।

'বাবা, তোমার যাবার কি হয়েছে ? তুমি কেন ছোটো হ'তে যাবে ?' স্বকণ্ঠী বাধা দিতে এল। রামমোহনবাবু শুনলেন না। শুধু বললেন, 'আমার তো মনে হয় দিতে জানাটাই চালাকি নয়, নিতে জানাটাও চালাকি।'

মফস্বলই যেন বহাল থাকে। রাগে জলতে লাগল স্থকপ্তী। এত কথা তা হ'লে উঠতে পায় না সংসারে। পরাশরের জলস্ত স্মারক চিচ্ছের মতোই যেন জেগে আছে গ্রুব। সব সময়ে যেন তারই সমৃদ্ধি আর ঔদ্ধত্যের গন্ধ ব'য়ে বেড়াচ্ছে। ও চ'লে যাক, স'রে যাক চোথের সামনে থেকে। নিত্যনতুন কথার নিবৃত্তি হোক, মনে-জাগিয়ে-রাথার ঘা শুকোক। গা-জুড়োনো হাওয়া দিক।

'তোমার ইচ্ছাই পূর্ণ হ'ল দিদি।' গ্রুব ফিরে এসে বললে, 'বদলি কিছতেই রদ করতে রাজি হলেন না।'

'আমার কথ। কিছু বলেছিলে বৃঝি ?' যেন মাথার উপর থড়গ তুলল স্বক্ষা।

'না, তোমার কথা বলতে হয় নি। কিন্তু মনে হয় বৃঝতে পেরেছেন। নইলে প্রায় ঐ কথাগুলিই বললেন কি ক'রে?'

'কোন কথা ? কোন কথা আবার বলেছিলাম আমি ?'

'বললে, আত্মীয়দের আঁকড়ে মাথা গুঁজে প'ড়ে থাকার মধ্যে ক্বতিজ নেই। ওরকমভাবে থাকতে গেলেই নানারকম ক্ষুত্তা, নানারকম কলহ। বিরোধের মধ্যে আলাদা হ'লে জোড় লাগে না, কিন্তু এমনি আলাদা থাকতে শিখলে আত্মীয়রা আলাদা হয় না।'

'এ সব আমি কিছু বলি নি। এ সব মোটেই আমার মনের কথা নয়।' চাপা আক্রোশে গজরাতে লাগল স্থকষ্ঠী: 'ভোমাকে সরিয়ে দেওয়ার উদ্দেশ্যই হচ্ছে আমাদের জব্দ করা, নাকাল করা, আমাদের সংসারের আয় কমিয়ে দেওয়া—'

ধ্ৰব কান চুলকোতে লাগল।

কে জানে হয়তে। বা তুর্বল, অভিভাবকহীন ক'রে ফেলা। হাতের কাছে একটা থাটিয়ে-পিটিয়ে ভাই ছিল, উঠতে-ছুটতে পারত, তাকে সরিয়ে দেওয়া। মনে-মনে আবার গণনা করতে বদল স্থকষ্ঠী। গভীর, স্থগভীর ষড়যন্ত্র।

রাগে-বোষে দশ্ম হ'তে লাগল স্থকষ্ঠী। কোথায় শীতলসিঞ্চন আছে, মনোহর সরোবর আছে যেখানে ডুবতে পারলে শরীর ঠাণ্ডা হয়, মনের জালা যায়।

বুষ্টি, বৃষ্টি নামল দেদিন। আপিস-আদালত ভাঙো-ভাঙো, এমন সময়।

একটা সমুদ্রকে যেন আকাশে তুলে এনে সহসা উপুড় ক'রে দিয়েছে। বৃষ্টিতে ফোঁটা থাকে, রেখা থাকে, ছুটো রেখার মধ্যে খানিকটা বা ফাঁক থাকে। এ বৃষ্টির মধ্যে কোনো ফোঁটা নেই রেখা নেই ফাঁক নেই। এক সমুদ্র জল একসঙ্গে নেমে পড়েছে। যেন বাঁধভাঙা বন্থা, কারু ধার-না-ধারা ধারাপাত।

আপিদ থেকে বেরিয়ে পড়ল স্থকন্তী। তাড়াতাড়ি একটা বাস ধরতে হয়।

প্রায় ছুটে একটা গাড়ি-বারান্দার নিচে এসে দাঁড়াল। কিন্তু বাদ কোথায়? যা ত্-একটা আসছে গন্ধমাদন হ'য়ে আসছে। হাত তুললেও দাড়াচ্ছে না। ভিতরের তাগিদে যদি বা কথনো দাঁড়াচ্ছে, পিলপিল ক'রে লোক ছুটছে হানা দিতে। পৌছুবার আগেই ভিজে একসা হ'য়ে যাচ্ছে। তারপর আবার ফিরে আসছে স্বস্থানে।

ঠায় দাঁড়িয়ে আছে স্থকষ্ঠী। মুখলধার শুনেছে, এ শতন্ত্রীধার। কোথাও বিরাম নেই, দয়ামায়া নেই। কি ক'রে বাড়ি ফিরবে ভেবে কুল পাছে না। নিঃসহায় তুশ্চিস্তায় সমস্ত শ্রীর ভারি হ'য়ে উঠেছে। জলের শাদা পদা বেমন যিরে আছে শৃন্তকে, তেমনি স্ক্রীকে যিরে আছে আড্রিত অনিশ্য।

ট্যাক্সি, ট্যাক্সি— বহুজনের সঙ্গে স্থকণ্ঠিও হাত তুলন।

ভালো ক'রে দেখে নি কেউ, একটা লোক আছে ভিতরে। সবাই নিরস্ত হ'ল কিন্তু ট্যাক্সি নিরস্ত হ'ল না। স্থকণ্ঠীর কাছে দাঁড়াল, কার্ব ঘোঁষে। দরজা খুলে দিল ভিতর থেকে। আর, আশ্চর্য এক মুখ হাসি নিয়ে ভিতরে ঢুকল স্থকণ্ঠী।

উঠতে-উঠতে বললে, 'আমার কেমন মনে হচ্ছিল আপনার সঙ্গে দেখা হ'য়ে যাবে।'

'বর্ষায় সমস্ত হিদেব মৃছে যায়। কুম্ভকর্ণের মতো অসম্ভবেরও ঘুম ভাঙে।' বললে পরাশর।

'হবে।' দরজ। বন্ধ করল স্কন্ঠী।

বেশ মেলে-ঢেলেই বদেছে মাঝখানে। ভঙ্গিটা আর কাঠ-কাঠ নয়, কাঠগোলাপ-কাঠগোলাপ। বেশ অনায়াদেই ডান হাতখানা নিজের হাতের মধ্যে টেনে নিল পরাশর।

'ভিজে গিয়েছ দেখছি।'

'ও কিছু নয়—'

জনে-যানে যে শহর ঝলমল করছিল সে কেমন এখন অশুরক্ম হ'য়ে গিয়েছে। অবাস্তবতার ছায়ামাখানো অশুরক্ম পোশাক পরেছে। বাড়িঘরের দরজা-জানলা বন্ধ, যেন কোন পরিত্যক্ত পাষাণের রাজ্য। দোকানের সাইনবোর্ডগুলি যেন অশু কি কথা কইছে, অসময়ে যে ক'টা আলো জ'লে উঠেছে তা যেন কোন অনির্দেশের হাতছানি। লোকজন যারা দাঁড়িয়ে আছে বা যার। পথ ভাঙবার চেটা করছে সব আরেক কোন অজানা দেশের বাসিনে। স্বাই কেমন অসতর্ক, অক্তমনস্ক। কিছু আদে যায় না, সবাই কেমন নিয়মের বাইরে, নিষেধের বাইরে, ফল-টানা ফটিনের বাইরে।

ট্যাক্সি থেমে পড়ল। আর যাবার পথ নেই।

জলে জলময় রাস্তা। রাস্তা তো নয়, ভহরপানির থাল। দপ্তরমতো টেউ দিয়েছে, আশেপাশের দোকান বাড়ির দেয়ালে গিয়ে লাগছে। কোমরড়ব জল ঠেলে যাচ্ছে কেউ-কেউ, ছেলেরা নৌকো ভাসিয়েছে. কাগজের, কাঠের। কেউ-কেউ বা দাঁতার কাটছে, জল নিয়ে ছোড়াছুড়ি করছে। এথানে-ওথানে বিগড়ে আছে মোটর। বোঝাই হ'য়ে রিক্শা চলেছে ছপ্পর তুলে।

'कि विभारे ना र'ठ छे। शिंछ। ना त्भाला।' वनता स्वक्री।

'বিপদ তে। এথনও।' বললে পরাশব। 'ট্যাক্সি আর যাবে না। এঞ্জিনে জল চুকেছে। কতক্ষণে জল নামবে ট্যাক্সি চলবে কে জানে।'

তবু যেন এতটুকু ত্রশ্চিস্তা নেই স্থকন্পীর। এই অজস্র বর্ষণ, পথঘাট ডোবানো বাড়িঘর ভোলানে। জল, এই অনিশ্চয়ে থেমে থাকা— কিছুই যেন ত্রহ নয়।

কলকাতাই যেন নয় আর কলকাতা। যেন কোন আরেকটা জায়গা। নদীর ধারে একটা নৌকো বাঁধা। একটা ছাতিম গাছ ভিজ্ঞছে নিঝুম হ'য়ে। কোথায় ব'সে কাঁদছে একটা নিরালা পাধি।

ষেন এটা বাড়িফের। কেরানির বিকেল নয়, ঘুমে-অঘুমে মেশা মন্ত মধারাত।

আ ত্রা ণ

ঝড়ের বাড়িখাওয়া পথহারা পাখির মতন মেয়েটা ঘরের মধ্যে চুকে পড়ল। মেঝের উপর ব'সে পড়ল না, দাঁড়িয়ে রইল, তাও দেয়ালের কোণ ঘেঁষে নয়, মুখোমুখি টেবিলের ধারটিতে।

টেবিলের উপর ঝুঁকে প'ড়ে কি-একটা লিখছিল নীলাঞ্জন, মুখ তুলে চেয়ে বললে, 'কি চাই থু'

কি চাই ! এ প্রশ্নের কে উত্তর দিতে পারে ! দিধায় ছুলতে লাগল মেয়েটা।

'কোনো চাকরিবাকরি ?'

মেয়েটা কথা কয় না।

'কোনো সাহায্য-টাহায্য ? চাঁদা ? কোনো ফাংশানের টিকিট ?' এত কথার উত্তর দিতে হ'লে বসতে হয়, বিস্তৃত হ'তে হয়। শাঁড়িয়ে থাকাটা কেমন ভালো দেখায় না।

কিন্ত খার কাছে এপেছি তিনি ধদি বসতে না বলেন তে। বসি কি ক'রে ? বসতে বলবেন এমনও তো মনে হয় না। নিচু হ'য়ে আবার লেখায় মন দিয়েছে নীলাঞ্জন।

কিন্তু উদ্যোগ করতে দোষ নেই। উচ্চোগ ছাড়। কিছু হবারও নয়। মেয়েটা শব্দ ক'রে চেয়ার টানল। বসল নিজের থেকে।

তবু ওপক্ষে কিছুমাত্র উদ্যোগ আছে ব'লে মনে হয় না। অন্ত্রতি ছাড়া সশব্দে অমনি চেয়ার টেনে ব'সে পড়াটা নিশ্চয়ই অভন্ততা। বেমন জাঁদরেল রাগী লোক ব'লে নামডাক, নিশ্চয়ই ফথে উঠবে। আসলে এই উদাসীতা এই অনারম্ভও তো একরকমের রুক্ষতা। কিন্তু প্রতিপক্ষ একটু রুক্ষ না হ'লেও আনন্দ নেই। যে রুঢ় তার নম্রতা না জানি কত স্থুন্দর ! যে রুপণ তার না জানি অজ্মতা!

মেয়েটা অস্ট্র স্বরে বললে, 'আমাকে নকুলবাবু পাঠিয়ে দিয়েছেন।' 'কে নকুলবাবু ?' প্রায় গর্জন ক'রে উঠল নীলাঞ্জন।

কে নকুলবাবু তাও বুঝিয়ে বলতে হবে ? চারদিকে কোথাও একটা চাপরাসি-আর্দালি দেখা গেল না। এ কোথায় এদে উঠলাম।

'শহরে বত্রিশটা নকুলবাব আছে। কে তোমার মুরুবির তা খুলে না বললে বৃঝি কি ক'রে > আমি কি সর্বজ্ঞ ?'

এত কষ্টেও একটু হাসল থেয়েটা। বললে, 'মোক্তার নকুলবাবু।' 'কেন, কোনো কেস-সংক্রান্ত বুঝি ? তিনি গেলেন কোথায় ?' 'আমাকে পৌছে দিয়েই চ'লে গেছেন।'

'এই ভরসন্ধেবেলায় ? একা-একা ?'

উলটো ক'রে বুঝল মেয়েটা। বললে, 'সঙ্গে গাড়ি আছে।' 'গাড়ি? এই মফস্বল শহরে মোক্তারের আবার গাড়ি কোথায়?' 'ঘোড়ার গাড়ি।'

'এখনো আছে নাকি এ শহরে ? সাইকেল রিক্শার ঠেলায় উঠে যায় নি ?'

'একথানা আছে।'

'তাতে ক'রে মকেল পৌছে দিয়েই কেটে পড়ল ?' নীলাঞ্চন মোটা চূরুট ধরাল : 'মকেলকে বাইরে দাঁড় করিয়ে রেথে উকিল-মোক্তারই ঘরে ঢোকে শুনেছি। এ যে দেখি বিপরীত। মকেলকে পৌছে দিয়ে মোক্তারেরই বাইরে দাঁড়িয়ে থাকা। কি কেস ? ম্যাট্রিমনিয়েল ?' মথের উপর স্পষ্ট চোথ কেলল নীলাঞ্চন।

'এখনো হয় নি বিয়ে।' চোথ নামাল মেয়েটা।
মাথার দিকে তাকাল নীলাঞ্চন। মাঠের মাঝখান দিয়ে পায়েহাঁটা পথের মতো শাদা দিঁথি। বললে, 'তবে কি অন্ত জাতীয় ?'
'তেমন কোনো কেদ নয়—'

'কেদ নয় মানে ? মোক্তার মানেই মকদ্দমা। মোক্তার মানেই জামিননামা। মকদ্দমা তো কোটে না গিয়ে এখানে কেন ''

এখানে কেন ? তবে কি আমার কোনো ভূল হয়েছে ? ভূল বাড়িতে এসেছি ? আমি এলুম কোথায়। আমাকে তো নিয়ে এল! মুখ ম্লান ক'রে উঠে দাঁড়াবার চেষ্টা করল মেয়েটা। বললে, 'আমার

মূখ স্লান ক'রে ৬তে দাড়াবার চেষ্টা করল মেয়েটা। বললে, 'অ'
কি ভূল হয়েছে '

'নিশ্চয়ই ভূল হয়েছে।' প্রায় ছমকে উঠল নীলাঞ্জন। 'এটা কি তবে হালদারদাহেবের কুঠি নয় ?' 'শহরে এ কে না জানে ?' 'আর আপনিই—'

'হাঁা, আমিই।মাতাল,লম্পট, ত্শ্চরিত্র— শোন নি আমার সহদ্ধে ?'
যেন সহজে নিশ্বাস ফেলল মেয়েটা। বললে, 'শুনেছি।'
'সেদিক দিয়ে কিছুই ভূল ২য় নি। ভূল হচ্ছে ভোমাকে নিয়ে।'
'আমাকে নিয়ে ?' কেমন অস্থির হ'য়ে উঠল মেয়েটা। এপাশ গুণাশ ভাকাতে লাগল।

'নিজের সম্বন্ধেই তোমার স্পষ্ট ধারণা নেই। তোমাকে এথানে কেউ নিয়ে আসে নি, তুমি নিজের ইচ্ছেয় এসেছ।'

ও, এই কথা। একটু ন'ড়ে-চ'ড়ে বদল মেয়েটা।

'তোমার উকিল-মোক্তার লাগবে কেন ? তুমি নিজেই তোমার জবানবন্দি, নিজেই তোমার সওয়াল-জ্বাব। কি, ঠিক শয় ?' 'ঠিক।'

नीनाश्चन ।

'তুমি কিডক্তাপিঙের বয়সের মধ্যে আর পড় না। সে সীমা তুমি আনেকদিন ছাড়িয়ে এসেছ। তা ছাড়া, তুমি যদি নিজের থেকে এখানে না আদ সাধ্যি কি তোমাকে কেউ জোর ক'রে নিয়ে আদে?'

'বা, আমি নিজের ইচ্ছেতেই তো এসেছি।' চেয়ারের হাতলত্টে। শক্ত ক'রে ধরল মেয়েটা।

'তবে বলছিলে কেন নকুলবাবু পাঠিয়ে দিয়েছেন ?'

'কি ভাবে বললে ব্ঝতে পারবেন তারই জন্তে অমনি ক'রে বলা।'
মেয়েটা মাথা নিচ করল: 'একটা পরিচয়পত্র---'

'বেশ, তবে যাও পাশের ঘরে।'

পাশের ঘর ! যেন কত রাজ্যের পথ, কত দিগস্ত পেরিয়ে দে দ্র । একটা পদার তো মোটে ব্যবধান । তবু মনে হ'ল অন্তরালে কি যেন আতঃ রয়েছে ওত পেতে ।

ভয়ের কিছু আছে ব'লে তো শোনে নি। সকলের থেকে আলাদা হ'য়ে একা-একা থাকে হালদার। স্ত্রীর থেকে আলাদা, ছেলের থেকে আলাদা। তুর্গম অরণ্যে ক্লাস্ত, পরিত্যক্ত পর্বত। ভিতর থেকে ক্ষয় হ'তে-হ'তে কি মূর্তিতে বিদীর্ণ হয় ঠিক কি।

নিজের ইচ্ছেতেই যেতে হবে। পা বাড়াল মেয়েটা। যাবে, শেষ পর্যন্ত যাবে। ভয়ও তো একটা আশ্চর্য রোমাঞ্চ। 'ষাও,লুকোও, বেশিক্ষণ থাকতে হয় না আপিসঘরে।' তাড়া দিল

এই বৃঝি ডুয়িংকম। সব স্থলর ক'রে সাজানো-গোছানো। নম্রাভ আলো জলছে স্ট্যান্ডে। কিন্তু আলেপাশে কোথাও এন্টুকু হাঁটাচলা নেই, কথাবার্তা নেই। স্তব্ধতা যেন ক্রুদ্ধ চোথে তাকিয়ে আছে চারদিক থেকে।

লম্বা সেটির এক কোণে বসল মেয়েটা।

কিন্তু কতক্ষণ এমনি ব'সে থাকবে ? সেও কি কার্পেট, কৌচ, এই সব আসবাবপত্রেরই একজন ? তারও কি স্থগত্বং নেই, ক্ষ্ণাত্ম্থ নেই, আশাআকাজ্ঞা নেই ?

আপিস্ঘরের দরজাটা বন্ধ হ'ল শব্দ ক'রে।

এক গাছ পাথি থরথর ক'রে কেঁপে উঠল, আকাশ কালো ক'রে ঝড় আসছে। পারের কাছে নদীর জল কুলকুল ক'রে উঠেছে, শাদ। চাদর উভিয়ে এল বুঝি অমাবস্থার কোটাল।

এবার আদবে নীলাঞ্চন।

'পরিচয়পত্র ?' বলতে-বলতে ঘরে চুকল নীলাঞ্চন: 'ফাঁকা দন্ধ্যায় চুপচাপ একা ব'দে আছি, তুমি কাছে এদে দাঁড়ালে, জিগ্গেস করলুম, কে, তুমি ব'লে উঠলে, আমি- এই কি যথেষ্ট পরিচয় নয় ?' ঘরে পা দিতেই যেন চমকে উঠল. 'এ কি, তুমি ? এখনো ব'দে আছ ?'

'ব'দে আছি।' নিরুপায়ের মতো শোনাল কথাটা।

'কার জত্যে ব'দে আছ ?'

'আর কার জন্তে।' চোথ ঘটি স্থির ক'রে গাঢ় ক'রে তাকাল নীলাঞ্জনের দিকে। বললে, 'আপনার জন্তে।'

কত বড়ো প্রকাণ্ড লোক। কত বড়ো পণ্ডিত। সমাজের কত উচু চুড়োর এসে বসেছেন। কত দেশ-বিদেশ ঘুরেছেন। কত টাকা। কত মান। কত শক্তি। আর, কি ফুলরেই বা দেগতে!

'আমার জন্মে কেউ ব'দে আছে এ ভাবতে ভারি স্থথ হয়। স্থ জিনিদটাই ভাবনার মধ্যে, জিনিদের মধ্যে নয়। কিন্তু আমি ভারি আশ্চর্য হচ্ছি,' নীলাঞ্জন এক পা এগোবার ভঙ্গি করল : 'কই. তুমি তো কাদছ না "

পাশে জায়গা ঢের আছে, তবু আরো একটু সংকুচিত হ'ল মেয়েটা। বললে, 'কাঁদব ? কাঁদব কেন ?'

'এর আগে যে এসেছিল সে এ ঘরে চুকেই মেঝের উপর ছিটকে
প'ডে কেঁদেছিল একচোট।'

'কেন ?'

'ভয়ে।'

'ভয় কিদের ? আদতেই ধদি পারল তবে আবার কাকে ভয় ?'
'ভয়কে ভয়। তুমি যে নিশ্চিন্ত-নিশ্চিন্ত আছ এইটেই আশ্চর্য।'
ন্চকে হাদল মেয়েটা। বললে, 'আমি যে দব জেনেশুনে এদেছি।'
তাকাল নীলাঞ্জনের দিকে। মাথার চুল প্রায় শাদা, পাতলা
হ'য়ে দ'রে বদেছে দ্রে-দ্রে। কপাল তাই বেশি চওড়া ও চকচকে
দেখাছে। সাফল্যে একটু স্থল কিন্তু মূখে কেমন একটা আত্মনিময়
শিশুর ভাব। মনে-মনে ভাবছিল মেয়েটা, দত্যিই কামনা কি
করুণ।

'কি, কতদ্র জেনেছ তুমি?' হালকা হবার চেষ্টা করেছিল নীলাঞ্জন, কিন্তু কেমন যেন গন্তীর শোনাল।

'ত। জানি না। কিন্তু, তারপর, তাকে, সেই আগের জনকে কি করলেন '

'তাড়িয়ে দিলুম।'

তারপর কভক্ষণ কোনো কথা নেই।

মেয়েটা ছোট্ট একটা হাই তুলল।

হঠাৎ নীলাঞ্জন ঘুরে দাঁড়িয়ে বললে, 'তোমার নিশ্চয়ই ঘুম পাচ্ছে।

তোমাকে একটা সাইকেল বিক্শা ডাকিয়ে দিই। বাত মন্দ হ'ল না। বাড়ি ফিরে যাবে তো ?'

এতটা যেন ভাবতে পারত না মেয়েটা। আহতের মতো উঠে দাঁড়াল। বললে, 'দরকার কি। একটু হেঁটে গিয়েই রাস্তায় পেয়ে যাব রিকশা।'

'হাা, নিজের জোরে চ'লে যাওয়াই ভালো। নিজের ইচ্ছেয় আসা, নিজের জোরে চ'লে যাওয়া।'

চ'লে গেল মেয়ে। যাবার আগে নীলাঞ্জন জিগ্গেদ করলে, 'তোমার ফি-টা পেয়েছ ?'

'ফি, কিসের ফি ?' আঁচলে রাগের ঝলস দিয়ে উঠল রিক্শাতে। 'আরেকদিন এস।'

পরদিন সকালে নকুল এসে হাজির। হাড়গিলের মতো চেহারা, নাকের উপরে একটা আবার বড়ো আঁচিল। ধূর্ত যে সাপ তাকেও আমি জব্দ করি আমার নামেই তার পরিচয়।

'স্থার—'

ফেনোকে ভিকটেশন দিচ্ছিল নীলাঞ্জন, নকুল ঘরে চুকল।
নথিপত্র গুটিয়ে নীলাঞ্জন তাকাল যড়ির দিকে। ফেনোকে বললে,
'কোটেঁ।'

নকুল বললে, 'দেবলাকে আপনার পছন্দ হ'ল না ''
'কে দেবলা ''

'কাল সন্ধ্যায় যে এসেছিল—'

'না, না, বেশ মেয়ে। তোমার সনাতনীদের চেয়ে ভালো। বেশ অন্তর্কম।'

'ফোর্থ ইয়ারে পড়ে স্থার।'

'কোর্থ ইয়ার !' নীলাঞ্চন মুঝের মতো বললে, 'তাই, তাই অমন মার্ট। চালাক-চালাক। রাগটুকুও আছে ভাগটুকুও আছে। কার মেয়ে ?'

'ভিস্ত্রিক্ট বারে প্র্যাকটিস করে ঐ থে উকিল ভূপেন ঘোষাল, তার নেয়ে।'

'কে ভূপেন ঘোষাল ''

'পাকিস্তান থেকে এদেছে, রিফিউজি উকিল—'

'তাই চেকনাই আছে খানিকটা—'

'কিন্তু তাকে নাকি আপনি তাড়িয়ে দিয়েছেন ?'

'ভাড়িয়ে দিয়েছি ?'

'থুব তুঃথ করছিল। থানিকক্ষণ চূপচাপ বসিয়ে রেথেই নাকি চ'লে যেতে বলেছেন। থুব অপমানিত বোধ করেছে—'

হেদে উঠল নীলাঞ্জন : 'তার টাকাটা তাকে পুরোপুরি দিয়েছ তো ?' 'তা দিয়েছি।'

'তা হ'লে তার নালিশ কি ?'

'তবু আপনার মতো জেলার এমন একজন প্রধান পুরুষের কাছ থেকে সে একট স্নেহ একট দয়া আশা করছিল— একট বন্ধুতা।'

'থাসা বলেছ। যাকে অপমান করতে পারতুম তাকে যে অপমান করলুম না দেইটেই তার অপমান ? বেশ, তাকে আবেকদিন আসতে বোলো।'

'আর কি আসবে ?' দর বাড়াচ্ছে নকুল।

'একদিন যথন এসেছিল তথন আরেকদিনই বা আসবে না কেন ? সেও টাকা এও টাকা। টাকা মানেই আরো-টাকা। রোজগার মানেই আরো-রোজগার।' 'হ্যা, আরো টাকা।' নাকের ডগার আঁচিলটা স্ক্র ক'রে একটু চূলকে নিল নকুল। বললে, 'আমিও ধৈগ ধরতে বলেছি দেবলাকে। বলেছি হাড় থাকলেই মাদ হবে।'

আর কি সে আসবে !

প্রতীক্ষা ক'রে থাকার আনন্দ আর নেই জীবনে। ক্যালেণ্ডারে মাদের প্রথম তারিখটির জন্মে যা কিছু প্রতীক্ষার স্বপ্ন। কিন্তু প্রতীক্ষায় আনন্দ কোথায় ? এ যে নতুন রকম যন্ত্রণা।

এ যে শুধু প্রতীক্ষার জন্মেই প্রতীক্ষা ক'রে থাকা। গাঢ় সন্ধ্যায় একটা সাইকেল রিক্শা এসে দাঁড়াল।

'নিজের থেকেই এসেছি।' আপিদরুমে ন। চুকে ডুরিংরুমে চুকল দেবলা।

'আর তোমার জন্মেই তে। ব'দে আছি আমি।'

তাকাল নীলাঞ্জন। পাতলা, একহারা চেহারা, তুর্বল, যেন অনেক শ্রাস্তক্লান্ত। তারই মধ্যে একটু ঘষামাজা সেরে নিয়েছে। চুল বিস্থানি ক'রে বাঁধা, পারে স্থাণ্ডেল। হাতে সক্ষ ক'গাছি কাঁচের চুড়ি।

মুখোমুখি বসল কৌচে। নীলাঞ্চন চ্রুট ধরিয়ে বললে, 'কথ। বলো—'

'কথা ?'

'শুধু কথা। কথাই তো দব। রাতদিন শুধু আপিদ-আদালতেরই কথা কইছি, বিষয়-বাণিজ্যের কথা। ভালোবাসার কথা কতদিন শুনি নি, বলতেও ভূলে গেছি। হোক মিথ্যে কথা, তবু বলতে স্থন্দর শুনতে স্থন্দর। মিথ্যেকথাগুলিই তো জীবনকে রঙিন ক'রে রেথেছে।'

'সত্যকথাও তো আছে কিছু।'

'আছে নাকি ? কি সত্য ?'

'দারিন্ত্রা। হৃঃখ। সংগ্রাম।'

অভুত শোনাল দেবলাকে, প্রায় অশরীরী। উৎস্ক হ'য়ে জিগ্গেস করল নীলাঞ্জন, 'তুমি কে ?'

'আমি আবার কে। আমি এক রিফিউদ্ধি।'

'রিফিউজি ? আর কোনো পরিচয় নেই ?'

'না। একটা নতুন জাত তৈরি হয়েছে বাংলাদেশে। তার নাম রিফিউজি। আর কোনো পরিচয় নেই। আমি তাদেরই একজন।'

'তুমি কি ক্যাম্পে থাকে৷ ?'

'থাকবার কোনো বাধা ছিল না। কিন্তু একটু মাথা গোঁজবার ঠাঁই হয়েছে কোনোরকমে। একেবারে কাপড়ের তাঁবু নয়, তবু বৃষ্টির দিনে জল পড়ে ছাদ ফুঁড়ে। হুদাস্ত ভাড়া। ছাগলভেড়াতেও থাকে না থেমন আছি আমরা—' গলা প্রায় ভারি হ'য়ে এল দেবলার।

'তোমার কে আছে ?'

'আমার আবার কে থাকবে! আমার শুধু আপনি আছেন।' চোথের পাতা নাচিয়ে খুশির ঝিলিক দিল দেবলা।

'সে তো এ মৃহুর্তে তুমিও আমার আছ। এ মৃহুর্তটির কথা নয়। জীবনে তোমার কে আছে ?'

'বাবা-মা আছেন, ছোটো-ছোটো অনেকগুলি ভাইবোন আছে।' 'তোমার বাবা ''

'ভূপেন ঘোষাল। পাকিস্তানে ওকালতি করতেন। এথানে কি ক'রে কি করতে পারবেন বলুন। কিছুই পারছেন না। সব আমার উপর ভার। আমিই বড়ো। কিন্তু আমার সাধ্যি কি কিছু করতে পারি?'

'কলেজে পড় না ?'

'না প'ড়ে উপায় কি। পরিবার প্রতিপালনের পথ তো একটা দেখতে হবে। কিন্তু ততদিন অপেক্ষা করবারও যেন সময় নেই।' হাতে কাচা শাড়ির আঁচলের ধারটায় অন্তমনস্কের মতো হাত বৃলুতে লাগল দেবলা: 'পথ একটা এখুনি পাওয়া দরকার। নইলে কি আর আদি?'

'খুব অভাব ? নয় ?'

'শুধু একলা আমার তো নয়, সমস্ত ভাইবোনগুলির। অন্থথবিহ্নথ তো লেগেই আছে, ওমুধ কিনব কোখেকে ! জামাকাপড় শতচ্ছিন্ন, দেলাই করবারও আর জায়গা নেই।' ন'ড়ে-চ'ড়ে উঠল দেবলা : 'কিন্তু কেবল যদি অভাবের কথাই বলি, ভাবের কথা, ভালোবাসার কথা আসবে কি ক'রে ?'

'তুমি ভালোবাসায় বিশ্বাস কর ?' একম্থ ধোঁয়া ছাড়ল নীলাঞ্চন। 'শুনেছি বটে দেখি নি।'

'যে ভালোবাসার বয়স নেই, জরা নেই, মৃত্যু নেই ? যে ভালো-বাসা কিছু চায় না কেবল দেয়। তুমি ও কোখেকে দেখবে ? তোমার কন্তটুকুই বা বয়স, অভিজ্ঞতাই বা কি ! কিন্তু দেখবে একদিন। দে দেখার জন্মে বেঁচে থেকে স্থুখ স্পাছে—'

'তত সময় কই ?'

'যে ভালোবাসা বিচার করে না, অভিসন্ধি করে না—'

'এদিকে দরজায় যে নেকড়ে বাঘ ব'সে আছে।' হাসল দেবলা : 'নকুলবাবু বলেন হাড় থাকলেই মাস হবে। কিন্তু হাড় ক'থানা টিকলেই তো মাংসের আশা। টিকিয়ে রাখি কি ক'রে ?'

হঠাং দাঁড়িয়ে পড়ল নীলাঞ্চন। বললে, 'কিছু থাবে ?' 'থাব ?' এতটা যেন ভাবতে পারত না দেবলা : 'কি থাব ?' 'আমি যা থাই। ডাল-ভাত, মাছ-হুধ। থাবে ? মনে হয় কত দিন তুমি যেন পেট ভ'রে থাও না।'

'না, না, দে কি কথা !' কি ইঞ্চিত পেল কে জানে, দেবলাও উঠে পড়ল। বললে, 'আপনার থাবার দেরি হ'য়ে যাচ্ছে, আমি তবে উঠি।' নিস্পুহের মতো নীলাঞ্জন বললে, 'আবার এস।'

দরজার কাছে এসে দেবলা একটু থামল। নড়ল-চড়ল, আবার থামল। বললে, 'ধাই তা হ'লে ?'

'এস। যাওয়াটাই বড়ো কথা নয় আসাটাই বড়ো কথা। আর শোনো—'

এখনো বারান্দাটা পেরোয় নি পুরোপুরি, দাঁড়াল দেবলা। নীলাঞ্জন বললে, 'তোমার ঠিকানাটা আমাকে দেবে ?'

'ছি ছি, আমার আবার ঠিকানা! দেখানে আপনি থেতে পারবেন নাকি? আপনাকে তো বদতেই জায়গা দিতে পারব না। রাস্তায় গাঁডিয়ে কথা বলতে হবে।'

'আচ্ছা, তোমার টাকাটা ঠিক পাচ্ছ তো ?'

আহা, কি ভালোবাসার কথা! কানের মধ্যে থেন ফুটস্ত তেল ঢেলে দিল। পড়ি-মরি ক'রে বেরিয়ে গেল দেবলা।

দেদিন আকাশ উপুড়-করা বৃষ্টি, তারই মধ্যে চ'লে এসেছে মেয়েটা।
'এ কি, ভিজে গেছ নিশ্চয়ই। কি হবে!' চঞ্চল হ'ল নীলাঞ্চন।
'বেশি নয়—এ শুকিয়ে যাবে এখুনি।'

'না, না. ভীষণ--- ভীষণ অহ্ব করবে। বদ্লে ফেল, শাড়িটা বদলে ফেল শিগগির---'

'বেশ বলেছেন! এ বাড়িতে শাড়ি পাব কোথায় ?' থিলথিল ক'রে হেসে উঠল দেবলা। 'আছে শাড়ি। তোমার জন্মে কিনেছি একথানা।' 'আমার জন্মে ''

'ষাও, সোজা ওপরে চ'লে যাও। সিঁড়ি দিয়ে উঠেই সামনে বেডরুম। বেডরুমে থাটের ওপরে দেখবে তোমার শাড়ি।'

'উপরে যাব ?'

'যাও না। সোজা। ঐ তো সামনে সি´ড়ি--' 'আপনি ?'

'আমিও বাচ্ছি এখুনি।' একটা ম্যাগাজিন নিয়ে নাড়াচাড়া করছিল নীলাঞ্জন, মৃথ তুলে বললে, 'কেমন মানাল তোমাকে শাড়িটাতে, দেখব না থ'

সিঁ ড়িতে আলো জলছে, এক-প। এক-প। ক'রে উঠতে লাগল দেবলা। এই বোধহয় স্বর্গের সিঁ ড়ি। উঠছে তো উঠছেই, চলেছে সে কোন উর্ধলোকে, কোন বসনাস্তরে ? বাড়িঘর নির্জন তবু এত ভয় কেন ? কে যেন দেখে ফেলবে ! ধ'রে ফেলবে !

এই শোবার ঘর ! কত দ্র চ'লে এমেছে আজ দেবল!। রাজ্য কতদ্র বিস্তুত হ'ল !

বা, এই শাড়ি! এই জামা!

দরজার পর্দার ধার ছটে। আরো একটু-একটু ক'রে টেনে দিয়ে প্রান্থের ফাঁকটুকু ভ'রে দিল। চারদিকে তাকিয়ে দেখে নিল কোথায় স্থইচ। তারপরে ঘর অন্ধকার ক'রে দিল।

এর মধ্যেই সিঁড়িতে জুতোর শব্দ না হ'লে বাঁচি।

যথন জুতোর শব্দ হ'ল তথন ফের আলো জলেছে। ভেজা শাড়ি-ব্লাউজ ঘুরস্ত পাথার নিচে মেলে দেওয়া হয়েছে, আর নতুন শাড়ি-জামায় থাটের উপর পাতা বিছানায় গা ঢেলে শুয়ে আছে দেবলা। 'আমার বড় ঘুম পাচ্ছে।' আবদেরে শিশুর মতো বললে দেবলা, 'এমন স্থন্দর বিছানায় জীবনে ঘুমুই নি কোনোদিন।'

'কিস্কু একা-একা পারবে তো খুমুতে ?'

'আপনার নিচে বৃঝি অনেক কাজ ?' দেবলার গলা ঠাওা, শ্যাতসেঁতে।

'অফুরন্ত। তুমি দেখবে চলো—'

'সত্যি, এই প্রকাণ্ড ঘরে আমি ঘুমুব, আমাকে কে পাহারা দেবে ? তারপর বৃষ্টি হ'রে থাবার পর চারদিকে কেমন সব ফিসফিস শব্দ হচ্ছে। মনে হচ্ছে যেন ভূতের বাড়ি। তাই না ?' তবু আরো খানিকক্ষণ শুরে রইল দেবলা।

দূরে-দূরে ঘুরঘুর করছে নীলাঞ্জন। একটা বুঝি সিগারেট ধরাল। দেবলা উঠে পড়ল ঝাপটা দিয়ে। পাথার নিচে মেলা শাড়িরাউজ ছটো হাত দিয়ে অন্তভব করতে লাগল: 'শুকিয়েছে— কি বলেন ?'

'সে কি, যা প'রে আছ তাইতেই চ'লে যাও।'

'সর্বনাশ ! লোকের কাছে আমি কি জবাবদিহি দেব ? আমার চেঁড়াখোঁড়া জলকাদামাথা জীর্ণ শাড়িই ভালো।'

স্থইচটা অফ ক'রে দিল দেবলা।

নীলাঞ্জন কি বেরিয়ে গেল বাইরে ?

আলোজনা সিঁড়ি দিয়ে নামতে-নামতে নীলাগ্ধন বললে, 'আবার এম।'

দেবলার মুথে কথাটি নেই।

নীলাঞ্জন তার হাত ধরল। বললে, 'তুমি বড় অন্থির —'

'তা ছাড়া আবার কি।' প্রায় কাঁদ-কাঁদ গলায় বললে দেবলা, 'দিন যে ফুরিয়ে যাচ্ছে—' 'তাই ব'লে তুমি ফুরোবে কেন ?' ক'দিন পরে ক'জন উকিল এসে হাজির। 'আফুন, আস্ফন—'

'পার্টিশানের পর ইনি এথানে প্র্যাকটিস করছেন, নাম ভূপেন ঘোষাল।'

'ভূপেন ঘোষাল! বা, বিলক্ষণ চিনি।' উচ্ছ্বিত হ'রে উঠল নীলাঞ্জন: 'কেন, কি ব্যাপার প'

'আপনার আশীর্বাদে ব্যাপার শুভ।' করজোড়ে বললে ভূপেন ঘোষাল, 'আসছে শনিবার আমার মেয়ের বিয়ে। যাবেন আপনি।'

আরেকজন ফোড়ন দিল: 'যেতেই হবে আপনাকে।'

'আপনার মেয়ে ? কোন মেয়ে ?' অগাধ শৃত্য যেন হাতড়াতে লাগল নীলাঞ্চন।

'আমার ঐ একটিই মেয়ে।'

'নামটি কি ?'

'(मवना।'

চিঠি দিল। পড়তে চেষ্টা করল নীলাঞ্জন, ঝাপসা-ঝাপসা ঠেকল। ছেলে কি করে, কেমন দেখতে কিছুই জিগ্গেস করার কথা মনে এল না। শহরের সেই যে একথানামাত্র ঘোড়ার গাড়ি আছে তাতে ক'রে চ'লে গেল উকিলের দল, সেই গাড়ির দিকে তাকিয়ে রইল।

আর আসবে না কোনোদিন।

তব্ এই যেন অগাধ শাস্তি অভলাস্ত শাস্তি, আর আসবে না।
আহাহা, বেঁচে গিয়েছে। গুলির নাগালের মধ্যে এসে পড়েছিল
পাথি, উড়ে পালিয়েছে। মোটরের চাকার তলায় পড়তে-পড়তে বেঁচে
গিয়েছে বাছুর।

তবু, আর আসবে না!

মামূলি নেমন্তর, কে যায় ! কেবা সোনার একটা দামি হাতঘড়ি কেনে।

নীলাঞ্জন আসবে এ কেউ প্রত্যাশা করে নি। সনাই খেন হাতে চাঁদ পেল। সবাই নীলাঞ্জনকে নিয়ে ব্যস্ত।

নীলাঞ্চন বললে, 'কনে দেখব।'

কনের ঘরে নিয়ে যাওয়া হ'ল নীলাঞ্জনকে। সমজ্জা কল্পা নমস্কার ক'রে দাঁডাল।

এ কি ! এ কে ! এ কাকে দেখছি ? এ তো দে নয়। এ যে আলাদা, অন্তরকম। এ তো অনেক স্তুপুষ্ট নধর নিটোল। রংও তো দের পরিষ্কার।

'নকুল! নকুল!' কাকে যেন ডেকে উঠল নীলাঞ্চন। 'কাউকে ডাকছেন স্থার ''

'দূরে নকুল ভটচাজকে দেখলাম না ?' নীলাঞ্চন আমতা-আমতা করতে লাগল।

'মোক্তার নকুল ভটচাজ ? দে এথানে কোথায় ?'

'সত্যিই তো, উকিলের বাড়ি বিয়েতে মোক্তার আসবে কেন ^{দু}'

'তার জন্তে নয় স্থার। সই জাল ক'রে উদান্তদের টাকা তুলে নিয়েছে নকুল। পুলিশ চার্জসিট দিয়েছে। ধরতে পারছে না। ছলিয়া বেরিয়েছে। ক্রোক হ'য়ে গিয়েছে বাড়িঘর।'

তবে আর এখানে দাঁড়িয়ে থেকে দেখছ কি!

ঠিকানাটা মনে আছে না ? একবার দেখানটা ঘুরে গেলে কেমন হয় ? কিন্তু যদি দেখানে না থাকে ? কোথাও না থাকে ? বা, এই সামনেই তো আছে। মূর্তিমতী অব্যাহতি। মূর্তিমতী পবিত্রতা।

কনের অচেনা বাঁ হাতটি নিজের হাতের মধ্যে টেনে নিল নীলাঞ্জন। নিজের হাতে ঘড়িটি পরিয়ে দিতে-দিতে বললে, 'ঘড়ি কি বলছে জানো ?'

থেন জানে, মেয়েটি তেমনি ক'রে হাসল। 'বলছে, সময় ফুরিয়ে যাচ্ছে বটে কিন্তু নিজেকে ফুরিয়ে ফেলোন।'

জ গা স্ক

হাসি! হাসি!

কলতলায় চায়ের বাসন ধুতে-ধুতে মনে-মনে হাসল একটু মহুয়া।
পাশের বাড়ির মেয়েটিরও নাম হাসি না ? কেউ বৃঝি দেখা
করতে এসেছে বাইরে থেকে। ডাকে কেমন একটু ব্যস্ততার রং না ?
ব্যস্ততার আড়ালে কেমন যেন একটু গাঢ়তারও আভাস আছে।
মনে-মনে আবার হাসল মহুয়া।

মেয়েটা কি কানে ভনতে পায় না নাকি ?

আর, হস্তদস্ত হ'য়ে অমন ডাকবারই বা কি দরকার। কড়া নাড়লেই তো হয়। যা বলবার যাকে বলবার তথনই তো তা বলা যায় স্পষ্ট ক'রে। চেঁচানোর মানে কি ?

ঠুং, ঠুং, কড়া ন'ড়ে উঠল। বিদ্ধপে যেমন ক'রে মুথ টিপে হাসে তেমনি ক'রে মহুয়া হাসল আবার মনে-মনে। কিন্তু কড়া নেড়েও যেনলোকটার শান্তি নেই। আবার সঙ্গে-সঙ্গে চাপা গলার আওয়াজ: হাসি! হাসি!

সত্যি, পাশের বাড়ির কড়ার আওয়াজ কি ঠুং ঠুং ?

'বউমা, বাইরে কে ডাকছে তোমাকে। শুনতে পাচ্ছ না?' উপর থেকে ডেকে উঠলেন স্বর্ণময়ী।

আমাকে ভাকছে ? ধড়মড়িয়ে উঠে পড়ল মছয়া।

নববধূর পক্ষে বেটুকু সমীচীন যেন তারও চেয়ে বেশি কঠিনসংবৃত হ'ল। এগিয়ে গেল চোরের মতো। আমাকে আবার কে ডাকে। 'এ কি ! তুমি ?' মহয়ার মনে হ'ল মুখের মধ্য থেকে জিভটা হঠাৎ উড়ে গেছে।

'একটা ইণ্টারভিয়ুতে এসেছি। চাকরির ইণ্টারভিয়ু।' 'এতদরে ›'

'এ আর কতটুকু! মান্ন্য আরো কত দূরে যায়।' 'উঠেছ কোথায় গ'

'কোথায় আর উঠব ? এথানে।' উত্তরের প্রতীক্ষা না ক'রেই ভিতরের উঠোনে চুকে পড়ল অমলেশ।

ভয়ে-ভয়ে উপরের দিকে তাকাল মহুয়া। দোতলার বারান্দ। ফাঁকা।

একটু সাহস দেখাবার চেষ্টা করল। এমনভাবে একটু স'রে দাঁড়াল যেন অমলেশ বাধা পায়। বললে, 'এখানে উঠবে কোথায়? এখানে ভোমাকে কে চেনে ?'

'তুমি চেন।'

স্বর্ণমন্ত্রী নিচেই নেমে এসেছেন। ভিতরের রোয়াকে দাঁড়িয়ে জিগুগোদ করলেন, 'এ কে বউমা ?'

'সম্পর্কে আমার মাসভুতো দাদা। এখানে এক চাকরিতে ইণ্টার-ভিযুতে এদেছে।'

'বেশ তো, ভিতরে নিয়ে এস। এ অঞ্চলে কত কাল আত্মীয়-স্বন্ধনের মুখ দেখি নি—'

বৃক্টা হালকা হ'য়ে গেল। মহুয়া বললে, 'এখানেই উঠেছে।' 'বা, এখানেই তো উঠবে। আপনজন থাকতে যাবে কোথায় ?' 'কাল রাত্রের ট্রেনে এসেছি।' ভিতরে আসতে-আসতে অমলেশ বললে, 'কোথায় কোন মহল্লায় বাড়ি, অনেক খুঁজতে হবে তাই রাত্রে আর বেরোই নি। সারারাত স্টেশনেই ছিলাম। সকালে যে বেরিয়েছি বাক্স বিছানা স্টেশনেই প'ড়ে আছে। কি জানি ষদি না পাই ঠিকনে।। একে টেনের ক্লান্তি, তায় সারাবাত্রির অনিস্রা—'

সত্যিই তো, আহা, তেমনিই তো মনে হচ্ছে। স্নেহচক্ষ্ দিয়ে একবার তাকালেন স্বৰ্ণময়ী। কেমন হাক্লান্ত ভেঙে-পড়া চেহার।। শুরু এক রাত্রি নয় যেন কত রাত্রি ঘুমোয় নি। স্নান করে নি। খায় নি পেট ভ'রে।

'ওপরে তোমার ঘরে নিয়ে যাও। থাটে বিছানা পেতে দাও। বাথক্রমে জল আছে কিনা দেখ।' আতিথেয়তার প্রশস্ত হলেন স্বর্ণময়ী।

কে কাকে নিয়ে এল, টেনে না ঠেলে, কেউ জানে না।

দোতলার এক পাশে লম্বাটে একটা ঘর। সন্থ বিয়ের নতুন আসবাব দিয়ে ঠাসা। সে সব মৃথস্থকরা মাম্লি সাজপাট। নতুন পালিশের গন্ধ মাথা।

একবার চারদিক তাকাল অমলেশ। বললে, 'তোমার স্বামী কোধায় ?'

'কলকাতায়।'

'দেখানেই থাকে বুঝি ?'

'চাকরি করে।'

'তুমি ?'

'আমি পরে যাব।' মহুয়া চোথ নামিয়ে বললে।

'না, না, পরে নয়, একদক্ষেই বেতে হবে।' কেমন অস্তুত ক'রে হেদে উঠল অমলেশ: 'একদক্ষেই ধাবার কথা।'

একবারটি বসতেও বলল না মহুয়া, যেন এখুনি চ'লে ধাবে এমনি

আশা করছে। অমলেশ একটু পায়চারি ক'রে দেয়ালের ছবিগুলি দেখতে লাগল। শুধু ছবি ? দেখতে লাগল দেয়ালে আর কি লেখা আছে!

'তোমার ইণ্টারভিয়ু কবে ?' মনের পাশ দিয়ে কথা একটা উড়ে যাচ্ছিল, মহয়া লুফে নিলে।

'আজ।'

'আজ ় আজ তো ছুটি।'

'ছুটি! তাই নাকি ?' ঘাড় ফিরিয়ে হাসল অমলেশ : 'কে জানে আমার হয়তো বা ছুটির ইন্টারভিয়ু।'

'ইণ্টারভিয়ু কোথায় ?'

'কোথায় আবার! এই বাড়িতে।'

'এই বাড়িতে ?'

'এই ঘরে।'

'কার সঙ্গে ?'

'জाনো না কার সঙ্গে ?' একটু যেন ক্ষে উঠল অমলেশ।

বেন সমস্তটাই একটা বসিকত। আর সেটা বেশ ব্কতে পেরেছে এমনি ভাব ক'রে চিন্কে টোল ফেলে মছয়া হেসে উঠল। বললে, 'কিস্কু ইন্টারভিয়ুর আগে একটু সাজগোজ করবেনা? কোনো জিনিসই সঙ্গে আসো নি, সামান্ত একটা আটোচি কেসও নয় ? শেভ করবে কি ক'রে ? স্লান ক'রে পরবে কি ? পরের চিক্রনি দিয়ে মাথা আঁচড়াবে ৮'

'একটা, একটা শুধু জিনিস এনেছি।' পকেট হাতড়ে একটা পুরিয়া বের করল অমলেশ: 'এই নাও। নেবে ''

কোনো থীরে-পান্নার কণা হয়তো, অন্তমনে মহয়া হাত বাড়াল। জিগ্গেস করল, 'কি ?' 'বিষ।'

তক্ষ্মি হাত গুটীয়ে নিল মহুয়া। একটা আর্তনাদ গলার কাছে এনে আটকে রইল। মনে হ'ল হুংপিগুটা যেন কে মুঠোর মধ্যে শব্ধ ক'রে চেপে ধরেছে।

হাত ধরবার জন্মে হাত বাড়াল অমলেশ। সাধ্য কি আর পায় নাগালের মধ্যে। মহয়া কথন স'রে গিয়েছে দরন্ধাব কাছে।

কিন্তু অমলেশও তো আজ মারমুখো। ছুটে দরজার কাছে গিয়ে মহুয়ার পথ আটকাল। পদাটা মুঠোর মধ্যে চেপে ধ'রে বললে, 'কার দঙ্গে ইন্টারভিয়ু জিগ্গেদ করছিলে না ? এবার বলি, মৃত্যুর দঙ্গে, পরমতম ছুটির দঙ্গে। কি, মনে নেই ?'

চোখে-মুপে রাগের ঝলস আনবার চেটা ক'রে মহুয়া বললে, 'কি
মনে থাকবে ৪'

'জানি থাকবে না। তাই তোমার চিঠিট। পকেটে ক'রে নিয়ে এসেছি। যেটায় লিখেছ, আমাকে ছাড়া আর কাউকে বিয়ে করবেনা, আর কোথাও বিয়ে হ'লে আগ্রহত্যা করবে।'

কি ভয়ানক বিশ্রী লাগছে শুনতে— মহুয়া মাথায় ঝাঁকুনি দিয়ে বললে, 'ও আমি লিখি নি।'

'লেখ নি ? এই দেখ সেই চিঠি।' সত্যি-সত্যি বৃক-পকেট থেকে চিঠিটা বের করল অমলেশ। খাম খুলে চিঠি বের ক'রে পড়ল জায়গাটা।

মত্ত্বার ইচ্ছে হ'ল ঝাঁপিয়ে প'ড়ে চিঠিট। কেড়ে নিয়ে টুকরো-টুকরো ক'রে ছিঁড়ে ফেলে। কিন্তু অমলেশও হঁশিয়ার।

'লিখেছি তো লিখেছি। অমন অনেক কথাই লেখা হয় চিঠিতে। সব কথা ফলে না।' 'ত। তো তোমার এই টাটক। স্থথের পালিশ-করা আসবাব দেথেই বৃষতে পাচ্চি। নতুন শাড়ি নতুন গয়না নতুন বিছানা নতুন সিঁতুর—'

'এই তো জীবন।'

'এই তো জীবন নয়। জীবন অন্ত রকমও ছিল। কথা তা নয়। কথা হচ্ছে তুমি যে কথা দিয়েছিলে তা তুমি রাথবে কি না।'

'আমি আবার কি কথা দিয়েছিলাম !'

'এই যে পড়লাম। তোমাকে ছাড়া আমি বাঁচব না, যদি আর কোথাও বিয়ে হয়—'

'আর তুমি ?' চোথের পাতা হুটি একটু কাঁপল বুঝি মছয়ার।

'আমি তো মরবই। আমি-তুমি ছু-জনে মরব। এক ঘরে এক বিছানায় পাশাপাশি শুয়ে। তারই জন্যে খুঁজতে-খুঁজতে এসেছি তোমার শুশুরবাড়ি। এই বিদেশে-বিভুঁয়ে। পকেটে বিষ নিয়ে।'

'তা তুমি মর। আমি মরব কেন ?'

নিচে থেকে স্বর্ণময়ী ডে.ক উঠলেন: 'তোমার দাদার জন্মে চা নিয়ে বাও বউমা।'

আশ্চর্য, দরজা চেড়ে দিল অমলেশ। চ'লে যেতে-যেতে চার-পাশের দেয়াল-দরজা-জানলাকে শুনিয়ে-শুনিয়ে বললে, 'পাশেই বাথ-ক্রম আছে। হাতমূথ ধুয়ে নাও। স্নান করতে চাও তো স্নান করো। আমি চা নিয়ে আদি।'

প্রায় পালিয়ে গেল মহয়া। নিচে গিয়ে ভাবতে বদল। 'ডিম আর টোস্ট ক'রে দাও।' শা**ন্ড**ড়ি বললেন।

'টোসন নয়, ক'থানা লুচি ভেজে দিই। বেলা বেশি হয় নি। ভাত থেতে এথনো ঢের দেরি। হরবন্দকে বলুন কিছু মিষ্টি নিয়ে আফুক।' মহয়া কিছু সময় চায়। ভেবে নিতে সময় চায়। ভধু উপস্থিতবৃদ্ধিতে যেন কুলোচ্ছে না। একটু গভীর ক'রে চিস্তা করা দবকার।
কি ক'রে দশ দিক থেকেই ত্রাণ পাওয়া যায়। কি ক'রে সাপও মরে
লাঠিও না ভাঙে!

ষা হঠকারী ছেলে, চরম কিছু একটা ক'রে ফেলতে পারে। পকেটে কাগজের পুরিয়ায় বিষ থাকা বিচিত্র কি। টুথ-পাউভার বা শাদা হন নিয়ে এসেছে এমন মনে হয় না। শুধু ফাঁকা ভয় দেখাবার জন্মে এত পথ এসেছে পাগলের মতো এও যেন ধারণার বাইরে। নিশ্চয়ই কিছু একটা অঘটন ঘটাবে।

এখন কি করা! শাশুড়িকে বলবে ? শশুরমশায়কে বলবে ? পুলিশে খবর দেওয়াবে ? আত্মহত্যার জন্তে তৈরি হওয়াও তো অপরাধ। খবর পেলে নিশ্চয়ই পুলিশ থানায় ধ'রে নিয়ে যাবে। তা হ'লে একটা লোকের প্রাণ বাচে। শশুরবাড়ির মান বাঁচে।

কিন্তু মহয়ার ? মহয়ার নিজের মান বাঁচে না, লজ্জা বাঁচে না। ভিত স'রে যায়। বনেদ ট'লে যায়। তবে উপায় ?

উপায় কোনো রকমে নিরস্ত করা। বিদেয় ক'রে দেওয়া। কোনো ছতোয় বাডির বাইরে ঠেলে পাঠানো।

সত্যি, যদি মরবিই, কলকাতায় মরলেই তো হ'ত। গড়ের মাঠ ছিল, লেক ছিল, হাওড়ার পোল ছিল, তেরোতলা দালান ছিল। পকেটে বিষের পুরিয়া নিয়ে এতদূর কে আদে!

বিষের পুরিয়া না হাতি!

'তাড়াতাড়ি লুচি ক'খানা তেজে ফেল বউমা।' স্বর্ণময়ী তাড়া দিলেন : 'কেমন একটা উপোসী-উপোসী চেহারা। সারা রাস্তা ট্রেনে-ফেশনে কিছু থেতে পায় নি বোধ হয়।' 'এই হ'রে গেল মা।' চারদিককার ভরের মধ্যে শাশুড়ির এই আতিথেয় ভাবটিই যা একটু শাস্তি। নইলে গোড়াগুড়ি থেকেই তিনি যদি সন্দেহ্চকু ফেলতেন সে আবার একটা নতুন যন্ত্রণা হ'ত।

সামুষক লুচির থালা নিয়ে উপরে এল মহুয়া। এল স্বরান্বিত লঘিমায়। নিজের সংসারে প্রচন্তর একট প্রভুত্ব দেখাবার দীপ্তিতে।

কিন্তু থালা নামিয়ে রাখতে যাবে, চোথের সামনে অমলেশকে দেখল না বিভীষিকা দেখল।

'তোমার জন্মে চা এনেছি।'

মুখ তুলে তাকাল অমলেশ। বললে, 'তুমি থাও।'

'আমি খাব ।' হাসল মহয়।।

'অন্তত একখানা লুচি খাও—'

কি আশ্চর্য অন্পরোধ। আবার হাসল। 'একথানা থেলে বাকি সর তুমি থাবে ?'

'দব না হোক কিছু অস্তত তে। থেতে হবেই।'

একটা লুচি মুথে তোলবার জন্মে গোল করতে লাগল মহয়া।

'দাঁড়াও। একটুথানি দিয়ে দিই, একরতি।' পকেটে হাত ঢোকাল অমলেশ: 'এ কি, আমার সেই প্যাকেটটা গেল কোথায় ? তোমাকে তথন যেটা দেখালাম। তুমি নিয়ে গিয়েছ ?'

চকচকে চোথে এদিক-ওদিক দেখতে লাগল মহুয়া।

'এই যে। এই খাটের উপরেই প'ড়ে আছে। রুমালটা তথন তুলতে গিয়ে বেরিয়ে এসেছিল বোধ হয়। কি ভীষণ!' অমলেশ প্যাকেটটা ফের পকেটে পুরল।

ছি ছি ছি ! প্যাকেটটা হাতের কাছেই ছিল পরিত্যক্তের মতো, এক-পলক চোথের কাছে। ছোঁ মেরে কুড়িয়ে নিতে পারত অনায়ানে। চিঠি সরাবার কথা ভাবছে, সবচেয়ে জরুরি ছিল প্যাকেটটা সরানো। সে স্বযোগ পেয়েও সে হারাল। ছি ছি ছি।

'সামান্ত একটুকুতেই কাজ হবে।' উঠে দাড়াল অমলেশ: 'দাড়াও তার আগে দরজাটা বন্ধ করি।'

'না, না, দরজা বন্ধ করতে পাবে না।' যেন তিরস্কার ক'রে উঠল মহয়া। হাতের লুচিটা জানলা দিয়ে ছুঁড়ে ফেলে দিল বাইরে। তারপর, হুর্জন সঙ্গ ত্যাগ করা দরকার এমনি ভাবের থেকেই বললে, 'আমি চ'লে যাই।'

'চ'লে গেলে হবে কি ক'রে ? তোমাকে তোমার প্রতিজ্ঞা রাগতে হবে। মরতে হবে।'

'আমি মরবার জন্মে বিয়ে করি নি।'

'তা জানি। সার্থপরের মতো স্থী হবার জন্তে করেছ। ছনিয়ায় সবাই সার্থপর। আমারও তবে তাই হ'তে দোষ কি। বেশ, আমি তবে একলাই মরি।' থাটের উপর ফের গিয়ে বসল অমলেশ: 'শেষে যেন একথা বোলো না আমি তোমাকে স্থোগ ক'রে দিই নি। কথা রাথি নি। প্রতিজ্ঞা মনে করিয়ে দিই নি। তোমাকে একলা ফেলে চ'লে গেলাম।'

দরজার কাছে মূর্তিমতী দিধার মতো দাঁড়িয়ে রইল মহুয়া।

'দরজা থেকে স'রে দাঁড়াও। হয় এপার নয় ওপার।' বললে অমলেশ, 'তুমি চ'লে গেলে আমাকেই দরজাটা বন্ধ করতে হবে। যেন কেউ তক্ষ্নি-তক্ষ্নি বিরক্ত না করে, নিশ্চিন্তে ছ্-দণ্ড ঘুমিয়ে নিতে পারি।'

'কিন্তু কেন, কেন তৃচ্ছ একটা মেয়ের জন্তে তৃমি প্রাণ দেবে ?' ঘরের মধ্যে এক পা এগিয়ে এল মছয়া। 'তুমি তো শুধু নিজেকে তুচ্ছ করে। নি, আমাকেও তুচ্ছ করেছ। নিজের মুখ নিজে আর আমি দেখতে পারি না।'

'আরো কত তুমি মেয়ে পাবে।'

'কে জ্বানে পাব কিনা। পেলে মেয়েই পাব তোমাকে পাব না।' 'তোমার কিই বা বয়স। এই মোটে ফিফ্থ ইয়ার এম-এসসি। ক্ত বৃহৎ জ্বীবন কত মহৎ সস্তাবনা—'

'ষেমন তোমার। এ সব কথা ব'লে লাভ নেই। ভালোবাসাকে বাঞ্চিত করতে পারো কিন্তু সত্যকে পারো না। যদি সত্যের প্রতি শ্রন্ধা থাকে, যা বলচি শোনো। দরজাটা বন্ধ ক'রে দাও। তারপর আমার পাশে এসে শোও। চক্ষের পলকে সব শেষ হ'য়ে যাবে, স'রে যাবে যবনিকা। একটা আরেকরকম্ আশ্চব দেশে গিয়ে হাজির হব। তারপর আমাদের এথানে শেষ হ'য়ে যাবার পর আর সব কিভাবে শেষ হয় তা নিয়ে আমাদের আর চিস্তা নেই ভয় নেই লক্ষা নেই। এম. শোও—-'

গুণায় সমস্ত শরীর চি চি ক'রে উঠল মহুয়ার। লুচির থালাটা হাতে ক'রে বেরিয়ে থেতে-থেতে বললে, 'বে আত্মহত্যা করে দে কাপুরুষ।'

'আর থে অন্তকে খুন করে ?'

উত্তর দিল না মহয়া। পাশের জানলা দিয়ে সব চা লুচি তরকারি একে-একে মেপে-মেপে ফেলে দিল বাইরে। ভরা থালা শাশুড়ির কাছে ফিরিয়ে নিয়ে থেতে পারবে না।

'বলি নি, ভীষণ থিদে পেয়েছে বেচারির। কি করছে ?' জিগ্গেদ করলেন স্বর্ণময়ী।

'ভারে বিশ্রাম করছে।'

কভক্ষণ পরে ছোটো দেওর নীলুকে পাঠাল উপরে। দেখে এস তো ভদ্রলোক কি করছেন। দরজা বন্ধ ক'রে ঘুমুচ্ছেন নাকি ?

ফিরে এল নীলু। বললে, বাথকমে স্থানের জল পাঠিয়ে দিতে বললেন।

বুকের থেকে গুরুভার পাথর নেমে গেল। হরবন্সকে পাঠিয়ে দিল জল দিয়ে। যথন স্থান করবে তথন নিশ্চয়ই চারটি থাবে। আর ভাত চারটি পেটে গেলে ঘুম কোন না নেমে আসবে। আর এই লম্বা ট্রেন-ছোটার পর ঘুমও নিশ্চয়ই ছোটোখাটো হবে না। আর গা ঢালা ঘুমের পর থাকবে কি এই পাগলামি ?

সমস্তটাই একটা ছলনা কিনা পরিহাস কিন। তার ঠিক কি। একটা রঙিন নাটুকেপনা।

ভাক পিওন চিঠি দিয়ে গেল। সোমনাথের চিঠি।

প্রসন্নবদান্ত চিঠি। উৎসবের বর্ণিল ভাষার স্বপ্নময়। আদরে সোহাগে আবেগে আবেশে প্রভৃতদক্ষিণ। এমন একটা চিঠি পাবার আজ্ব যেন ভারি দরকার ছিল। যেন কত নিভর কত অভয় কত শাস্তি এমনি ক'রে অফুভব করবার জ্ঞে চিঠিটা রেখে দিল বৃকের মধ্যে।

নীলু এসে বললে, ভদলোক স্থান করছে।

মূথ টিপে হাসল মহয়। স্নান করলে মাথাটা যদি একটু ঠাণ্ডা হয়। তারপর পেটে থানিকটা ভাত। তারপরে একটু ঘুম। তারপরে একটি নিটোল পলায়ন।

খন্তরমশায় থেতে ব'সে বললেন, 'এ কি. তোমার দাদা কোথায় ? তাকে ডাকো।'

সন্তর্পণে মহয়া এল আবার উপরে।

দরজা থোলা। পদার ফাঁক দিয়ে উকি মারল বাবান্দা থেকে। দেখল স্নান ক'রে শুয়ে আছে। চোথ বোজা।

নড়ছে-চড়ছে ? নিশাদ পড়ছে ? না কি গোঁ-গোঁ আওয়ান্ধ হচ্ছে ? নডছে-চড়ছে।

পদা সরিয়ে ঘরে চুকল মহুয়া। কাছে এসে দাঁড়াল। কাছে অথচ হাত বাড়িয়ে থাতে ধরতে না পারে। বললে, 'থাবে চলো নিচে। শুশুরমশায় ব'সে আছেন। তোমাকে ডাকছেন।'

চোপ খুলল না অমলেশ। বললে, 'নিচে ধাব না। আমার ভাত এখানে নিয়ে এস। তোমারটাও নিয়ে এস। ছ-জনে এক সঙ্গে ব'সে ধাব।'

'তুমি অতিথি। তোমাকে অভুক্ত রেথে খণ্ডরমশায় থেতে পাচ্ছেন না।'

'ত্মিই যথন আমাকে অভৃক্ত রেখে খেতে পেরেছ তথন সকলেই পারবে। শোনো—'

আর দাঁড়াল না মহয়। নিচে এদে খণ্ডরমশায়কে বললে, 'থানিকটা ঘূমিয়ে নিচ্ছে। বললে আরেকটু পরে থাবে। আপনি বড়ো মাহুষ ওর জ্ঞাে ব'দে থাক্বেন না।'

খশুরমশায়ের থাওয়া হ'লে শাশুড়ি বললে, 'তুমি বরং ওর ভাতটা ওপরে রেখে এদ ঢাকা দিয়ে। যথন ইচ্ছে হয় থাবে'খন।'

কৃতজ্ঞতায় বৃক্টা ভ'রে গেল মহুয়ার। কি স্থান সংসার পেয়েছে সে। খণ্ডবশাশুড়ি কত উদার, কত স্বচ্চস্কৃ। মহুয়ার প্রশংসায় দশ-মৃধ। আর স্বামী ? স্বামী তো আর একজন্মের নয়। অনন্ত প্রথের স্বিতীয় বন্ধু। কত জ্নোর পথ হাঁটছে একসঙ্গে।

বাটি সাজানো ভাতের থালা নিয়ে উপরে এল মহয়া।

খণ্ডরমশায়কে তথন যা বলেছিল ছলনা ক'রে, তাইই তো ঠিক, ঘূমিয়ে পড়েছে। কাঠের টেবিলটার উপর রাথল ভাতের থালা। ঢাকল টোপ দিয়ে।

তারপর ?

পা টিপে-টিপে দাড়াল এদে খাটের গা ঘেঁষে।

বুক-পকেট থেকে চিঠিটা উকি মারছে। ঝাপিয়ে প'ড়ে একটানে তুলে নিলে কেমন হয় ? কিন্তু তার চেয়ে ঐ পুরিয়াট। তুলে নিতে পারলেই বোধ হয় ভালো হ'ত। ঘড়ির পকেট থেকেই যে কাগজের কোণটা উকি মারছে ঐটেই বোধ হয় সেই পুরিয়া। আলগোছে ওটা টেনে নিতে পারলেই তো চুকে যায়। মূলে কুডুল পড়ে।

আরো একটু কাছিয়ে এল মহয়। হাতের চুড়িবালাগুলি উপরের দিকে ঠেলে দিয়ে নিঃশন্ধ করল। হাত বাড়াল। হাতের তিনটি আঙুল একত্র ক'রে উন্থত করল।

আরেকটি নিশ্বাস মাত্র বাকি।

চোথ খুলল অমলেশ। বললে, 'কি নিতে চাও ? চিঠিটা ? একটা চিঠি সরিয়ে কি হবে ? এক ঝুড়ি চিঠি তারিপওয়ারি ক'রে সাংজিয়ে রেখে এসেছি বাজে, দলিল হিসেবে। চিঠির ইতিতে, সেই সব তোমার ছাক, সী, হাসি, মউ. মণ্, মছয়।। তদস্ত করতে পুলিশের যাতে অস্থবিধে না ২য়। আর এইটে ? এইটে বিষের পুরিয়া নয়, এটা প্লিশের কাছে লেখা চিঠি। আমার শেষ চিঠি। আমার মৃত্যুর জন্তে কেউ দায়ী নয় এই মাম্লি মিধ্যে কথা লিখে যেতে পারব না। আমার মৃত্যুর জন্তে কে দায়ী তা স্পাইাক্ষরে জানিয়ে যাব।'

কালো মুখে হাসি ফোটাবার চেষ্টা ক'রে মহুয়া বললে, 'মোটেই আমি তার জন্মে কুঁকি নি, দেখছিলাম সত্যি ভূমি ঘৃমিয়ে পড়েছ কি না। যখন ঘুমোও নি তখন ওঠো। ভাত এনেছি খাবে এম।'

'ভাত এনেছ ?' উঠে বদল অমলেশ : 'তোমারট। ?' 'আমি নিচে ব'দে শাশুডির দক্ষে থাব।'

'বেশ, যা এনেছ তা তু-জনে মিলেই থাওয়া যাবে ভাগ ক'রে। গোটা থালাটা নয় এক গ্রাস ক'রে হ'লেই যথেষ্ট। ভাত ডালের সঙ্গে মিশিয়ে ছোটো তুটো গ্রাস পাকিয়ে থেয়ে ফেলব তু-জনে। কই কোথায় ভাত ?' সহসা মহুয়ার বাঁ হাতটা চেপে ধরল অমলেশ।

আশ্চর্য, কি কৌশলে মহয়। তক্ষ্নি হাতটা ছাড়িয়ে নিল। আগে-আগে খেন জ্ঞানত না এ কৌশল। এ কায়দটি। হালে শিখেছে। সাধ্যি কি অনাত্মীয় পুরুষ তার গায়ে হাত দেয়। তার হাতে এখন বজ্ঞের মতো লোহা, মাথায় শিখার মতো সিঁত্র।

হাতের মুঠোর মধ্যে ধ'রেও ধরতে পারল না দেখে অমলেশের মৃথ ব্যথায় ভ'রে গেল। বললে, 'জীবনে ভোমাকে পাশে পাই নি মরণে পাব এই আশা ক'রে এসেছিলাম। আমাকে দেখে ভোমার এতটুকু দয়া হয় না দ'

'আমিই তো তোমার কাছে দয়া চাই। এক বিন্দু করুণা।' ভিক্ষকের মতো বললে মহয়।।

'তৃমি পরিবারের সঙ্গে যুদ্ধ ক'রে হেরে গেছ, বিয়ে করতে বাধ্য ংয়েছ মেনে নিচ্ছি। কিন্তু আজ, এখন, মরতে তোমার বাধা কি। এক মূহুর্তে নিশ্চিন্ত মৃত্যু। এক মূহুর্তে সে কোন দেশান্তরে চ'লে যাওয়া। নতুন অন্তুত, না জানি কোন আরেক রকম অকুভৃতি। আরেক রকম আকাশ আরেক রকম জলত্বল।'

'আমার মর্ত জলস্বলই ভালো।'

'জানি তাই তুমি বলবে। তবে আর কি. আমি একলাই ধাব। তুমি দরজাটা ভেজিয়ে দিয়ে চ'লে যাও।'

নিচ্হ'য়ে হঠাৎ পায়ে পড়ল মহয়। কায়ালাগা ঝাপদা গলায় বললে, 'আমি তুচ্ছ আমি হীন আমাকে বাঁচাও। তুমি যদি নিজেকে বাঁচাও তা হ'লেই আমি বাঁচব। একটা ক্ষুত্রপাণ মেয়ের সাধ-ক'বে-গড়া থেলাঘর ভেঙে দিয়ে তোমার লাভ কি। তুমি মহৎ, তুমি নিঃস্বার্থ—'

হতাশের মতো খাটের উপর আবার ভয়ে পড়ল অমলেশ।

তাতের থালার দিকে না গিয়ে আবার শুয়ে পড়ল দেখে মছয়ার আশা হ'ল। বিষ থাওয়ার চেয়ে মড়ার মতো প'ড়ে থাকাতেই ষেন বেশি শাস্তি।

তাড়াতাড়ি নিচে নেমে গেল মহন্ন। শাশুড়িকে বললে, 'ওর দেখি দিব্যি জ্বর এসে গেছে। থাবে না।'

'খুব জর ?'

'মন্দ কি। কপালে হাত দিয়ে দেখলাম বেশ গ্রম।'

'মামি তথুনি চেহারা দেখে বৃঝেছিলাম অস্থ্য। আহা, বেচারা, ইন্টারভিয় কবে ৮

'কাল। আজ তে। ছটি।'

শান্তড়ি-বউয়ে পেয়ে নিল।

'ওকে একটু দেখো গিয়ে মাঝে-মাঝে। যদি কিছু থেতে চায়—' অর্থময়ী নিজের ঘরে গিয়ে দিবানিস্থার আয়োজন করতে লাগদেন।

ন্তৰ দুপুর বাা-বাা করছে।

কি করছে না জানি।

ভেবেছিল ভন্দ্রাক্তর অবস্থায় শুয়ে থাকতে দেখবে, তা নয়, থাটের

উপর ব'সে আছে। যেন বা উচু পাহাড়ের উপর ব'সে আছে। ঝাঁপ দিই কি না দিই এই দোদ্ধল্যমান মুহুর্তের উপর।

'এ কি এখনো খাও নি ?' অবাক হবার ভাব করল মহুয়া।
'আমার কি উদ্রের খিদে ?'

'একটা তুচ্ছ মেয়ে তোমাকে আর কি দিতে পারে ? নাও, খেয়ে নাও। আমার খণ্ডর-শাশুড়ি কি ভাবছেন বলো তো ?'

'বেশিক্ষণ ভাবতে হবে না। এখন ক'টা বেজেছে ?' খাট থেকে নামবার ভঙ্গি করল অমলেশ।

হঠাৎ কি হ'ল কে জানে, মছয়া ঘরের দরজা বন্ধ ক'রে দিল। কি তুরস্ত সাহস মেয়ের। তার হৃৎপিণ্ড যে ধকধক করছে তা যেন অমলেশও স্পষ্ট শুনতে পেল দূর থেকে।

উৎফুল হ'য়ে উঠল। বললে, 'মরবে ?'

'মরব।' নিচের ঠোঁটটা দাঁত দিয়ে কামড়ে ধরল মছয়া। চাপা গলায় বললে, 'কিন্তু শোনো, শুণ্ আমি মরব। তুমি নয়। তুমি বাঁচবে।' 'আমি বাঁচব ?'

'গ্যা, তুমি বাঁচবে। তুমি পালাবে। বাঁচা মানেই কেবল পালানো। বৰ্তমান থেকে পালানো। পরিবেশ থেকে পালানো। তুমিও তেমনি পালিয়ে যাবে এ বাড়ি থেকে।'

'এ বাড়ির বাইরে এ মুহূর্তের বাইরে আর আমার জারগা নেই।'
'আছে। অকারণে তৃমি আমাকে অতিরিক্ত মূল্য দিয়েছ ধার
জ্ঞেনজের প্রাণকে মনে করেছ ধুলো। আসলে আমি তৃচ্ছ আমি
অসার আমি অপদার্থ। অন্তত আজ, এখন, এই মূহূর্তে তুমি আমাকে
তৃচ্ছ ক'রে দাও, অপদার্থ ক'রে দাও। ধাতে নিজেকে ঠিক মূল্য দিতে
পারো। ধাতে আমাকে ছুল্ড ফেলতে পারো ফলের ছিবড়ের মতো,

তরকারির থোদার মতো। যাতে আমি এক নিমেষে ভোমার কাছে নিঃশেষ হ'য়ে যেতে পারি।'

চুলগুলি খ'দে গিয়েছে বুকে পিঠে, কি বকম অগোছালো চেহার। মন্ত্যার।

অমলেশ চোগ বুজল।

'ও কি, চোথ চাও, দেখ। আমাকে দেখ।' থেন কেঁদে উঠল মহয়।

'ক্ষমা করে।। প্রেম অন্ধ, জ্মান্ধ। কি গে দেখে কে জানে। কিন্ধ ধা সে দেখে তাই সে দেখুক। এর বাইরে আর কিছু তার দেখবার নেই। তার চেয়ে থাবারের ঢাকাটা তোলো, চারটি ভাত থাই। ভাত অনেক বেশি মিষ্টি।'

'পাবে? এস। আমি মেথে দি।' যেন বিপদ কেটে গিয়েছে এমনি দর্বভোলা স্থাব ভাতের টেবিলের দিকে এগিয়ে গেল মহয়। থাট চেড়ে অমলেশও নেমে এল। ঢাকা তুলে ফেলে মহয়া ভাতের সঙ্গে ডাল মাধল। নাও, আমি থাইয়ে দিই। গ্রাস পাকিয়ে তুলতে যাচ্ছে অমলেশের মৃথের দিকে, অমলেশ পকেট থেকে কাগজের পুরিয়৷ বের ক'রে থানিকটা ভ'ড়ো ভাতে ছড়িয়ে দিয়ে বললে, 'তুমি প্রথমে থাও। আমি পরে থাচ্ছি, নির্ঘাত থাচিছি।'

पार्टनोन क'रत डेंग्न भङ्गा। ७ कि, घरतत नतका रय रहा।

অমলেশের হাডটা ঠেলে দিয়ে মহন্তা ছুটল দরজার দিকে। হাড বাড়িয়ে ধরতে গেল অমলেশ। কি অল্রান্ত কৌশল শিথেছে মহন্তা, বাৃহ কাটিয়ে বেরিয়ে গেল। চকিত্তড়িতের মতো দরজা খুলে একেবারে রারান্দায়।

'कि, कि २'न।' खर्नमशी ছুটে এनে।।

'লোকটা ভালো নয়। লোকটা গুণ্ডা। আমাকে খুন করতে চায়।' স্থাণুর মতো এক মুহূর্ত দাঁড়িয়ে রইলেন স্থর্ণময়ী। শেষ সাহসে ভর ক'রে এগুলেন দরজার দিকে। দরজা বন্ধ।

চাপ। গলায় বললেন, 'দাড়াও, ওঁকে তুলি। পুলিশে খবর পাঠাই।' পুলিশে খবর না পাঠিয়ে উপায় ছিল না।

দরজা আর গোলে না ভিতর থেকে। বিকেল পেরিয়ে গেল, তবুনা।

পুলিশ এনে দরজ। খুল্লে। মেঝের উপর মারে পাড়ে আছে আমলেশ।

বাড়িটার চারদিকে যেন আগুন লেগে গেল। লোকে লোকারণ্য। লোকের আগুন। লজ্জার আগুন, অপমানের আগুন। আতকের ধ্য-কুগুলী।

সকলের বৃক ধড়কড় করতে লাগল। মহুয়ার হাত-পা ঠাওা।
চোথের সামনে দেখতে পেল একটা হাঁ-মেলা অন্ধকার। প্রকাও
কালো শৃষ্য। সমস্ত ভিনিয়াং দিয়েও যেন সে শৃষ্য ভরাট হবার
নয়।

'কি ভয়ংকর লোক বাবা। পকেটে বিষ নিয়ে এসেছিল।' নিজের ঘরে তার পাশে বসিয়ে মহন্নার গায়ে পিঠে হাত বুলোচ্ছেন স্বর্ণময়ী। বললেন, 'আমার সোনার প্রতিমা বউ ধে রক্ষা পেয়েছে, এই আমাদের ভাগিয়।'

্ 'বউমা, এদিকে এস। দারোগাবাব্র কাছে জ্বানবন্দি ক্রছে
হবে।' বস্তরমশায় মহয়াকে ভাকলেন।

এতটুকু পা টলল না মছয়ার। শোভনসংবৃত হ'য়ে ঋজু হ'য়ে দীড়াল দারোগার সামনে। নিক্ষপ বৈজ্ঞানিক গলায় বললে, 'হাা, স্বামাকে ভালোবাসত, কলেজের ছেলেছোকরারা যেমন বাসে। মফস্বলের এক শহরে পাশাপাশি বাড়ি, যেমন হ'য়ে থাকে। চিঠি লেথালেথি হ'ত। পকেটে যে চিঠি পেয়েছেন, তা আমারই লেখা। অমনি এক-আধখানা নয়, য়ড়ি-ৠড়ি লিখেছি। লোকটাকে ভালো লাগত ব'লে নয়, চিঠি লিখতে ভালো লাগত ব'লেই চিঠি লেখা। মনের কাঁচা রঙিন অবস্থার সঙ্গে পেনা আরো স্থা নেই, আমাকে বিয়ে করতে চাইল। তৈরি ছেলে নয়, আমার বাবা-মা রাজি হলেন না। তাদের সেই অসমতিতে আমারও সমর্থন ছিল। আমাকে বলেছিল অপেক্ষা করতে। কতদিন করতে হবে, তার কোনো হিরতা নেই। আমি রাজি হলুম না। আমার যোগ্য ঘর-বর মিলে গেল, বাবা-মা বিয়ে দিয়ে দিলেন। স্থের রাজ্যে পা দিলুম। সেই থেকেই রাগ। সেই থেকেই আমাকে খুন করার মতলব। আমাকে মারতে না পেরে শেষে নিজে মরল।

'কে আছে ওর জানেন ?'

'ইস্থ্লমান্টার বাবা আছে শুনেছি। আর দাদারা আছে।'
স্পষ্ট পরিচ্ছন্ন বিবৃতি। সত্যের হুর বাজানো। পুলিশ বিশাদ করতে বেগ পেল না।

কি জ্বন্যভাবে মৃতদেহটাকে নিয়ে গেল মর্গে। একটা কুকুর-বেড়ালের মতো। ছোটো ময়লাফেলা গাড়ির মধ্যে পুটিলি পাকিয়ে। একটু ফুল নয়। চন্দন নয়। এক ফোটা চোখের জ্বল নয়।

আত্মীয়স্বজন স্বাই মহয়ার তারিফ করনে। বিদ্ধী, কুশলী মেয়ে। আততায়ীর হাত থেকে নিজেকে বাঁচিয়েছে, পুলিশের হাত থেকে পরিবারকে।

টেলিগ্রাম গেল সোমনাথের কাছে। শিগগির চ'লে এস।

মহুয়ার অস্থ্য প্রাক্ষিক কোনো তুর্ঘটনা ? স্টোভ ? ছাদ ? বাথক্ষম ? বাবা-মার কিছু হ'লে নিশ্চয়ই বিতং ক'রে লিথত। শুধু কাম্ শার্প যথন, তথন মহুয়ারই কোনো বিপদ।

মহুয়ার যেন কিছু না হয়। মহুয়াকে যেন ভালো দেখি। স্বাস্থ্যে স্বথে লাস্থ্যে লাবণ্যে উচ্ছল দেখি তার উপস্থিতি।

পৌশনে পা দিয়েই নানা গুজব শুনতে পেল। কেউ বললে ছোবা, কেউ বিষ, কেউ অ্যাসিড বাল্ব। কিন্তু ধাই বলো ধুরন্ধর মেয়ে। সব কিছু বাচিয়ে দিয়েছে। দিব্যি বেরিয়ে এসেছে পাশ কেটে। আর, যার মরণ ধেখানে মাটি কেনা সেখানে। নইলে কোথাকার শ্রাদ্ধ কোথায় গড়ায়।

় মেয়ের কিছু হয় নি ? একটি আঁচড়ও লাগে নি।

বাড়ি এসে ডাক দিল: 'মা. মহুয়া কোথায় ?'

কি না জানি সাংঘাতিক প্রতিক্রিয়া হবে, মহয়ার বৃকের মধ্যে
গুরগুর ক'রে উঠল। পায়ের তনা থেকে শক্ত মাটি স'রে যায় বৃঝি।
কিন্তু বিপদের সামনে ঘাবড়াবে না, এই তো তার প্রতিজ্ঞা। কেন,
কি হয়েছে? কিছুই হয় নি! মোটরের নিচে প'ড়েও তো কত লোক
মরে। কত লোক বা জনতার মধ্যে প'ড়ে আকস্মিক গুলিতে।
আয়নায় একবার নিজের ম্থ দেখল মহয়া। ভয় বা মালিয় অপরাধীর
লক্ষা বা বিনয় লেশমাত্র আভাসটুক্ও মৃছে ফেলল। স্বাভাবিকভায়
ঝলমল ক'রে উঠল। তারো চেয়ে একটু বা বেশি। স্বামী এসেছে,
তাকে পাওয়ার গৌরবে হ'য়ে উঠল যেন আনন্দের প্রতিমা। সিঁত্র
অনেকেই পরে, কিন্তু ঝলক দিতে পারে ক'জন!

হাসিভরা মুখে কাছে গিয়ে শাড়াল।

'কি ব্যাপার ? কেমন আছ ?' আপাদমস্তক তাকিয়ে জিগ্গেদ করল সোমনাথ।

'নিটুট আছি। নিথ্ত আছি।' আফলাদের চাঁদের মতো মৃথ ক'রে বললে মহয়া।

'আর ঐ লোকটা ? কে ঐ লোকটা ?'

'নুঝতেই পাচ্ছ, ছেলেবেলার বয়-ফ্রেণ্ড যেমন থাকে, তেমনি।' 'যাকে বলে কাফ-লাভ, বাছুরে-পীরিত। হা হা হা।' গলা ছেড়ে

হেসে উঠল সোমনাথ: 'তারপর কি ক'রে সরল গ'

'সরল মানে ? ধরাতল থেকে বিদায় নিল। কি আস্পর্ধা, কোখেকে এনেছে সব থবর নিয়ে। আমাকে বিষ দিয়ে বললে, তুমি আগে থাও, ভারপরে আমি থাব।'

'কাওয়ার্ড।'

'আমি বলনাম, তুমি পীরের কাছে মামদোবাজি করতে এসেছ ? আমি থাব কেন ? আমার কিদের ত্থে, কিদের অভাব ? একটা তুচ্ছ ছেলেমানষির জ্ঞে এত লোকসান ? তোমার সথ হয়েছে তুমি থাও। ভারপর আমার উপর জোর দেখাতে চাইল, গায়ের জোর—'

'লম্পট, হুক্তরিত্র !' গর্জন ক'রে উঠল সোমনাথ।

'আমার সঙ্গে চালাকি! একটা ঘূরনা মেরে ক্লিন্ বেরিয়ে এলাম।' 'দরজা বন্ধ করতে পারে নি তো ?'

'সেই দিকে আমি থুব সজাগ ছিলাম। দরজার কাছে-কাছেই ছিলাম যাতে হঠাং না বন্ধ করতে পারে। আর বন্ধ করলেই বা কি, ধস্তাধস্তিতে পারত নাকি আমার দকে?' স্থবলিত বাছর একটা ঝন্ধার দিল মছয়।

'উ:, কি বিপদ থেকেই না বক্ষা পেয়েছ।' প্রায় স্তবের মতো স্থবে

বললে দোমনাথ। তারপর হঠাৎ কৌতৃহল মিশিয়ে: 'পুলিশ কি বলছে ধ'

'স্তাইসাইড।'

বাবা-দাদাদের কাছেও থবর করেছে পুলিশ।

বাব। চিঠি লিখেছে মহুয়ার শুন্তুরমশায়ের কাছে, ক্ষমা চেয়ে। কোনোই নীতিশিক্ষা ধর্মশিক্ষা হয় নি। ছেলেবয়স থেকেই পথলান্ত। তাই এই পরিণাম। আপনাদের সম্প্রাস্ত পরিবার, আপনাদের বাড়িতে উঠে আপনাদেরকেই বিব্রত করল লাঞ্জিত করল আমার এ ত্রংগও তুবহ।

বড়দা নিজে এল সনাক্ত করতে। বিড়ম্বিত পরিবারকে সান্ধনা জানাতে। বলছে, 'একটা আন্ত মস্ত ইডিয়ট। কলেজে পড়লে কি হবে এক পিপে ধোয়া। থালি বাজে ইয়ারবদ্ধদের সঙ্গে মিশেছে, সিগরেট ফ্কেছে। নইলে কেউ মরে ৮ মরবি তো এমনি একটা অভিনয় করার কি দরকার ? মাসে-মাসে আমার টাকার আদ্ধ করেছে, তা দিয়ে দেখেছে কেবল সিনেমা নয়তো কিনেছে যত ছবিওলা বিদেশী পত্রিকা! শুণু শুণু একটা নিরীহ ভক্ত পরিবারকে বিপদ্ম করা। কোখায় লোকে পরের জত্যে জীবন দেয়, তা নয়, এ হচ্ছে পরের জীবনকে মাটি করার চেষ্টা।

সোমনাথের মনের চেহার। আরো বৈজ্ঞানিক।

বিষের আগে বড়ো হচ্ছে আজকালকার মেয়েরা, এমনি একআধটা ঘটনা না হওয়াটাই অস্বাভাবিক। ইস্থলের নিচু ক্লাদের
মেয়েদেরও জিগ্গেস করে।, তাদেরও এক বা একাধিক লাভার
আছে। লাভার খাকাটাই ফ্যাশান। এতে লোষের কি। তা হ'লে
ছেলেবেলা মাম্প্র হওয়াও লোষের।

পর্বতের চূড়ার মতন তার স্বামী। এই ঢাক কেলে মহুয়া একটা ট্যামটেমির দক্ষে চলেছিল!

'চলো তোমাকে কলকাতায় নিয়ে যাই।'

মা-বাবা আর বাধা দিলেন না। স্বর্ণময়ী বললেন. 'তারই জন্তে তোকে এনেছি তার ক'রে। এখানে লোকের তো থেয়েদেয়ে কাজ নেই. কেবল বউ দেখতে বাডিতে ভিড করবে।

'ষেন ঝাঁসির রানি।' স্বামী-স্ত্রীতে ছু-জনেই থেসে উঠল। 'সব ব্যাপার তো বুঝবে না, নিন্দে করবে।'

'তা হ'লে তরকারি কুটতে গিয়ে আঙুল কেটে ফেললেও যেন নিন্দে করে।' স্বামী-স্ত্রীর আবার সন্মিলিত হাসি।

সেই থেকেই মন্তয়া কেবল হাসে। কেবল হাসে। কথায়-অকথায় হাসে। এক মূহুর্ত তার ন্তন্ধ থাকার, বিমনা থাকার, গন্তীর থাকার উপায় নেই। সব সময়ে সে হাসে। সাজে-গোজে। উৎসবের মশাল জেলে বেড়ায়।

লোকে বলে, ব্যারাম।

মছয়া বলে, হাদব না ভো কি। আমার নামই যে গাদি।

ক'টা, দিন এ-মেসে ও-মেসে কাটিয়ে সম্প্রতি একটা ছু-কুঠুরি ফ্লাট পেয়েছে পোমনাথ। আর তাতে সংসারের জলতরঙ্গ বাজাচ্ছে মহয়।।

সোমনাথের সঙ্গে মাঝে-মাঝে ঝগড়া হবার উপক্রম হয়। ঝগড়া জমতে দেয় না। চট ক'রে হেনে ফেলে। স্বামীর সোনার থালে অভিমানের জাউ থাবার তার সাধ নেই।

জানলায় বদে না। অভ্যমনস্থ হয় না। মূথভার ক'রে থাকে না। জোবে নিখাস ফেলে না। ঘূমোয় না অসময়ে। শতসহস্র কাজ করে। বৃষ্টিতে ভেজে না। চাঁদ দেখে না। চুল আবাধা রাখে না। উপক্রাস পড়ে না। পুরোনো বাক্সপত্তর ঘাঁটে না। স্বামীকে নিয়ে এখানে-ওখানে বেড়াতে যায়। যত রাজ্যের ফাংশান হচ্ছে শহরে তার টিকিট কনে।

আর থেকে-থেকে বাডিতে উৎসব করে।

একে নেমস্তর ওকে নেমস্তর। যাতে লোকের সামনে নিজের সাফল্য নিজের চরিতার্থতা জাহির করতে পারে। অলকে নিজের স্থুখটা দেখাতে না পারা পর্যন্ত স্থুখ নেই।

প্রথমে বিয়ের বার্ষিকীটা করল।

পরে সোমনাথের জন্মদিন।

নিজের জন্মদিনটাও করবে নাকি ? দেখি ওঁর মনে আছে কিনা। শ্বীর জন্মদিনের উত্তোগ-আগ্রহ তো স্বামীর দিক থেকেই আসা উচিত।

কিন্তু উচিত ভেবে তো চুপ ক'রে থাকা চলে না। আরেকটা উৎসবের স্থযোগ হেলায় নষ্ট করি কেন ? অভিমান ক'রে লাভ কি। ক'টা স্বামীই বা শ্বীর জন্মদিন মনে ক'রে রাথে।

স্বামীর গলা জড়িয়ে ধ'রে মছয়া বললে, 'আজ আমার জন্মদিন. তোমার থেয়াল নেই ?'

'আশ্চর্য, আমার কি ভূলে। মন !' সোমনাথ আনন্দে সাড়া দিয়ে উঠল : 'কাকে-কাকে নিমন্ত্রণ করছ ?'

'কাউকে না। 📆 তুমি আর আমি।' 🕟

'না, না, আপিদের বন্ধুদের বলি। তারা দম্বীক আস্থক। তাদের স্ত্রীরাও তো তোমার বন্ধু।'

আয়োজন ২'য়ে গেল। হৈ-হৈ কাণ্ড রৈ-রৈ ক্ষর্তি। ঝলমলে দামি শাড়ি দিয়েছে সোমনাথ। রাত্রে সেই শাড়ি প'রে স্থামীর কোলে নিজেকে ঢেলে দিয়েছে মহুয়া। বললে, 'কি স্থানর স্থামাকে দেখাছে বলো তো।'

মছয়ার চুলের মধ্যে হাত বুলুতে-বুলুতে সোমনাথ বললে, 'কিছে। আদ্ধ তো তোমার জন্মদিন নয়।'

'নয় ?' এক ফুঁয়ে সমস্ত মূখ যেন নিবে গেল মহুয়ার। ঝটকা মেরে উঠে প'ড়ে বললে, 'সে কি, আজুই তো একুশে ভাদ্র।'

'তুমি ভূলে যাচ্ছ তোমার জন্মদিন এগারোই। যেদিন—' 'যেদিন—' যেন আরেক জগৎ থেকে কথা বলছে মহন্না। 'যেদিন অমলেশ তোমার কাছে এদে মরে। মনে নেই ?'

'মক্ষক। দবই তো ম'রে গেছে। অতীতের দবই যদি ম'রে গেল জন্মদিনটাও কি মরবে না ?' হোহো ক'রে হেদে উঠল মছয়া।

সোমনাথের মনে হ'ল সবই মরে। দিন মরে রাত মরে রূপ মরে ধৌবন মরে কাম মরে প্রেম মরে, কিন্তু কালা মরে না।